বার্ষিক প্রতিবেদন

২০১৮-২০১৯

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বঙ্গাবন্ধু ও শিল্প মন্ত্রণালয়

১৯৫৬ সালে যুক্তফ্রন্ট সরকারের শাসনকালে বাংলাদেশের স্বাধীনতার মহানায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান শিল্পমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। কোয়ালিশন সরকারের শিল্পমন্ত্রী বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের দীর্ঘ লালিত স্বপ্ন ছিল বাংলাদেশের অর্থনীতিকে শক্তিশালী ভিত্তির ওপর দাঁড় করানো। তিনি তৃণমূল পর্যায়ে শ্রমঘন শিল্পায়নের ধারা বেগবান করে টেকসই ও সুষম অর্থনৈতিক উন্নয়নের পথে দেশকে এগিয়ে নিতে চেয়েছিলেন। বাংলাদেশের শিল্পায়নের রূপকার বঙ্গাবন্ধুর সে স্বপ্নের উপর ভিত্তি করেই বঙ্গাবন্ধুর সুযোগ্য উত্তরসূরী বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্য স্থির করেছেন । আজকের বাংলাদেশ উন্নয়নশীল বিশ্বের রোল মডেল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিল্প সমৃদ্ধ মধ্যম আয়ের বাংলাদেশ গড়ার অঙ্গীকার ইতোমধ্যে দেশের সার্বিক চিত্র প্রায় বদলে দিয়েছে। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এসডিজির লক্ষ্যমাত্রাকে সমন্বিত করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় এসডিজি লক্ষ্যমাত্রা -৯: 'শিল্প উদ্ভাবন ও অবকাঠামো' বাস্তবায়নে ক্ষুদ্র শিল্পসহ অন্যান্য উদ্যোক্তাদের আর্থিক সুবিধা ও স্বল্পসুদে ঋণপ্রদান, পণ্য বহুমুখীকরণ, মূল্য সংযোজনের অনুকূল পরিবেশ তৈরি, অবকাঠামো উন্নয়নসহ শিল্প কারখানার সংস্কার, পরিবেশবান্ধব প্রযুক্তি ও শিল্পপণ্য উৎপাদনের মাধ্যমে টেকসই শিল্পায়নের প্রসার করে জিডিপিতে শিল্পখাতের অংশ বৃদ্ধিতে সচেষ্ট। ফলে জাতীয় অর্থনীতিতে শিল্পখাতের অবদান ক্রমেই জোরদার হচ্ছে। দেশব্যাপী টেকসই ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের দ্রুত প্রসার ঘটছে।

১৯৫৬ সালে যুক্তফ্রন্ট সরকারের শিল্পমন্ত্রী থাকাকালে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান

সূচিপত্র

বাণী	
প্রধানমন্ত্রীর বাণী	
শিল্পমন্ত্রীর বাণী	
শিল্প প্রতিমন্ত্রীর বাণী	
মন্ত্রিপরিষদ সচিবের বাণী	
প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের বাণী	
শিল্প সচিবের কথা	
আহবায়কের কথা	
প্রথম অধ্যায়: শিল্প মন্ত্রণালয়ের পরিচিতি	পৃষ্ঠা ১
১.০ পরিচিতি	১
১.১ ভিশন	১
১.২ মিশন	১
১.৩ কার্যবন্টন	১
১.৪ অনুবিভাগসমূহের কার্যক্রম	২
দ্বিতীয় অধ্যায়: ২০১৮-১৯ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন	১৫
২.০ উন্নয়ন বাজেট বাস্তবায়ন	১৫
২.১ ২০১৮-১৯ অর্থবছরে প্রণীত আইন ও নীতি	১৬
২.২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	১৬
২.৩ সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন	১৭
২.৪ টেকসই উন্নয়ন অভীষ্ট অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন	১৭
২.৫ দপ্তর/সংস্থাসহ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন	১৭
২.৬ শিল্প উদ্যোক্তাদের উৎসাহ প্রদানে বিভিন্ন পুরস্কার ও মেলা আয়োজন	১৮
২.৭ চুক্তি ও সমঝোতা স্মারক	১৯
২.৮ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০
২.৯ ই-গভর্নেন্স ও ই নথি	২০
২.১০ মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার গুরুত্বপূর্ণ কতিপয় বিষয়	২০
তৃতীয় অধ্যায়: রিফর্মস	২৫
চতুর্থ অধ্যায়: অভিযোগ প্রতিকার	৩৩
পঞ্চম অধ্যায়: মানব সম্পদ	৩৪
৫.০ জনবল	৩৪
৫.১ নিয়োগ/পদোন্নতি	৩৬
৫.২ অবসর গ্রহণ	৩৯
৫.৩ প্রশিক্ষণ	৪০
৫.৪ সেমিনার/কর্মশালা/সম্মেলন ও ভ্রমণ পরিদর্শন	৪১
৬ষ্ঠ অধ্যায়: বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ	৪২
সপ্তম অধ্যায়: নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ	৪৮
অষ্টম অধ্যায়: টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন পরিকল্পনা	৫৮
নবম অধ্যায়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন ও মনিটরিং	৬৬

দশম অধ্যায়: শিল্প মন্ত্রণালয়ের বাজেট ও অডিট	৬৭
১০.০ দপ্তর/সংস্থার উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট/পরিচালন ব্যয়	৬৭
১০.২ নিজস্ব আয় ও জিওবি	৬৭
১০.৩ উন্নয়ন বাজেট	৬৮
১০.৪ প্রকল্প বাস্তবায়ন	৬৮
১০.৫ অডিট আপত্তি	৭২
একাদশ অধ্যায়: প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন	৭৪
১১.১ প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি	৭৪
১১.২ নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি	৭৬
দ্বাদশ অধ্যায়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	৯০
ত্রয়োদশ অধ্যায়: মামলা	৯৩
চর্তুদশ অধ্যায়: অন্যান্য উল্লেখযোগ্য বিষয়াদি	৯৪
১৪.০ মন্ত্রণালয় দপ্তর/সংস্থা কর্তৃক মেলা আয়োজন	৯৪
১৪.১ মন্ত্রণালয় দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশনা	৯৪
১৪.২ বিভিন্ন পুরস্কার	৯৪
পঞ্চদশ অধ্যায়: শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার পরিচিতি ও গুরুত্বপূর্ণ কার্যক্রম	
(১) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি)	**১০১**
(২) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি)	**১১৩**
(৩) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)	**১২৩**
(৪) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)	**১৩৫**
(৫) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)	**১৪৭**
(৬) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	**১৫৩**
(৭) বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)	**১৬১**
(৮) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)	**১৬৭**
(৯) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)	**১৭৫**
(১০) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	**১৮১**
(১১) বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)	**১৮৭**
(১২) ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই)	**১৯৫**
ষোড়শ অধ্যায়: ২০১৮-২০১৯ অর্থবছরে আলোকচিত্রে শিল্প মন্ত্রণালয়	**১৯৭**

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯

বাণী

শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থায় ২০১৮-২০১৯ অর্থবছরে সম্পাদিত কার্যক্রমের বিবরণ সংবলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। আমি এ প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৬ সালে তৎকালীন পূর্ব-পাকিস্তান সরকারের শিল্প, বাণিজ্য, শ্রম, দুর্নীতি প্রতিরোধ এবং গ্রামীণ সহায়তা মন্ত্রণালয়ের মন্ত্রী থাকাকালে এ অঞ্চলে শিল্পায়নের বীজ বপন করেছিলেন। স্বাধীনতার পর পরই তিনি পরিত্যক্ত শিল্প-কারখানা জাতীয়করণ করেন।

বর্তমান আওয়ামী লীগ সরকার দেশে শিল্পায়ন বৃদ্ধিতে একটি আধুনিক ও যুগোপযোগী শিল্প নীতি ঘোষণা করেছে। শিল্পের বহুমুখীকরণে আমরা কাজ করে যাচ্ছি। দেশব্যাপী পরিবেশবান্ধব শিল্পখাতের দ্রুত প্রসার ঘটছে। নারী উদ্যোক্তাবান্ধব নীতির ফলে শিল্পখাতে নারীদের অংশগ্রহণ জোরদার হচ্ছে। দেশে ও বিদেশে নতুন বাজার সৃষ্টির জন্য আমরা কাজ করে যাচ্ছি। নতুন উদ্যোক্তা সৃষ্টিতে বিভিন্ন প্রণোদনা ও সুবিধা প্রদান করা হচ্ছে। আমাদের শিল্প সহায়ক কর্মসূচির ফলে জিডিপি'তে শিল্পখাতের অবদান ৩৫.১৫ শতাংশ অতিক্রম করেছে।

শিল্প মন্ত্রণালয় বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ বাস্তবায়নে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। অধিকন্তু, রূপকল্প ২০২১ এবং টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ অর্জনের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি, পণ্যের গুণগতমান উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নতুন শিল্প উদ্যোক্তা তৈরী, পরিবেশবান্ধব শিল্পায়ন সর্বোপরি জনসাধারণের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। আমাদের সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে শিল্প সমৃদ্ধ, উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে বদ্ধপরিকর।

আমি আশা করি, বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ এ বিধৃত কর্মকাণ্ড শিল্প মন্ত্রণালয়ের ভবিষ্যতের কর্মপ্রয়াসকে আরও গতিশীল করবে। আমি শিল্প মন্ত্রণালয় তথা দেশের সার্বিক কল্যাণ কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এম.পি
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

বাণী

শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর ও সংস্থাগুলোর কার্যক্রমের তথ্যভিত্তিক **'বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯'** প্রকাশ হচ্ছে জেনে আমি আনন্দিত। এ প্রকাশনার সাথে সম্পৃক্ত সবাইকে আমি আন্তরিক শুভেচ্ছা জানাই।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অর্থনৈতিক দর্শনের আলোকে ২০২১ সালের মধ্যে শিল্পসমৃদ্ধ মধ্যম আয়ের এবং ২০৪১ সাল নাগাদ উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ আওয়ামী লীগ সরকারের রাজনৈতিক অঙ্গীকার । এ অঙ্গীকার পূরণে বঙ্গবন্ধুর সুযোগ্য উত্তরাধিকার, বিশ্ব বরেণ্য নেতা, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সদয় নির্দেশনা অনুযায়ী শিল্প মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশব্যাপী টেকসই ও পরিবেশবান্ধব শিল্পখাত গড়ে তোলার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ এর সফল বাস্তবায়নে আমরা নিরন্তর প্রয়াস অব্যাহত রেখেছি। এর ফলে শিল্পখাতে ব্যাপক গুণগত পরিবর্তন এসেছে এবং মোট দেশজ উৎপাদনে (জিডিপি) শিল্পখাতের অবদান ক্রমেই বেড়ে চলেছে। ২০১৮-২০১৯ অর্থবছরে জিডিপিতে শিল্পখাতের অবদান ৩৫.১৫ শতাংশে উন্নীত হয়েছে, যা ২০১৭-১৮ অর্থবছরে ছিল ৩৩.৭১ শতাংশ।

বিগত এক বছরে শিল্পখাতের উন্নয়নে শিল্প মন্ত্রণালয় বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। ২০১৮-২০১৯ অর্থবছরের আরএডিপিতে মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর অনুকূলে মোট বরাদ্দের ৯৯.৩০ শতাংশ ব্যয় করা সম্ভব হয়েছে, যা বিগত অর্থবছরে ছিল ৭৫.৪২ শতাংশ। এ সময় গুরুত্বপূর্ণ ৪টি আইন ও ২টি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উদীয়মান চামড়া শিল্পের প্রসারে রাজধানীর হাজারীবাগ থেকে সকল ট্যানারি কারখানা সাভারে পরিবেশবান্ধব চামড়া শিল্পনগরীতে স্থানান্তর, চামড়া শিল্পনগরীর সার্বিক কার্যক্রম বাস্তবায়ন, কেন্দ্রীয় বর্জ্য শোধনাগারের (সিইটিপি) ৪টি মডিউল চালু, চামড়া শিল্পনগরী পরিচালনার জন্য কোম্পানি গঠন, চামড়া ও চামড়াজাতপণ্য উন্নয়ন নীতিমালা-২০১৯ মন্ত্রিপরিষদে অনুমোদন এবং রাজশাহী ও চট্টগ্রামে দু'টি চামড়া শিল্পনগরী গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। দেশব্যাপী সুষ্ঠু সার ব্যবস্থাপনার পাশাপাশি অভ্যন্তরীণ উৎপাদন থেকে নিরবচ্ছিন্নভাবে ইউরিয়া সারের যোগান নিশ্চিত করতে বার্ষিক ১০ লাখ মেট্রিক টন ইউরিয়া সার উৎপাদন ক্ষমতাসম্পন্ন অত্যাধুনিক প্রযুক্তির শক্তি সাশ্রয়ী ঘোড়াশাল-পলাশ ইউরিয়া সার কারখানা স্থাপন, ১৩টি বাফার গুদাম নির্মাণ, ৩৪টি বাফার গুদাম নির্মাণ প্রকল্প একনেকে অনুমোদন, কেমিক্যাল গোডাউন স্থানান্তর, 'বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ চলমান রয়েছে।

ওষুধ শিল্পের প্রসারে মুন্সীগঞ্জ জেলার গজারিয়ায় এপিআই শিল্পপার্ক স্থাপন প্রকল্পের বাস্তবায়ন কাজ প্রায় সমাপ্তির পথে। জাতীয় অর্থনীতিতে অপ্রাতিষ্ঠানিক শিল্পখাতের অবদান জোরদারে অপ্রাতিষ্ঠানিক শিল্পনীতিমালার খসড়া প্রণয়ন করা হয়েছে। শিল্পখাতে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য পূরণে প্রিজম প্রকল্পের আওতায় ১ লাখ ৩০ হাজার জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে, যাদের মধ্যে ৪০ ভাগ আত্মকর্মসংস্থান এবং ৬০ ভাগের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। ভৌগোলিক নির্দেশক পণ্যের মালিকানা সুরক্ষায় জামদানি ও ইলিশের পর খিরসাপাত আমকে জিআই পণ্য হিসেবে নিবন্ধন দেয়া হয়েছে। প্রথমবারের মত জাতীয় শিল্প মেলা ২০১৯ সফলভাবে আয়োজন করা হয়েছে। এছাড়া, অটোমেটিক Hollow Bricks উৎপাদনকে শিল্প হিসেবে ঘোষণা, আখ চাষিদের বকেয়া পাওনা পরিশোধ, লবণ চাষিদের স্বার্থে চলতি বছর ভোজ্য লবণ আমদানি নিষিদ্ধকরণ, জনস্বাস্থ্য সুরক্ষায় লাইসেন্সবিহীন পানি বাজারজাতকারীদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ এবং জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বাড়াতে দশ বছরমেয়াদি 'ন্যাশনাল প্রোডাক্টিভিটি মাস্টার প্ল্যান' প্রণয়ন করা হয়েছে। একই সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে 'বঙ্গবন্ধু শিল্প পুরস্কার' প্রবর্তনের উদ্যোগ নেয়া হয়েছে। বিগত এক বছরে শিল্প মন্ত্রণালয় গৃহীত এসব ইতিবাচক উদ্যোগের ফলে দেশের শিল্পখাত উজ্জীবিত হয়েছে। শিল্পখাতে উন্নয়নের চলমান অভিযাত্রা অব্যাহত রেখে নির্ধারিত সময়ের আগেই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত রূপকল্পের সফল বাস্তবায়ন সম্ভব হবে বলে আমার বিশ্বাস।

শিল্প মন্ত্রণালয় প্রণীত বার্ষিক প্রতিবেদনটি গত অর্থবছরে মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাগুলোর সামগ্রিক কর্মকাণ্ডের একটি প্রামাণ্য দলিল। এর মাধ্যমে সংশ্লিষ্ট অংশীজনরা শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা পাবেন। এটি জনগণের তথ্য প্রাপ্তির অধিকারও জোরদার করবে।

আমি শিল্প মন্ত্রণালয় প্রকাশিত **'বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯'** এর বহুল প্রচার কামনা করছি।

২১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

(নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি)

কামাল আহমেদ মজুমদার, এম.পি

প্রতিমন্ত্রী

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ঢাকা

বাণী

শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় আমি আনন্দিত। এই সৃজনশীল উদ্যোগের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আমি অভিনন্দন জানাই।

অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য টেকসই শিল্পখাতের বিকাশ ঘটানো অপরিহার্য। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশীয় কাঁচামালভিত্তিক শিল্পায়নের ধারা জোরদার করার উদ্যোগ গ্রহণ করেছিলেন। কৃষি ও শিল্পখাতের যুগপৎ উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিকে একটি শক্তিশালী অবস্থানে নিয়ে যাওয়ার স্বপ্ন তিনি দেখেছিলেন। জাতির পিতার অপূর্ণ স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এর ফলে ইতোমধ্যে দেশের শিল্পখাতে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ নির্দেশনায় জাতীয় শিল্পনীতি ২০১৬ প্রণীত হওয়ার ফলে দেশে উৎপাদনশীল শিল্পায়নের একটি নতুন শক্তিশালী যাত্রা শুরু হয়েছে। ইতোমধ্যে জিডিপিতে শিল্পখাতের অবদান ৩৫.১৫ শতাংশে উন্নীত হয়েছে। আমাদের লক্ষ্য ২০২১ সালের মধ্যে জিডিপিতে শিল্পখাতের অবদান ৪০ শতাংশ ও শিল্পখাতে শ্রমশক্তি নিযুক্তির হার ২৫ শতাংশে উন্নীত করা। এ লক্ষ্য অর্জনে সরকার শিল্পখাতের সম্প্রসারণে বিশেষ গুরুত্বারোপ করার ফলে রপ্তানি আয় বৃদ্ধির সঙ্গে বিপুল পরিমাণ জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। সুনির্দিষ্ট পরিকল্পনার ভিত্তিতে শহর-গ্রাম নির্বিশেষে দেশের সর্বত্র স্থানীয় কাঁচামালভিত্তিক ক্ষুদ্র ও মাঝারি শিল্পের গুচ্ছ শিল্পাঞ্চল গড়ে তোলার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। কৃষিনির্ভর অর্থনীতি থেকে বেরিয়ে এসে দেশকে শিল্পনির্ভর অর্থনীতিতে উন্নীত করতে দেশজুড়ে নতুন ১০০টি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের প্রক্রিয়া দ্রুত এগিয়ে চলছে। এসব শিল্পাঞ্চলে দেশি-বিদেশি বিনিয়োগে পরিবেশবান্ধব আধুনিক ও ভারি শিল্প গড়ে তোলা হবে, যার ফলে নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য অর্জন সম্ভব হবে বলে আমার বিশ্বাস।

আমি আশা করি, বার্ষিক রিপোর্ট ২০১৮-২০১৯ -এ শিল্প মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মকাণ্ডের সার্বিক চিত্র তুলে ধরা হবে। এই প্রতিবেদন থেকে শিল্প মন্ত্রণালয় বিগত অর্থবছরের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে অংশী জনগণ একটি সম্যক ধারণা পাবেন। এতে জনগণের তথ্য প্রাপ্তির অধিকার আরও জোরদার হবে বলে আমি মনে করি। আমি এই প্রকাশনার সার্বিক সাফল্য ও বহুল প্রচার কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

০৮.০৭.১৯

কামাল আহমেদ মজুমদার এমপি

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল:
cab_secy@cabinet.gov.bd

বাণী

বার্ষিক প্রতিবেদন যে কোন মন্ত্রণালয়ের জন্য দর্পণস্বরূপ। বার্ষিক প্রতিবেদন অবলোকন করে মন্ত্রণালয়ের সার্বিক কর্মকাণ্ড ও সক্ষমতা অনুধাবন করা যায়। বার্ষিক প্রতিবেদনেই প্রতিফলিত হয় মন্ত্রণালয়ের প্রক্ষেপন, অর্জন এবং সাফল্য-ব্যর্থতার বিশ্লেষণ। শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম ভিত্তিক *বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯* প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। মেধা ও শ্রম দিয়ে এ সৃজনশীল প্রকাশনার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যারা সম্পৃক্ত তাদের সকলকে আমি আন্তরিক শুভেচ্ছা ও সাধুবাদ জানাচ্ছি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্মৃতি বিজড়িত শিল্প মন্ত্রণালয় একটি ঐতিহ্যবাহী ও স্বনামধন্য মন্ত্রণালয়। বাংলাদেশে শিল্পায়নের স্বপ্নযাত্রা শুরু হয়েছিল এ মন্ত্রণালয়ের মাধ্যমে বঙ্গবন্ধুর শিল্প পরিকল্পনা ও প্রত্যক্ষ তত্ত্বাবধানে। বঙ্গবন্ধুর সেই স্বপ্নের সোনালি পথ ধরে দেশে বহুমুখী শিল্পায়নের ধারা জোরদারে শিল্প মন্ত্রণালয় অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনা জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নের প্রত্যয়ে শিল্পসমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে *রূপকল্প ২০২১* এবং *রূপকল্প ২০৪১* ঘোষণা করে দেশকে উন্নয়নের যে মহাসড়কে তুলে দিয়েছেন-সেই ধারাকে আরো বেগবান করার ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের ভূমিকা অগ্রগণ্য। জাতীয় *শিল্পনীতি ২০১৬, এসডিজি ২০৩০, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০১৬-২০* এবং *ডেল্টা পরিকল্পনা ২১০০* এর দর্শন সমন্বিত করে সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর শিল্পখাত সংশ্লিষ্ট এজেন্ডাসমূহ বাস্তবায়নে প্রধান অনুঘটক হিসেবে নিরন্তর কাজ করে যাচ্ছে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ। শিল্প মন্ত্রণালয়ের এই সমন্বিত প্রয়াস মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও সুস্পষ্টভাবে বিধৃত হয়েছে।

বৈদেশিক বিনিয়োগ আকৃষ্টকরণ, দেশীয় বিনিয়োগ উৎসাহিতকরণ, শিল্পোৎপাদন বৃদ্ধি, ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি, জনগণের আয় ও জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করতে শিল্পায়নের ভূমিকা সর্বাধিক। এ লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় ক্ষুদ্র, মাঝারি ও ভারি শিল্পের বিকাশ ও বিনিয়োগবান্ধব যে পরিবেশ সৃষ্টি করে যাচ্ছে তা প্রশংসনীয়।

দ্বিতীয় ও তৃতীয় শিল্প বিপ্লবের পথ পেরিয়ে বিশ্বে এখন যে চতুর্থ শিল্প বিপ্লবের সূচনা হয়েছে, সেই ডিজিটাল বিপ্লবে সামিল হয়ে শিল্পোন্নয়নের মাধ্যমে দেশকে বৈশ্বিক উন্নয়নের ধারায় ধরে রাখতে শিল্প মন্ত্রণালয়কেই নিতে হবে মুখ্য ভূমিকা।

বছর ভিত্তিক প্রকাশিত এই প্রতিবেদন শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রমে স্বচ্ছতা বৃদ্ধি, জবাবদিহিতা স্থাপন, তথ্য অবহিতকরণ এবং সর্বোপরি সুশাসন প্রতিষ্ঠায় ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

আমি শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত *বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯* এর সাফল্য কামনা করছি।

১২.০৯.১৯

(মোহাম্মদ শফিউল আলম)

মোঃ নজিবুর রহমান
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাগুলোর কার্যক্রমের উপর ভিত্তি করে বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ প্রকাশ হচ্ছে জেনে আমি খুশি হয়েছি। এ ধরণের প্রতিবেদন একটি গতিশীল মন্ত্রণালয়ের প্রতিচ্ছবি হিসেবে বিবেচিত হয়ে থাকে।

শিল্পখাত বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকা শক্তি। টেকসই শিল্প খাতের বিকাশ ছাড়া উচ্চতর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন সম্ভব নয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজীবন বাঙালি জাতির অর্থনৈতিক মুক্তি ও সমৃদ্ধির স্বপ্ন দেখেছেন। বঙ্গবন্ধুর অর্থনৈতিক দর্শনের আলোকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ নেতৃত্বে বর্তমান সরকার রূপকল্প ২০২১ ও ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং সরকারের নির্বাচনী ইশতেহারের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করছে। বর্তমানে মোট দেশজ উৎপাদনে শিল্পখাতের অবদান ৩৫.১৫ ভাগ। আগামী ২০২১ সালে ৪০ ভাগে উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ সময় শিল্পখাতে ২৫ ভাগ কর্মসংস্থান নিশ্চিত করা হবে।

টেকসই শিল্পখাত ছাড়া অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন সম্ভব নয়। শ্রমঘন এসএমই খাতের বিকাশ, ভারী ও মৌলিক শিল্পকেন্দ্রিক বহুমাত্রিক সংযোজন শিল্প স্থাপন, রপ্তানি পণ্য বহুমুখীকরণ, কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্পখাতের বিকাশ, স্থানীয় কাঁচামাল নির্ভর শিল্প স্থাপন, তরুণ উদ্যোক্তা সৃষ্টি, শিল্প খাতের নতুন উদ্ভাবন ও গবেষণা জোরদার, রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানসমূহের সংস্কার, মেধাসম্পদ রক্ষাসহ আরো অনেক গুরুত্বপূর্ণ কার্যক্রম ২০১৮-২০১৯ অর্থবছরে শিল্প মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত হয়ে আসছে। এ মন্ত্রণালয় সুশাসনের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, কর্মক্ষেত্রে শুদ্ধাচারের প্রয়োগ, সেবাদান প্রতিশ্রুতি অনুসরণসহ আধুনিক জনকল্যাণমুখী কর্মকৌশলসমূহের প্রয়োগ নিবিড় করেছে।

শিল্প মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের সার্বিক কর্মকাণ্ডের উপর ভিত্তি করে প্রকাশিত তথ্যাদির আলোকে এ প্রতিবেদনটি মন্ত্রণালয় সম্পর্কে সকলে স্বচ্ছ ধারণা পাবেন। বাংলাদেশের শিল্পখাতে গুনগত পরিবর্তন আনয়নে শিল্প মন্ত্রণালয়ের এ ধরণের কার্যক্রম প্রশংসনীয়। আমি আশা করি এ কর্মস্পৃহা ধরে রেখে নির্ধারিত সময়ের মধ্যোই শিল্প মন্ত্রণালয় নির্ধারিত লক্ষ্য অর্জনে সক্ষম হবে।

মোঃ নজিবুর রহমান

মোঃ আবদুল হালিম
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

শিল্প সচিবের কথা

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের এবং ২০৪১ সাল নাগাদ উন্নত সমৃদ্ধ দেশে উন্নীত করার যে লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে এর অন্যতম পূর্বশর্ত হচ্ছে শিল্পায়ন। এ লক্ষ্যে দেশে শিল্পের উন্নয়ন ও প্রসারে শিল্প মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশী বিদেশী শিল্পোদ্যোক্তাদের আকৃষ্ট করার লক্ষ্যে জাতীয় শিল্পনীতি ২০১৬ এ বিভিন্ন প্রণোদনার সংস্থান রাখা হয়েছে। এর ফলে শিল্পখাতে সামগ্রিকভাবে ইতিবাচক পরিবর্তন ঘটেছে। একই সাথে শ্রমঘন ক্ষুদ্র, কুটির, মাঝারি ও বৃহৎ শিল্পের বিকাশে নীতি সহায়তা বাড়ানো হয়েছে। তাছাড়া রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্পপ্রতিষ্ঠানের লোকসান কমিয়ে আনার উদ্দেশ্যে ২০১৮-২০১৯ অর্থবছরে বিভিন্ন সংস্কারমূলক কার্যক্রম হাতে নেয়া হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও ব্যক্তিগত কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মক্ষমতা বৃদ্ধিসহ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে।

দেশে টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়নের পরিবেশ বেগবান করার উদ্যোগ নেয়া হয়েছে। তাছাড়া বেসরকারি উদ্যোক্তাদের উৎসাহিত করার জন্য শিল্প মন্ত্রণালয় ধারাবাহিকভাবে রাষ্ট্রপতির শিল্প-উন্নয়ন পুরস্কার, সিআইপি (শিল্প) পুরস্কার ও ন্যাশনাল প্রোডাক্টিভিটি অ্যান্ড কোয়ালিটি অ্যাক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করে আসছে। এর ফলে জিডিপিতে শিল্পখাতের অবদান দিন দিন বৃদ্ধি পাচ্ছে, যা ২০০৭-২০০৮ অর্থবছরে ১৭.৭৭ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে ৩৫.১৫ শতাংশে উন্নীত হয়েছে।

প্রতি বছরের ন্যায় এবারও শিল্প মন্ত্রণালয় বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে। এতে মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মকাণ্ডের সার্বিক চিত্র তুলে ধরা হয়েছে। আমার বিশ্বাস সব শ্রেণীর মানুষ এ থেকে শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে। প্রতিবেদনটি প্রকাশের সাথে জড়িত সকলকে আমি ধন্যবাদ জানাই।

মোঃ আবদুল হালিম

অতিরিক্ত সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ও
আহবায়ক
বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটি
শিল্প মন্ত্রণালয়
ঢাকা

আহবায়কের কথা

একটি অগ্রসর জাতির অর্থনৈতিক বিকাশে টেকসই শিল্পায়নের ভূমিকা অপরিহার্য। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে কৃষিভিত্তিক অর্থনীতিকে শিল্পভিত্তিক অর্থনীতিতে রূপান্তর করার ভিশনকে সামনে রেখে শিল্প মন্ত্রণালয় উন্নত, সমৃদ্ধ ও শিল্পভিত্তিক আধুনিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সার্বক্ষণিক দিক-নির্দেশনায় বিগত ১০ বছরে শিল্প মন্ত্রণালয় শিল্প খাতের বিকাশ ও দেশি- বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে সময়োপযোগী নতুন নীতি, আইন ও বিধিমালা প্রণয়ন করেছে। এর ফলে শিল্প খাতের সামগ্রিক ব্যবস্থাপনায় গুনগত পরিবর্তন এসেছে। শিল্পকারখানা সমূহের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। সামগ্রিকভাবে জাতীয় অর্থনীতিতে এসকল উদ্যোগের ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হচ্ছে। ২০১৮-১৯ অর্থবছরে জাতীয় আয়ে শিল্পখাতের অবদান ৩৫.১৫ শতাংশে উন্নীত হয়েছে। ২০০৭-০৮ অর্থবছরে যার পরিমাণ ছিল মাত্র ১৭.৭৭ শতাংশ।

টেকসই ও জ্ঞানভিত্তিক শিল্পায়নের লক্ষ্য অর্জনে ২০১৮-১৯ অর্থবছরে শিল্প মন্ত্রণালয় কর্তৃক বেশ কিছু গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় আইন, পলিসি ও বিধি ইতোমধ্যেই নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় উপস্থাপন করা হয়েছে। বিদেশি বিনিয়োগ আকৃষ্ট ও আন্তর্জাতিক সম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে বন্ধুপ্রতিম রাষ্ট্র সৌদি আরবসহ অন্যান্য দেশের সাথে একাধিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। টেকসই ও পরিবেশবান্ধব শিল্পের স্বার্থে চামড়া শিল্প, বিভিন্ন সার কারখানাসহ যে সকল প্রতিষ্ঠানে রাসায়নিক দ্রব্য ব্যবহার করা হয় সে সকল মিল-কারখানায় আধুনিক সিইটিপি ও ইটিপি স্থাপনের ওপর গুরুত্বারোপ করে সেগুলি স্থাপন প্রক্রিয়া অব্যাহত আছে। দেশীয় শিল্প খাতের বিকাশে ১ম জাতীয় শিল্প মেলা ও জাতীয় এসএমই পণ্যমেলা-২০১৯ অনুষ্ঠিত হয়েছে। দেশী শিল্পখাতের বিকাশ ও শিল্পে সৃজনশীলতাকে উৎসাহিত করতে রাষ্ট্রপতি শিল্প উন্নয়ন পুরস্কার ২০১৭, ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৮ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন ক্রেস্ট ২০১৮ প্রদান করা হয়েছে।

শিল্প মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর সংস্থাসমূহের ২০১৮-১৯ অর্থবছরের কর্মকান্ডের সার্বিক চিত্র বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করার ফলে জনগণ এই প্রতিবেদন থেকে শিল্প মন্ত্রণালয়ের বিগত ২০১৮-১৯ অর্থবছরের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে একটি স্বচ্ছ ও সম্যক ধারণা পাবে বলে আমি আশা করি।

ফৌজিয়া নাহার ইসলাম

প্রথম অধ্যায়
শিল্প মন্ত্রণালয়ের পরিচিতি

১.০ বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে শিল্প খাতের ভূমিকা গুরুত্বপূর্ণ। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালীন যুক্তফ্রন্ট সরকারের শিল্পমন্ত্রী হিসেবে ১৯৫৬ সালে সমৃদ্ধ দেশ গঠনে শিল্পের বিকাশকে প্রাধান্য দিয়েছিলেন। জাতির পিতার সুযোগ্য উত্তরসূরী প্রধানমন্ত্রী শেখ হাসিনা রূপকল্প ২০২১ এর মাধ্যমে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার যে লক্ষ্যমাত্রা স্থির করেছেন এর অন্যতম পূর্বশর্ত হচ্ছে শিল্পায়ন। এ'লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় দেশে শিল্প স্থাপন ও প্রসারে নীতি নির্ধারণ এবং কৌশল প্রণয়নে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও সহায়তা প্রদান করে আসছে। স্বাধীনতার পূর্বে বাণিজ্য ও শিল্প বিভাগ হিসেবে ঢাকায় শিল্প সম্পর্কিত কার্যক্রম পরিচালিত হত। সরকারের নীতিমালায় ও উন্নয়ন কৌশলে পরিবর্তনের ফলে শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিধি সংকুচিত করে বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশনের সৃষ্টি করা হয়। তৎকালীন সরকারের বিরাষ্ট্রীয়করণ নীতির আওতায় শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ৫৯৩টি শিল্প প্রতিষ্ঠানের মধ্যে ৫২১টি প্রতিষ্ঠানকে বেসরকারিকরণ করা হয় এবং ৩৩টি প্রতিষ্ঠান বিভিন্ন মন্ত্রণালয়ে স্থানান্তরিত হয়। অবশিষ্ট ৩৯ টি প্রতিষ্ঠানের মধ্যে ১৩টি বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এর আওতায়, ১৭টি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) এর আওতায় এবং ০৯টি প্রতিষ্ঠান বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অধীনে রাখা হয়। বর্তমানে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ৪টি কর্পোরেশন, ৬টি সংস্থা, ১টি বোর্ড এবং এসএমই ফাউন্ডেশনসহ মোট ১২টি দপ্তর/সংস্থা রয়েছে।

১.১ **ভিশন** মধ্যম আয়ের দেশ বিনির্মাণে পরিবেশবান্ধব শিল্পায়ন।

১.২ **মিশন** রপ্তানিযোগ্য ও আমদানি বিকল্প শিল্পের প্রসার, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে সার উৎপাদন ও সরবরাহ, কর্মসংস্থান ও দক্ষ জনবল সৃষ্টির মাধ্যমে মধ্যম আয়ের দেশ বিনির্মাণে পরিবেশবান্ধব শিল্পায়ন।

১.৩ কার্যবণ্টন

সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্বসমূহ Allocation of Business অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়ের উপর অর্পণ করা হয়েছে। শিল্প খাতের সার্বিক উন্নয়নে শিল্প মন্ত্রণালয় প্রধানত নীতিগত সহায়তা প্রদান করে থাকে। শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা ও দপ্তরসমূহের কাজে গতিশীলতা আনয়নে মন্ত্রণালয় সমন্বয় ও দিক নির্দেশনা দিয়ে থাকে। জাতীয় অর্থনীতিতে ব্যক্তিখাতের অবদান ধারাবাহিকভাবে বৃদ্ধির ফলে মন্ত্রণালয়ের কার্যপরিধি ও কৌশলে বিগত বছরসমূহে ব্যাপক পরিবর্তন এসেছে।

Schedule 1 of the Rules of Business, 1996 (Allocation of Business Among the Different Ministries and Divisions) অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের দায়িত্ব নিম্নরূপ

[1] **[25.] Ministry of Industries**

1. Preparation of schemes relating to the public sector industries.
2. Administration of industrial policy.
3. [2][Promotion and protection of investment through international investment agreements.]
4. Dealings and agreements with other countries and international organisations for technical assistance, aid *etc*,. in the field of industry.
5. National agencies and institutions for —
   (a) promoting industrial productivity, and
   (b) testing industrial products.
6. Standards and quality control.
7. Explosive (excluding the Administration of Explosive Substance Act and Rules).
8. Prescription and review of criteria for assessment of spare parts and raw materials for industries.
9. Production, supply and distribution of processed foodstuff.

---

[1] Amended vide SRO no 231-Law/2008, Dated 24 July 2008

[2] Amended vide SRO no 246-Law/2013, Dated 09 July 2013

10. Industrial monopolies, combines and trusts.
11. Factories and Boilers and Administration of Boilers Act.
12. Industrial research.
13. Standardization of weights and measures.
14. Matters relating to Patent, Design and Trade Marks Department.
15. Testing and quality control of industrial and commercial products.
16. Industrial exhibitions and demonstrations.
17. [2][*******]
18. Matters relating to National Productivity Organisation.
19. Industrial credit, State aid to industries.
20. Development of salt industry including manufacture and trade in salt, control of priceand development of salt cottage industry.
21. [2][Matters relating to micro, cottage industries and SMEs.]
22. Industrial management
23. Co-operation in the industrial sector.
24. Assistance to all industries other than those dealt with by any other Ministry/Division.
25. Co-ordination of the development work of small scale industries.
26. Co-ordination of matters relating to rural industrialisation.
27. Co-ordination of matters of general policy of non-financial undertakings.
28. Formulation of policies and examination of problems common to nationalised industrial corporations.
29. Calling for and submission to the Minister, appropriate papers and documents containing information about performance of the industries under this Ministry.
30. Communicating to the Corporation Government's social, economic and development policies and obtaining for the Minister any general information that may be required to prepare industrial policy.
31. Pricing policy of the products of nationalised industries.
32. Analysing the half-yearly financial reports of the corporations and advising the Minister of any deviation in performance from budget and suggesting to the Minister for corrective actions.
33. Ensuring adherence to the financial rules and practices.
34. Submission of annual performance reports including balance-sheets of sector corporations to the Cabinet.
35. Secretariat administration including financial matters.
36. Administration and control of subordinate offices and organisations under this Ministry.
37. Liaison with International Organisations and matters relating to protocols and agreements with other countries and world bodies relating to subjects allotted to this Ministry.
38. All laws on subject allotted to this Ministry.
39. Inquiries and statistics on any of the subjects allotted to this Ministry.
40. Fees in respect of any of the subject allotted to this Ministry except fees taken in courts.
41. [1][Matters relating to ship building, breaking and recycling.]

[1]Amended vide SRO no 28-Law/2012, Dated 22January 2012

১.৪ অনুবিভাগ সমূহের কার্যক্রম

মন্ত্রণালয়ের নীতি নির্ধারণে মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী নেতৃত্ব প্রদান করেন। রুলস অব বিজনেস, ১৯৯৬ অনুসারে সরকারের সচিব মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান ও প্রধান হিসাবদানকারী কর্মকর্তা [Principal Accounting Officer] হিসাবে দায়িত্ব পালন করেন। মন্ত্রণালয়ের প্রশাসনিক কার্যক্রম ৯টি অনুবিভাগের মাধ্যমে পরিচালিত হয়। সরকারের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাগণ সচিবকে প্রশাসনিক দায়িত্ব পালনে সহায়তা করেন এবং অনুবিভাগসমূহে নেতৃত্ব দিয়ে থাকেন। শিল্প মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কাজের সমতা, স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা এবং সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে বিদ্যমান সাংগঠনিক কাঠামোভূক্ত অনুবিভাগ ও অধিশাখাসমূহ পুনর্বিন্যাস করা হয়েছে। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দায়িত্ব/কার্যবন্টন এবং তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ ও তথ্য কমিশনারদের নাম, পদবী ও ঠিকানা মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.moind.gov.bd. প্রদান করা হয়েছে।

(সংস্থাপন-১) শাখা	দায়িত্ব
সহকারী সচিব /সিনিয়র সহকারী সচিব- প্রশাসন (সংস্থাপন-১)	১) শিল্প মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস, গেজেটেড পদসমূহ সৃজন ও সংরক্ষণ সংক্রান্ত কার্যাবলী, ২) গেজেটেড কর্মকর্তাদের ব্যক্তি প্রশাসন, অভ্যন্তরীণ বদলী এবং কর্মকর্তাদের মধ্যে কর্মবন্টন/ আর্থিক ক্ষমতা অর্পণ, ৩) কর্মকর্তাদের শৃংখলাজনিত প্রসিডিং, ৪) শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থায় প্রেষণে নিয়োজিত সরকারি কর্মকতাদের বিষয়াদি, ৫) শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ কর্পোরেশন/দপ্তরসমূহের চেয়ারম্যান, মহাপরিচালক/ সদস্যগনের নিয়োগ ও ব্যক্তি প্রশাসন এবং সংশ্লিষ্টদের শৃংখলা সংক্রান্ত কার্যাবলী, ৬) শিল্প মন্ত্রণালয় এবং অন্যান্য মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠান/বহুজাতিক কোম্পনির পরিচালনা পর্ষদে প্রতিনিধিত্ব মনোনয়ন সংক্রান্ত বিষয়াদি, ৭) শিল্প মন্ত্রণালয় থেকে অবসর গ্রহণ করেছেন এ ধরনের গেজেটেড কর্মকর্তাদের পেনশন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ৮) শিল্প মন্ত্রণালয়াধীন স্বশাসিত সংস্থা/দপ্তরপ্রধান/পরিচালনা পর্ষদের সদস্য/পরিচালক পদে পদোন্নতির বিষয়াদি, ৯) বিসিআইসি,বিএসএফআইসি,বিএসইসি এবং বিসিকের কর্মকর্তাগনের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত কমিটিতে মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকরণ সংক্রান্ত বিষয়াদি, ১০) যে সমস্ত কমিটিতে শিল্প সচিব চেয়ারম্যান/সদস্য অথচ যে বিষয়ে অন্যান্য কোন শাখাকে দায়িত্ব অর্পন করা হয়নি সে সকল কমিটির সার্বিক সহায়তামূলক দায়িত্ব সংক্রান্ত বিষয়াদি,
(সংস্থাপন-২)	১) শিল্প মন্ত্রণালয়ের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীদের ব্যক্তি প্রশাসন, পদ সৃজন/বিলোপ ও সংরক্ষণ সম্পর্কিত যাবতীয় কার্যাবলী, ২) শিল্প মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ৩) শিল্প মন্ত্রণালয়ের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীদের পেনশন, ঋণ, অগ্রিম প্রদান ইত্যাদি সংক্রান্ত, ৪) শিল্প মন্ত্রণালয়ের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীদের শৃংখলাজনিত প্রসিডিং সংক্রান্ত কার্যাবলী, ৫) শিল্প মন্ত্রণালয়ের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারীদের অবসর প্রস্তুতি ছুটি মঞ্জুর, পেনশন প্রদান এবং অন্যান্য কল্যাণমূলক বিষয়াদি ৬) শিল্প মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী মহোদয়ের স্বেচ্ছাধীন তহবিল ও অন্যান্য মঞ্জুরী সংক্রান্ত কার্যাবলী।
শাখা-২ (সাধারণ সেবা)	**দায়িত্ব**
সহকারী/সিনিয়র সহকারী সচিব	১) প্রটোকল সংক্রান্ত কার্যাদি, ২) অফিসের ব্যবহারের জন্য সকল ধরণের সাজ-সরঞ্জাম, আসবাবপত্র, ষ্টেশনারী ইত্যাদি সংগ্রহ, সংরক্ষণ, বিতরণ বিষয়ক কার্যাদি, ৩) টেলিফোন ও যানবাহন সংক্রান্ত কার্যাদি, ৪) মনোহরি দ্রব্যাদি ও অফিস সরঞ্জামাদি (কম্পিউটার,টাইপরাইটার,ফ্যাক্স,ফটোষ্ট্যাট মেশিন ইত্যাদি) ও আসবাবপত্র ক্রয়, সরবরাহ, রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত কার্যাবলী, ৫) মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমুহের কর্মরত কর্মকতা/ কর্মচারীদের পরিচয়পত্র সংগ্রহ/প্রদান সংক্রান্ত বিষয়াদি, ৬) মন্ত্রণালয়ের লাইব্রেরী তত্বাবধান, ৭) মন্ত্রণালয়ের বিভিন্ন অনুষ্ঠানের স্থান নির্ধারণ, আয়োজন, দাওয়াতপত্র বিতরণ ও আনুষ্ঠানিক বিষয় সংক্রান্ত কার্যাবলী।

শাখা-৩ (প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ)	দায়িত্ব
	০১) মন্ত্রিপরিষদ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি, ০২) মন্ত্রণালয়/দপ্তরসমূহের মাসিক কার্যাবলীর প্রতিবেদন, ০৩) মন্ত্রণালয়/দপ্তরসমূহের বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন, ০৪) মন্ত্রণালয়/দপ্তর সংস্থার অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি, ০৫) জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন, ০৬) মন্ত্রণালয়/দপ্তরের পেনশন সংক্রান্ত অগ্রগতি, ০৭) অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে, ০৮) মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা, ০৯) অনিষ্পন্ন বিষয়ের তথ্যাদি টপসিটে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ, ১০) মন্ত্রীসভা কমিটির সরকারি ক্রয় সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি,

	১১) মন্ত্রণালয়/দপ্তর সংস্থার মাসিক কর্মপরিকল্পনা, ১২) রাষ্ট্রপতির ভাষণ, ১৩) সচিব কমিটি সংক্রান্ত কার্যাদি, ১৪) এছাড়া মন্ত্রিপরিষদ/প্রধানমন্ত্রীর কার্যালয়ের বিভিন্ন কার্যাদি।
শাখা-৪(সমন্বয়)	**দায়িত্ব**
সহকারী/সিনিয়র সহকারী সচিব	০১) মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার সমন্বয়ে মাসিক ও সমন্বয় সভা আহবান, অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ, কার্যপত্র তৈরি, কার্যবিবরণী তৈরি ও প্রেরণ; ০২) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বিভাগীয় মামলা সংক্রান্ত প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। ০৩) বিধি,পরিপত্র,আইন সংরক্ষন ও সকলের নিকট প্রেরণ। ০৪) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মাসিক বিজ্ঞাপন প্রকাশ/ প্রচার সংক্রান্ত প্রতিবেদন তথ্য ০৫) বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের পরিসংখ্যান সংক্রান্ত মাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়/পরিসংখ্যান ব্যুরোতে প্রেরণ; ০৬) বৃক্ষরোপণ অভিযান কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন সংগ্রহ ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ; ৭) জাতীয় বেতন কমিশনের সুপারিশের উপর মতামত প্রেরণ; ৮) স্বাধীনতা ও জাতীয় দিবস/আন্তর্জাতিক দিবস উৎযাপন সংক্রান্ত কার্যাবলি; ৯) জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার সম্পর্কে মনোনয়ন দান সংক্রান্ত কার্যক্রম; ১০) মন্ত্রণালয়ের উন্নয়ন কর্মকান্ডের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন; ১১) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের শূন্য পদ পূরণ সংক্রান্ত প্রতিবেদন/ তথ্যাদি জনপ্রশাসন ১২) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকান্ডের উপর পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; ১৩) এ ছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশে অন্য যে কোন কার্যাদি সম্পাদন;
শাখা-৫ (জাতীয় সংসদ)	**দায়িত্ব**
সহকারী/সিনিয়র সহকারী সচিব	১) সংসদীয় স্থায়ী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত/বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী; ২) সংসদীয় স্থায়ী কমিটি কর্তৃক গঠিত সাব কমিটির বিভিন্ন সিদ্ধান্ত/বাস্তবায়ন সম্পর্কিত কার্যাবলী; ৩) জাতীয় সংসদের সরকারি প্রতিশ্রুতি কমিটির অগ্রগতি; ৪) জাতীয় সংসদের অধিবেশনের বিভিন্ন প্রশ্নোত্তর; ৫) বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধির বিভিন্ন বিধি/উপ-বিধি অনুযায়ী মাননীয় সদস্যগণ কর্তৃক ২ মিনিট করে পঠিত নোটিশসমূহের উপর সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীর উত্তরমূলক বিবৃত্তি; ৬) বাজেট মঞ্জুরী দাবি; ৭) বাজেট বক্তৃতা; ৮) এছাড়া জাতীয় সংসদ সচিবালয়ের বিভিন্ন কার্যাদি।
শাখা-৬ (বৈদেশিক প্রশিক্ষণ)	**দায়িত্ব**
সহকারী /সিনিয়র সহকারী সচিব	১) শিল্প মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের বহুমুখী দক্ষতা বৃদ্ধির জন্য বৈদেশিক প্রশিক্ষণ বিষয়ক সুযোগ অনুসন্ধান ও তৎসম্পর্কিত যোগাযোগ, ২) মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল সংস্থা/দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কসপ/সিম্পোজিয়ামে অংশ গ্রহণ সংক্রান্ত প্রার্থী মনোনয়ন ও আনুসাংগকি কার্যাবলী, ৩) উপরোক্ত বিষয়ে বৈদেশিক ভ্রমন সংক্রান্ত প্রশাসনিক আদেশ জারী সংক্রান্ত কার্যাদি, ৪) প্রশিক্ষণ শেষে দেশে ফেরার পর কর্মকর্তাদের নিকট থেকে প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ ৫) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকতাদের দ্বারা মন্ত্রণালয়ে আলোচনা সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ, ৬) শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর যাবতীয় কার্যাবলী, ৭) এপিও কর্তৃক বাংলাদেশে আয়োজিত যাবতীয় সেমিনার/সিম্পোজিয়াম সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।
শাখা-৭ (স্থানীয় প্রশিক্ষণ)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ, ২) মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরসমূহের কর্মকর্তাদের বহিঃ বাংলাদেশ ছুটি সংক্রান্ত কার্যাদি, ৩) মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীতে লিয়েন রেখে বহিঃ বাংলাদেশ নিয়োগ সংক্রান্ত মঞ্জুরী প্রদান বিষয়ক কার্যাদি, ৪) প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদি,

শাখা-৮ (বাজেট)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বাৎসরিক বাজেট প্রস্তুতকরণ; ২) মন্ত্রণালয়ের ম্যানেজমেন্ট রিপোর্ট প্রস্তুতকরণ এবং সচিব মহোদয়ের নিকট উপস্থাপন; ৩) বাজেটে অন্তর্ভুক্তির জন্য মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় পরামর্শ প্রদান; ৪) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর ব্যতীত রাজস্ব/রাজস্ব বোর্ড বহির্ভূত কর প্রাপ্তি; ৫) আর্ন্তজাতিক প্রতিষ্ঠানের চাঁদা প্রদান সংক্রান্ত; ৬) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্য মেয়াদী বাজেট প্রণয়ন; ৭) মাসিক সমন্বয় সভার বাজেট সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়ন; ৮) কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ব্যয় মঞ্জুরী/অগ্রিম প্রদান; ৯) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের বাজেট সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন।
শাখা-৯ (হিসাব)	**দায়িত্ব**
হিসাব রক্ষণ কর্মকর্তা	১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার সহিত মন্ত্রণালয়ের হিসাবের সংগতি সাধন; ২) মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের ভ্রমন ভাতা বিল অগ্রায়ণ এবং আর্থিক জিও জারীকরণ; ৩) হিসাব শাখার সার্বিক কার্যক্রম সুপারভাইজ;

বিআস (বিরাষ্ট্রীকরণ আইন ও আন্তর্জাতিক সহযোগিতা)

শাখা-১০ বিরা-১	দায়িত্ব
সহকারী সচিব/ সিনিয়র সহকারী সচিব	১) সম্পূর্ণ পরিত্যক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহের পুঁজি প্রত্যাহার ও বিক্রয় সংক্রান্ত কার্যাবলী, ২) পুঁজি প্রত্যাহারকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন দায়-দেনা আদায় সংক্রান্ত কার্যাবলী, ৩) পুঁজি প্রত্যাহারকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ড মূল্যায়ন, ৪) পুঁজি প্রত্যাহার সংক্রান্ত মন্ত্রিপরিষদ সিদ্ধান্ত বাস্তবায়ন ও অনুসরণ, ৫) মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বিষয়ক কার্যাবলী, ৬) পুঁজি প্রত্যাহারকৃত শিল্প প্রতিষ্ঠানসমূরে বিভিন্ন দায়-দেনা আদায় সংক্রান্ত কার্যাবলী, ৭) আংশিক পরিত্যাক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহের দখল/শেয়ার সাবেক মালিকগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ৮) রুগ্নশিল্প সম্পর্কিত কার্যাবলী।
শাখা-১১ (বিরা-২)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) পরিত্যাক্ত ও অর্পিত শিল্প প্রতিষ্ঠান বিক্রয়/হস্তান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ২) পরিত্যাক্ত ও অর্পিত শিল্প প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন দায়-দেনা আদায় সংক্রান্ত কার্যাবলী, ৩) বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান রক্ষণাবেক্ষণ ও প্রহরার কাজে সাময়িকভাবে নিয়োজিত ব্যক্তিদের বেতন ও ভাতা প্রদান সংক্রান্ত কার্যাবলী, ৪) বহুজাতিক কোম্পনি সরকারি মালিকানাধীন শেয়ার ব্যবস্থাপনা ও বিক্রয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ৫) কোম্পনি আইনের অধীনে করণীয় শেয়ার সম্পর্কিত যাবতীয় কার্যাবলী, ৬) কোম্পনি গঠন ও অবলোপন সংক্রান্ত যাবতীয় কাযক্রম, ৭) ট্রাস্টি বোর্ডের যাবতীয় সাচিবিক কার্যাবলী, ৮) বহুজাতিক কোম্পনিসমূহের মূলধন গঠন/পুনর্গঠন সংক্রান্ত কার্যাবলী, ৯) জাতীয়করণকৃত কোম্পনি/প্রতিষ্ঠানের শেয়ারসমূহের ক্ষতিপূঁরণ প্রদান সংক্রান্ত কার্যাবলী।
শাখা-১২ (আইন-১)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) মহামান্য সুপ্রীম কোর্ট কর্তৃক প্রেরিত রীট পিটিশনের উপর মন্ত্রণালয়ের পক্ষে ওকালতনামা দাখিল করা। ২) অন্যান্য আদালতের রায় আদেশের বিরুদ্ধে সুপ্রীম কোর্ট-এ দায়েরকৃত আপীল, রিভিশন ইত্যাদি মামলায় প্রেরিত সমন/রুল/নোটিশের বিপরীতে শিল্প মন্ত্রণালয়ের পক্ষে ওকালতনামা দাখিল করা। সংস্থা হতে জবাব (Statement of fact) সংগ্রহ করা। ৩) রীট পিটিশনসহ অন্যান্য মামলায় সরকারের পক্ষে বিভিন্ন দপ্তর/সংস্থা হতে সংগ্রহীত জবাব (Statement of fact) মাহমান্য সুপ্রীমকোর্টে দাখিল করা । ৪) রীট মামলাসহ সুপ্রীমকোর্টে চলমান ও অন্যান্য আইন সংক্রান্ত বিষয়ে শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা/ শাখার মধ্যে সমন্বয় সাধন করা। ৫) মহামান্য সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার কার্যালয়ে শিল্প মন্ত্রণালয়ের পক্ষে ব্যক্তিগত ভাবে উপস্থিত হয়ে এফিডেভিট সম্পাদন করা । ৬) মামলা পরিচালনার বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এটর্নী জেনারেল মহোদয়ের কার্যালয়ে গমন এবং ব্যক্তিগত ভাবে ডেপুটি এটর্নী

	জেনারেল/বিজ্ঞ আইনজীবিগণের সাথে যোগাযোগ স্থাপন। ৭) শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার মামলা এবং আইনগত বিষয়ে আইন সমন্বয় সভা অনুষ্ঠান।

শাখা-১৩ (আইন-২)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) সুপ্রীম কোর্ট ব্যতীত অন্যান্য আদালত কর্তৃক প্রেরিত সমন/নোটিশের বিপরীতে শিল্প মন্ত্রণালয়ের পক্ষে ওকালতনামা দাখিল করা। ২) অধঃস্তন আদালতের কাছ থেকে প্রাপ্ত মামলার নোটিশ, আরজির কপি সংশ্লিষ্ট কর্পোরেশন/দপ্তরে প্রেরণ করা। ৩) সরকারের পক্ষে বিভিন্ন মামলায় সংস্থা হতে জবাব (Statament of Fact) সংগ্রহ করা এবং সংগৃহীত জবাব বিজ্ঞ আইনজীবির মাধ্যমে আলতে দাখিল করা। ৪) বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক তৈরিকৃত খসড়া আইনের উপর শিল্প মন্ত্রণালয়ের মতামত তৈরি ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা। ৫) আইন প্রনয়ন সংক্রান্ত বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয় হতে আহুত আন্তঃমন্ত্রণালয় সভায় মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা হিসেবে যোগদান করা। ৬) মামলাসহ অন্যান্য আইন সংক্রান্ত বিষয়ে শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা/শাখার মধ্যে সমন্বয় সাধন। ৭) মামলা পরিচালনাকারী সংশ্লিষ্ট সরকারি আইনজীবি এবং দপ্তর/সংস্থার মধ্যে সমন্বয় সাধন। ৮) মামলার পরিচালনার বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষে সহায়তা প্রদানের উদ্দেশ্যে বিজ্ঞ আইনজীবিগণের সাথে যোগাযোগ স্থাপন। ৯) শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার মামলা এবং আইনগত বিষয়ে আইন সমন্বয় সভা অনুষ্ঠান করা ।
শাখা-১৪ (ই-গভর্নেন্স ও আইসিটি)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) ই-গর্ভনেন্স ও আইসিটি ২) অন্যান্য সংস্থার সাথে ই-গর্ভনেন্স ও আইসিটি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী
শাখা-১৫ (আন্তর্জাতিক সহযোগিতা)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) WTO এবং WIPO এর সাথে মেধাস্বত্ব সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা। ২) TRIPS চুক্তি ও মেধাস্বত্ব বিষয়ক অন্যান্য চুক্তি/Convention এর শর্ত পালন বিষয়ক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন। ৩) মেধাস্বত্ব বিষয়ক নতুন চুক্তি/Convention এ অন্তর্ভূক্তির উদ্যোগ গ্রহণ ও যাবতীয় কার্যাবলী সম্পাদন। ৪) WTO, UNIDO, SAPTA, IMF, ICPE, BIMSTEC সহ সংশ্লিষ্ট অন্যান্য আন্তর্জাতিক সংস্থা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী। ৫) দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক বিভিন্ন চুক্তি প্রণয়ন ও স্বাক্ষর সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ৬) যৌথ অর্থনৈতিক কমিশন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী,

স্বশাসিত সংস্থা (স্বস)

শাখা-১৬ (বিসিআইসি-১)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী	১) শিল্প প্রতিষ্ঠানের পণ্যের উৎপাদন, বিপণন, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নীতি নির্ধারক বিষয়ক কার্যাবল, ২) উৎপাদিত পণ্য সমূহের মূল্য নির্ধারণ, ৩) বিসিআইসির আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের কাঁচামাল সংগ্রহ সংক্রান্ত বিষয়াদি, ৪) শিল্প প্রতিষ্ঠানের ক্রয় ও সরবরাহকারী নির্বাচন সংক্রান্ত বিষয়াদি, ৫) শিল্প প্রতিষ্ঠানের মূলধন চাহিদা পূরণ সরকারের ঋণ ব্যবস্থা ও মঞ্জুরী প্রদান, ৬) বিভিন্ন সরকারি সংস্থার নিকট শিল্প প্রতিষ্ঠানসমূহের প্রাপ্ত বকেয়া আদায়, ৭) সংস্থার অধ্যাদেশ ও চাকরি বিধি সংক্রান্ত কার্যাবলী, ৮) সংস্থা কর্তৃক বাটার/এসটিআই ইত্যাদি পণ্য বিনিময় চুক্তির আওতায় আমদানি সংক্রান্ত বিষয়াদি, ৯) অনুন্নত এলাকায় অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের জন্য আমাদানিকৃত মালামাল/যন্ত্রপাতির কর মওকুফ প্রত্যানপত্র জারি সংক্রান্ত বিষয়াদি, ১০) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির কাজ, ১১) বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সারের উৎপাদন, বিপণন ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত প্রতিবেদন সংরক্ষণ, পর্যালোচনা ও মনিটরিং বিষয়ক কার্যাবলী।

শাখা-১৭ (বিসিআইসি-২)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) কাফকোর উপর অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ এর বৈঠক ও আন্তমন্ত্রণায় সভা সংক্রান্ত কাজ, ২) কাফকো প্রকল্পে গ্যাস সরবরাহ চুক্তি সংক্রান্ত কাজ, ৩) কাফকোর সরবরাহকারী ঋণের জন্য বাংলাদেশ সরকারের গ্যারান্টি, ৪) কাফকোর সার রপ্তানী ও বিক্রয় সংক্রান্ত কাজ, ৫) কাফকোর মাসিক বাস্তবায়ন অগ্রগতি, ৬) কাফকো হতে ইউরিয়া সার আমদানি এবং কাফকোর এলসি সংক্রান্ত যাবতীয় কাজ, ৭) বাংলাদেশ সরকার ও কাফকোর অপরাপর অংশীদার প্রতিষ্ঠানের মধ্যে চুক্তি (এসএলএ চুক্তি, ডীড অন গ্যারান্টি) ৮) কাফকোর ইক্যুইটি, ঋণের অর্থ জমাকরণ এবং ঠিকাদার ও অন্যান্যদের পাওনা পরিশোধের জন্য একাউন্ট (সিংগাপুর) সংক্রান্ত বিষয়, ৯) কাফকোর জন্য ভূমি অধিগ্রহণ, ১০) কাফকোর আমদানিতব্য মালামালের শুল্ক কর ও ভ্যাট, ১১) কাফকোর পরিচালনা পর্ষদে বাংলাদেশ সরকারের পক্ষ হতে পরিচালক মনোনয়ন, ১২) কাফকো সংক্রান্ত অন্যান্য কাজ, ১৩) বিসিআইসি শিল্প প্রতিষ্ঠানে বিদ্যুৎ, গ্যাস, ফার্নেস অয়েল ইত্যাদি সরবরাহ সংক্রান্ত, ১৪) কারিগরী সহযোগিতা ও বিভিন্ন চুক্তি অনুযায়ী নিয়োজিত বিশেষজ্ঞ নিয়োগ পরবর্তী বিষয়াদি, ১৫) বিসিআইসির শিল্প প্রতিষ্ঠানের মূলধন গঠন ও পুনঃগঠন সংক্রান্ত বিষয়াদি, ১৭) বিসিআইসির শিল্প প্রতিষ্ঠান সমূহের রাজস্ব ও বৈদেশিক মুদ্রার বাজেট সংক্রান্ত বিষয়াদি, ১৬) বিসিআইসির শিল্প প্রতিষ্ঠানের ডিএসএল সংক্রান্ত বিষয়াদি, ১৭) বিসিআইসির বাজেট মনিটরিং এবং শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক হিসাব মূল্যায়ন ও পর্যালোচনা, ১৮) বিসিআইসির স্থাবর সম্পত্তি তথা জমিজমা দালান কোঠা, হুকুম দখল, হস্তান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ১৯) জাতীয় রাজস্ব বোর্ডের নিকট কর ফেরত/আদায় সংক্রান্ত বিষয়াদি, ২০) সংস্থার জনবল সুষমকরণ ও লে-অফকরণ সম্পর্কিত কার্যাবলী, ২১) করপোরেশনের চেয়ারম্যান ও পরিচালক ব্যতীত অন্যদের ব্যক্তি প্রশাসন, ২২) সংস্থার আওতাধীন অর্পিত সম্পত্তি/পরিত্যাক্ত সম্পত্তি এবং সংস্থাসমূহের জন্য অধিগ্রহণকৃত অব্যবহৃত জমি জমা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ২৩) অন্যান্য কাজ যখন যা ন্যাস্ত করা হয় , ২৪) বিসিআইসি’র অডিটর নিয়োগ সংক্রান্ত কাজ।
শাখা -১৮ (বিএসএফআইসি)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) শিল্প প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের উৎপাদন, বিপণন, ব্যবস্থাপনা ও রক্ষনাবেক্ষণ সংক্রান্ত নীতি নির্ধারক বিষয়ক কার্যাবলী, ২) সংস্থার আওতাধীন উৎপাদিত শিল্প পণ্যের রপ্তানী ও সংশ্লিষ্ট পণ্যের আমদানি সংক্রান্ত কার্যাবলী, ৩) উৎপাদিত পণ্য সমুহের মূল্য নির্ধারণ, ৪) সংস্থার আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের কাঁচামাল সংগ্রহ সংক্রান্ত বিষয়াদি, ৫) শিল্প প্রতিষ্ঠানে বিদ্যুৎ,গ্যাস,ফার্নেস অয়েল ইত্যাদি সরবরাহ সংক্রান্ত, ৬) কারিগরী সহযোগিতা ও বিভিন্ন চুক্তি অনুযায়ী নিয়োজিত বিশেষজ্ঞ নিয়োগ পরবর্তী বিষয়াদি, ৭) শিল্প প্রতিষ্ঠানের ক্রয় ও সরবরাহকারী নির্বাচন সংক্রান্ত বিষয়াদি, ৮) শিল্প প্রতিষ্ঠানের মূলধন গঠন ও পুর্নগঠন সংক্রান্ত বিষয়াদি, ৯) শিল্প প্রতিষ্ঠান সমূহের রাজস্ব ও বৈদেশিক মুদ্রার বাজেট সংক্রান্ত বিষয়াদি, ১০) শিল্প প্রতিষ্ঠান সমূহে সরকারি ভূর্তকী প্রদানের বিষয়াদি, ১১) শিল্প প্রতিষ্ঠান সমূহের ইকুয়িটি/শেয়ার মূলধন খাতে সরাসরি নগদ অর্থ প্রদান ও সরকারি ঋন মূলধনে রূপান্তর সংক্রান্ত বিষয়াদি, ১২) শিল্প প্রতিষ্ঠানের মূলধন চাহিদা পূরণ,সরকারের ঋণ ব্যবস্থা ও মঞ্জুরী প্রদান , ১৩) বিভিন্ন সরকারি সংস্থার নিকট শিল্প প্রতিষ্ঠানসমূহের প্রাপ্ত বকেয়া আদায় , ১৪) শিপ্প প্রতিষ্ঠানসমূহের ডিএসএল সংক্রান্ত বিষয়াদি, ১৫) কর্পোরেশনের বাজেট মনিটরিং এবং শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক হিসাব মূল্যায়ন ও পর্যালোচনা, ১৬) কর্পোরেশনের চেয়ারম্যান ও পরিচালক ব্যতীত অন্যদের ব্যক্তি প্রশাসন, ১৭) সংস্থার অধ্যাদেশ ও চাকুরী বিধি সংক্রান্ত কার্যাবলী, ১৮) সংস্থার স্থাবর সম্পত্তি তথা জমিজমা দালান কোঠা, হুকুম দখল, হস্তান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাবলী,

	১৯) সংস্থা কর্তৃক বাটার/এসটিআই ইত্যাদি পণ্য বিনিময় চুক্তির আওতায় আমদানি সংক্রান্ত বিষয়াদি, ২০) সংস্থার আওতাধীন অর্পিত সম্পত্তি /পরিত্যক্ত সম্পত্তি এবং সংস্থাসমূহের জন্য অধিগ্রহনকৃত অব্যবহৃত জমি জমা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ২১) জাতীয় রাজস্ব বোর্ডের নিকট কর ফেরত/আদায় সংক্রান্ত বিষয়াদি, ২২) মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের সার্বিক বিষয়াদি , ২৩) কর্পোরেশনসমূহের অডিটর নিয়োগ সংক্রান্ত বিষয়াদি, ২৪) অনুন্নত এলাকায় অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের জন্য আমদানিকৃত মালামাল/যন্ত্রপাতির কর মওকুফ প্রত্যয়নপত্র জারী সংক্রান্ত বিষয়াদি, ২৫) সংস্থার ক্রয় সংক্রান্ত মন্ত্রি সভা কমিটি ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির কাজ, ২৬) সংস্থার জনবল সুষমকরণ ও লে-অফকরণ সম্পর্কিত কার্যাবলী , ২৭) কর্তৃপক্ষের পদ ও অন্যান্য দায়িত্ব।
শাখা-১৯ (বিসিক)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) শিল্প প্রতিষ্ঠানের পণ্যের উৎপাদন,বিপণন,ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষন সংক্রান্ত নীতি নির্ধারক বিষয়ক কার্যাবলী , ২) সংস্থার আওতাধীন উৎপাদিত শিল্প পণ্যের রপ্তানী ও সংশ্লিষ্ট পণ্যের আমদানি সংক্রান্ত কার্যাবলী, ৩) উৎপাদিত পণ্যসমূহের মূল্য নির্ধারণ, ৪) সংস্থার আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের কাঁচামাল সংগ্রহ সংক্রান্ত বিষয়াদি, ৫) শিল্প প্রতিষ্ঠানে বিদ্যুৎ,গ্যাস,ফার্নেস অয়েল ইত্যাদি সরবরাহ সংক্রান্ত, ৬) কারিগরী সহযোগীতা ও বিভিন্ন চুক্তি অনুযায়ী নিয়োজিত বিশেষজ্ঞ নিয়োগ পরবর্তী বিষয়াদি, ৭) শিল্প প্রতিষ্ঠানের ক্রয় ও সরবরাহকারী নির্ধারণ সংক্রান্ত বিষয়াদি, ৮) শিল্প প্রতিষ্ঠানের মূলধন,গঠন ও পূর্ণগঠন সংক্রান্ত বিষয়াদি, ৯) শিল্প প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও বৈদেশিক মুদ্রার বাজেট সংক্রান্ত বিষয়াদি, ১০) শিল্প প্রতিষ্ঠানসমূহের সরকারি ভর্তুকী প্রদানের বিষয়াদি, ১১) শিল্প প্রতিষ্ঠানসমূহের ইকুয়িটি/শেয়ার মুলধন খাতে সরাসরি নগদ অর্থ প্রদান ও সরকারি ঋণ মূলধনে রুপান্তর সংক্রান্ত বিষয়াদি, ১২) শিল্প প্রতিষ্ঠানসমূহের মূলধন চাহিদা পুরণ,সরকারের ঋণ ব্যবস্থা ও মঞ্জুরী প্রদান, ১৩) বিভিন্ন সরকারি সংস্থার নিকট শিল্প প্রতিষ্ঠানসমূহের প্রাপ্ত বকেয়া আদায়, ১৪) শিল্প প্রতিষ্ঠানসমূহের ডিএসএল সংক্রান্ত বিষয়াদি, ১৫) কর্পোরেশনের বাজেট মনিটরিং এবং শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক হিসাব মূল্যায়ন ও পর্যালোচনা, ১৬) কর্পোরেশনের চেয়ারম্যান ও পরিচালক ব্যতীত অন্যদের ব্যক্তি প্রশাসন, ১৭) সংস্থার আইন/অধ্যাদেশ ও চাকুরী বিধি সংক্রান্ত কার্যাবলী, ১৮) সংস্থার স্থাবর সম্পত্তি তথা জমিজমা দালান-কোঠা, হুকুম দখল,হস্তান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ১৯) সংস্থা কর্তৃক বাটার/এসটিআই ইত্যাদি পণ্য বিনিময় চুক্তির আওতায় আমদানি সংক্রান্ত বিষয়াদি, ২০) সংস্থার আওতাধীন অর্পিত সম্পত্তি/পরিত্যক্ত সম্পত্তি এবং সংস্থাসমূহের জন্য অধিগ্রহণকৃত অব্যবহৃত জমি জমা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ২১) জাতীয় রাজস্ব বোর্ডের নিকট কর ফেরত/আদায় সংক্রান্ত বিষয়াদি, ২২) করপোরেশনসমূহের অডিটর নিয়োগ সংক্রান্ত বিষয়াদি, ২৩) অনুন্নত এলাকায় অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের জন্য আমদানিকৃত মালামাল/যন্ত্রপাতির কর মওকুফ প্রত্যয়ন পত্র জারী সংক্রান্ত বিষয়াদি, ২৪) সংস্থার ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও অর্থনৈতিক বিষয়ক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির কাজ, ২৫) সংস্থার জনবল সুষমকরণ ও লে-অফকরণ সম্পর্কিত কার্যাবলী, ২৬) কর্তৃপক্ষের প্রদত্ত অন্যান্য দায়িত্ব ২৭) দেশে ও বিদেশে শিল্প মেলা অনুষ্ঠান সংক্রান্ত কার্যাবলী; ২৮) সমাপ্ত প্রকল্পের পদ রাজস্ব খাতে সংরক্ষণ ও স্থায়ীকরণ; ২৯) বিসিকের বাজেট মনিটরিং ও বরাদ্দকৃত বাজেটের কিস্তি ছাড়করণ; ৩০) সার্টিফিকেট মামলা পরিচালনা; ৩১) প্লট বরাদ্দ নীতিমালা ও লবন নীতি; ৩২) বিসিকের বিভিন্ন অভিযোগ।

অধিদপ্তর ও অডিট (অঅধি)

শাখা-২০ (বিএসটিআই ও বিএসইসি)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) বিএসইসি এর চেয়ারম্যান ও পরিচালকদের ব্যক্তি প্রশাসন ব্যতীত সংস্থার যাবতীয় কার্যাবলী; ২) বিএসটিআই এর মহাপরিচালকের ব্যক্তিপ্রশাসন ব্যতীত সংস্থার যাবতীয় কার্যাবলী; ৩) সিআইপি নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

শাখা-২১ (বিটাক, বিআইএম ও বয়লার)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) বিটাক এর মহাপরিচালকের ব্যক্তিপ্রশাসন ব্যতীত সংস্থার যাবতীয় কার্যাবলী ২) বিআইএম এর মহাপরিচালকের ব্যক্তিপ্রশাসন ব্যতীত সংস্থার যাবতীয় কার্যাবলী ৩) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের যাবতীয় কার্যাবলী ৪) সংশ্লিষ্ট বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডসহ অন্যান্য সরকারি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সমন্বয়।

শাখা-২২ (বিসিআইসি ও বিএসইসি)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বিসিআইসি এবং বিএসইসি এর নিরীক্ষা আপত্তি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ২) শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বিসিআইসি এবং বিএসইসি এর অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি এবং বহিঃনিরীক্ষক কর্তৃক নিরীক্ষা প্রতিবেদনে প্রণীত মন্তব্যের উপর কার্যক্রম গ্রহণ, ৩) অর্থ মন্ত্রণালয় হতে সরকারি অর্থ/সম্পদ অপচয় সংক্রান্ত বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন, ৪) বিএসইসি এবং বিসিআইসি এর বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি সংক্রান্ত সকল বিষয়াদি নিষ্পত্তিকল্পে প্রয়োজন অনুযায়ী ত্রিপক্ষীয় সভার ব্যবস্থাকরণ ও সভার সিদ্ধান্তে উপর কার্যক্রম গ্রহণ।

শাখা-২৩ (বিএসএফআইসি ও বিসিক)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বিএসএফআইসি ও বিসিক এর নিরীক্ষা আপত্তি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ২) বিএসএফআইসি ও বিসিক এর অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি ও বহিঃনিরীক্ষকের প্রতিবেদনে বর্ণিত মন্তব্যের উপর কার্যক্রম গ্রহণ, ৩) বিএসএফআইসি ও বিসিক এর বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি সংক্রান্ত সকল বিষয়াদি নিষ্পত্তিকল্পে প্রয়োজন অনুযায়ী ত্রিপক্ষীয় সভার ব্যবস্থাকরণ ও সভার সিদ্ধান্তের উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ।

শাখা-২৪ (সমন্বয়, খসড়া সংকলন ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহ)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) বিএসটিআই/বিটাক/বিআইএম/বয়লার/এনপিও/ট্রেডমার্কস রেজিস্ট্রেশন অফিস সংক্রান্ত নিরীক্ষা আপত্তির যাবতীয় কার্যাবলী, ২) পাবলিক একাউন্টস কমিটি/পাবলিক আন্ডারটেকিং কমিটি/অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ৩) সমন্বয়, খসড়া সংকলন ও বিদেশী সাহায্যপ্রাপ্ত প্রকল্পসমূহের নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, ৪) অডিট আপত্তি নিষ্পত্তিকরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলীর সমন্বয় সাধন।

গবেষণা ও উন্নয়ন

শাখা-২৫ (শিল্প গবেষণা)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) শিল্পখাত উন্নয়ন গবেষণামূলক কার্যাবলী; ২) শিল্পখাতের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলী; ৩) শিল্প খাতের টেরিফ ও নন-টেরিফ পলিসি সংক্রান্ত কার্যাবলী; ৪) শিল্প অঞ্চল উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম; ৫) সরকারি সংস্থা কর্তৃক উৎপাদিত পণ্য জিটুজি ক্রয় সংক্রান্ত; ৬) নতুন নতুন শিল্পের সম্ভাবনা সমীক্ষা ও সহযোগিতা প্রদান; ৭) এলাকা ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার উদ্যোগ গ্রহণ; ৮) পরিবেশের ক্ষতিকর শিল্প প্রতিষ্ঠান জরিপ সংক্রান্ত কাজ; ৯) উন্নয়ন প্রকল্প ও কর্মসূচীর বাস্তবায়ন পর্যালোচনা এবং বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচীর মূল্যায়ণ; ১০) অবাস্তবায়িত/অকৃতকার্য প্রকল্প/কর্মসূচীর কারণ ও দায় দায়িত্ব নির্ধারণ সংক্রান্ত কাজ; ১১) সরকারি শিল্প প্রতিষ্ঠানের লোকসানের কারণ অনুসন্ধান এবং প্রতিকারের সুপারিশ প্রদান;

	১২) উন্নয়ন প্রকল্পের জনবল সুষমকরণ ও রাজস্ব খাতে স্থানান্তর; ১২) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলী ।
শাখা-২৬ (এমআইএস)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	১) মন্ত্রণালয়ের চারটি প্রধান করপোরেশন বিসিআইসি, বিএসইসি,বিএসএফআইসি ও বিসিক প্রদত্ত মাসিক এমআইএস প্রতিবেদন এবং ত্রৈমাসিক প্রতিবেদনের পর্যালোচনা, বিশ্লেষণ ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সংস্থার নিকট মন্ত্রণালয়ের মন্তব্যসহ প্রতিবেদন প্রেরণ ও প্রকাশ করা, ২) দৈনিক, মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক উৎপাদন প্রতিবেদন পর্যালোচনা, বিশ্লেষণ মূল্যায়ন ও প্রকাশ করা, ৩) মন্ত্রণালয়ের বার্ষিক এমআইএস প্রতিবেদন ও রিপোর্ট প্রণয়ন এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, ৪) মন্ত্রণালয়ের ব্যবস্থাপনার সিদ্ধান্ত গ্রহণে বিভিন্ন সায়ত্তশাসিত সংস্থার প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহকরণ, ৫) মন্ত্রণালয়াধীন করপোরেশনগুলির উৎপাদন ব্যয় নিয়ন্ত্রণের জন্য প্রশাসনিক ব্যয় সংকোচন ও কাঁচামালের অপচয় রোধ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য উপাত্ত ও প্রতিবেদন সংগ্রহ এবং উহার বিশ্লেষণ পর্যালোচনা ও মন্ত্রণালয়ের বিশ্লেষণ/মন্তব্য মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সংস্থার নিকট প্রেরণ, ৬) বিভিন্ন সংস্থার বাজেট ও ব্যয়ের তুলনামূলক প্রতিবেদন পর্যালোচনা ও মূল্যায়ন, ৭) কম্পিউটার ব্যবস্থার মাধ্যমে মন্ত্রণালয়ের বিভিন্ন বিভাগ অনুবিভাগের বিভিন্ন তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং সরবরাহ করা, ৮) বাংলাদেশ ব্যাংকের নির্দিষ্ট ছকে ত্রৈমাসিক তথ্য প্রেরণ, প্রধানমন্ত্রীর কার্যালয়ে অত্র মন্ত্রণালয় হতে প্রকাশিত সকল প্রতিবেদন,অধ্যাদেশ/আইন,শিল্পনীতি এবং রিপোর্টের কপি প্রেরণ ইত্যাদি বিষয়ক কার্যাবলী, ৯) বৈদেশিক সংস্থা এবং অর্থনৈতিক প্রতিনিধির সংগে মন্ত্রণালয়ের সচিব পর্যায়ে আলোচনার জন্য মন্ত্রণালয়াধীন করপোরেশনসমূহের বিভিন্ন তথ্য ও উপাত্ত সংগ্রহ ও সরবরাহকরণ, ১০) অন্যান্য করপোরেশন (বিজেএমসি,বিটিএমসি,বিএফআইডিসি ইত্যাদি) হতে তথ্য সংগ্রহ ও উপস্থাপন, ১১) সংস্থাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের মাসিক কর্মকান্ডের সংক্ষিপ্ত বিবরণী প্রস্তুতকরণ এবং সচিব মহোদয়ের সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য প্রদান করা, ১২) সংস্থাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত কার্য সম্পাদন চুক্তি সম্পর্কিত বিষয়ে পর্যালোচনা মূল্যায়ন করা, এবং উক্ত বিষয় সম্পর্কে অবহিতকরণ, আন্ত:মন্ত্রণালয় সভায় যোগদান ১৩) নির্ধারিত ফরমে কর্পোরেশন হতে ত্রৈমাসিক তথ্য সংগ্রহ এবং এর পর্যালোচনা এবং বিশ্লেষন ও মূল্যায়ন, ১৪) বাংলাদেশ অর্থনৈতিক জরীপ,পরিকল্পনা মন্ত্রণালয়ের জন্য ত্রৈমাসিক প্রতিবেদন,তথ্য উপাত্ত তৈরি করা ও প্রেরণের ব্যবস্থা গ্রহন, ১৫) অর্থ মন্ত্রণালয়ের জন্য কর্পোরেশনসমূহের আর্থিক কার্যাবলীর ত্রৈমাসিক অগ্রগতি, জিডিপিতে অবদান ইত্যাদি বিষয়ে প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ, ১৬) মন্ত্রী মহোদয়ের নিকট বিভিন্ন সংবাদপত্র এর উত্থাপিত প্রশ্নোত্তরের জবাব সংগ্রহ ও প্রস্ততকরণ ও উপস্থাপন করা, ১৭) মন্ত্রী মহোদয়ের নির্দেশক্রমে মন্ত্রণালয়াধীন সংস্থাসমূহ হতে তাদের অধীন শিল্প প্রতিষ্ঠানের দৈনিক উৎপাদন,বিক্রয়,মজুদ পণ্য ও সর্বশেষ বিবরণী সংগ্রহ করা এবং উহা কম্পিউটারে সংরক্ষণ করা ও মন্ত্রী মহোদয়ের চাহিদা অনুসারে উপস্থাপন করা, ১৮) অত্র মন্ত্রণালয় সংক্রান্ত বর্তমান সরকারের বিভিন্ন কার্যাবলীর তথ্য ও উপাত্ত সংগ্রহ ও প্রতিবেদন প্রস্তত এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ, ১৯) বহির্বিশ্বে বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে বিতরণের জন্য দেশের সার্বিক পরিস্থিতিমূলক ডায়রী প্রকাশের প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত এবং প্রতিবেদন (বাংলা ও ইংরেজীতে) প্রণয়ন এবং তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ (মন্ত্রণালয়াধীন করপোরেশন সমূহের), ২০) তথ্য অধিকার সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন, ২১) অন্যান্য কাজ যখন যাহা ন্যস্ত করা হয়।

শাখা -২৭ (এসএমই)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব -স্বস (এসএমই)	১) এস এমই উন্নয়ন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্সের সুপারিশ ও এস এম ই নীতিকৌশল বাস্তবায়ন ২) এস এমই এসডিপি কর্মসূচী এবং এর বিভিন্ন অংশসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ ৩) এস এমই এর উপর পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম পর্যালোচনা ও তদারক এবং তাদের সফলতা সম্পর্কে ফিডব্যাক প্রদান ৪) এস এমই বিষয়ে ক্ষুদ্র উদ্যোক্তা তহবিল (এসইএফ) ফান্ড এর আওতায় প্রদত্ত ঋণের সুফল পর্যবেক্ষণ ৫) এস এমই কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বিভাগ, শিল্প মন্ত্রণালয়, সংশ্লিষ্ট ইউনিট/সংস্থা, সরকারি ও বেসরকারি সেক্টরের ষ্টেকহোল্ডার এবং এশীয় উন্নয়ন ব্যাংকের কার্যাবলীর মধ্যে সমন্বয় সাধন ও যোগাযোগ স্থাপন করা ৬) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), বাংলাদেশ স্ট্যান্ডর্ড এন্ড টেষ্টিং ইনস্টিটিউট (বিএসটিআই) এবং এসএমই সেলের কর্মকান্ডের সক্ষমতা উন্নয়ন (Capacity Building) এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকে শক্তিশালীকরণ ৭) এনসিআইডি, এসএমই টাস্কফোর্স, এডভাইজারী প্যানেল এবং এসএমই ফাউন্ডেশন সংক্রান্ত কাজ ৮) এস এমই সংক্রান্ত সমন্বিত তথ্য ভান্ডার প্রতিষ্ঠা এবং এ লক্ষ্যে এসএমই এর উপর দেশব্যাপী জরীপ কার্যক্রম পরিচালনা ৯) ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট (স্কীটি) ও এসএমই'র সাথে সম্পৃক্ত অন্যান্য প্রশিক্ষণ ইনস্টিটিউট এর দক্ষতা উন্নয়ন ১০) ডিসপ্লেজড গার্মেন্টস শ্রমিকদের চাকুরীর সুবিধার ক্ষেত্রে দক্ষতা উন্নয়ন ১১) মহিলা শিল্পোদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান ১২) অন্যান্য কাজ যখন যাহা ন্যস্ত করা হয়।
শাখা -২৮ (শিল্প নীতি)	**দায়িত্ব**
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব - নীতি (শিল্প নীতি) সাময়িক বিকল্পঃ সহকারী সচিব/ সিনিয়র সহকারী সচিব - নীতি (অন্যান্য সংস্থার নীতি)	১) শিল্পনীতি প্রণয়ন/সংশোধন, ২) শিল্পনীতি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা, ৩) জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের (এনসিআইডি) সভা অনুষ্ঠান,সিদ্ধান্ত,বাস্তবায়ন এবং অনুবর্তী কার্যক্রম গ্রহণ, ৪) জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটির সভা অনুষ্ঠান,সিদ্ধান্ত বাস্তবায়ন এবং অনুবর্তী কার্যক্রম গ্রহণ, ৫) শিল্পায়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহার এবং প্রাসংগিক বিষয়াদি, ৬) শাখার কার্যের সহিত সংশ্লিষ্ট বিবিধ বিষয়, ৭) বেসরকারি ইপিজেড ও বেপজা সংক্রান্ত বিষয়াদি, ৮) পরিবেশ ও বন মন্ত্রণালয় সংক্রান্ত কাজ,শিল্প দূষণ রোধ সংক্রান্ত কাজ। ৯) শিল্প পরিবেশ সংরক্ষণার্থে ইটিপি ও সিইটিপি নির্মাণ সংক্রান্ত বিসয়ে সংশ্লিষ্ট সংস্থা ও পরিকল্পনা কোষের সঙ্গে যোগাযোগ করা। ১০) নতুন শিল্প স্থাপন/বিনিয়োগ/নিবন্ধনের ক্ষেত্রে বিনিয়োগ বোর্ড ও পোষক সংস্থার চাহিদা সম্পর্কে মতামত প্রদান। ১১) শিল্প প্রতিষ্ঠানের জন্য জমি অধিগ্রহণ সংক্রান্ত; ১২) শিল্প ঋণ সংক্রান্ত কাজে সহযোগিতা প্রদান; ১৩) শিল্পের প্রকৃতি/শ্রেণীর বিষয়ে সনদ প্রদান সংক্রান্ত বিতর্ক নিরসনে কার্যক্রম গ্রহন।

শাখা-২৯ (অন্যান্য সংস্থার নীতি)	দায়িত্ব
সহকারী সচিব/সিনিয়র সহকারী	১) অন্যান্য মন্ত্রণালয়ের ও সংস্থার নীতি সংক্রান্ত বিষয়। ২) স্থানীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ ও বিকাশ সাধনের উদ্দেশ্যে যথাযথ আমদানি ও রফতানি নীতি প্রণয়নে বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বিত কার্যক্রম গ্রহণ, ৩) সংবাদপত্র/অন্যান্য প্রকাশনার কাজে নিউজপ্রিন্ট সরবরাহ এবংএ সম্পর্কিত যাবতীয় কাজ, ৪) রাইট অফ রিফিউজার (ROR) সংক্রান্ত বিষয়াদি, ৫) স্থানীয় শিল্পের কাঁচামালা এবং যন্ত্রাংশের চাহিদা নিরসন ও আমদনি অনুমোদন প্রদান সংক্রান্ত কার্যাবলী ৬) শিল্পোন্নয়নে/শিল্প বিকাশ এবং স্থানীয় শিল্পজাত পণ্যের বিপণনের স্বার্থে আমদানি ও রফতানি সংক্রান্ত আয়কর রেয়াত এবং পুনর্বিন্যাসের উদ্যোগ গ্রহণ; ৭) চোরাচালান প্রতিরোধ সম্পর্কিত প্রাসংগিক কার্যাবলী; ৮) ইলেকট্রনিক্স শিল্প, চামড়া শিল্প, ঔষধ শিল্প ও অন্যান্য সুনির্দিষ্ট শিল্প খাতের উন্নয়ন ও

	বিকাশের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ, ৯) উল্লিখিত শিল্প খাতের স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে পৃথক নীতিমালা প্রণয়ন সম্পর্কিত কার্যাদি; ১০) চামড়া শিল্পের আধুনিকীকরণ পুনর্বাসন ও সম্প্রসারণ ও সম্প্রসারণের(বিএমআরই)লক্ষ্যে স্থানীয় ও বিদেশী সূত্র থেকে অর্থ সংস্থান এবং প্রাসংগিক কার্যাবলী সমন্বয় সাধন; ১১) কোন শিল্প খাতকে ’ রফতানিমুখী শিল্প ’ হিসাবে সরকারি স্বীকৃতি/অনুমোদন প্রদান; ১২) বাৎসরিক আইন,বিধি সংরক্ষণ ও হালনাগাদ করা; ১৩) গার্ড ফাইল সংরক্ষণ; ১৪) শাখার সহিত সংশ্লিষ্ট বিবিধ বিষয়; ১৫) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক অন্য যে কোন বিষয়, ১৬) ইপিবি, বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য অর্থলগ্নি প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক রিপোর্ট এর ভিত্তিতে রপ্তানি ও বিনিয়োগ সংক্রান্ত তথ্য সংরক্ষণ, ১৭) এমআইএস শাখা ও অন্যান্য শাখার সহযোগিতায় দেশের শিল্প তালিকা প্রণয়ন, সংরক্ষণ ও হালনাগাদ করণ;
শাখা-৩০ (পেটেন্ড, ডিজাইন , ট্রেডমার্কস ও বিএবি)	**দায়িত্ব**
	১) মেধা সম্পদ নীতিমালা {Intellectual Property (IP) Policy} প্রণয়ন, ২) মেধা সম্পদ নীতিমালা বাস্তবায়ন কৌশল নির্ধারণ, ৩) মেধাস্বত্ব (Intellectual Property) সংক্রান্ত সকল আইন ও বিধি-বিধান প্রণয়ন, সংরক্ষণ, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন, ৪) পেটেন্ট/ডিজাইন/ট্রেডমার্ক সংক্রান্ত আপীল শুনানী গ্রহণ, ৫) দেশের শ্রেষ্ঠ আবিস্কার/উদ্ভাবককে প্রতি বছর স্বীকৃতি ও সম্মাননা প্রদান, ৬) মেধাস্বত্ব সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় যোগাযোগ ও পরামর্শ গ্রহণ, ৭) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের প্রশাসনিক কার্যক্রম তত্ত্বাবধান, ৮) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের বাজেট অনুমোদন, ৯) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের উন্নয়ন প্রকল্প গ্রহণ ও অনুমোদন, ১০) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের উন্নয়ন প্রকল্প পর্যালোচনা, ১১) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নিয়োগবিধি, জনবল নিয়োগ ও পদোন্নতি বিষয়ক যাবতীয় কার্যক্রম, ১২) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের ভিশন/মিশন বিষয়ে দিক নির্দেশনা প্রদান, ১৩) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের ডিজিটালাইজেশন করার বিষয়ে দিক-নির্দেশনা প্রদান, ১৪) WIPO এর আদলে ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিতকল্পে বাংলাদেশ বেটার বিজনেস ফোরামের প্রস্তাবিত BIPO বাস্তবায়ন সংক্রান্ত, ১৫) বিএবি সংক্রান্ত বিষয়াদি ।

পরিকল্পনা অনুবিভাগের কর্মকর্তাদের কর্ম-বণ্টন

যুগ্ম-প্রধানঃ		পরিকল্পনা অনুবিভাগের সার্বিক কাজের তত্ত্বাবধান;
		যুগ্ম-প্রধানের অনুপস্থিতিতে উপ-প্রধান প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন;
উপ-প্রধানঃ		পরিকল্পনা প্রণয়ন বিষয়ে সকল কাজ; পরিবেশ সংক্রান্ত বিষয়াদি, এডিপি/আরএডিপি প্রণয়ন, প্রকল্পের অর্থ বরাদ্দ ও অবমুক্তি এবং অনুবিভাগের কর্মকর্তাদের প্রশিক্ষণ ও প্রশাসন সংক্রান্ত যাবতীয় কাজ;
পরিকল্পনা -১ শাখাঃ		**দায়িত্ব**
সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান সাময়িক বিকল্পঃ পরিকল্পনা-৫	১)	বিসিআইসির উন্নয়ন প্রকল্প সম্পর্কীয় কাজ যথাঃ-(ক) প্রকল্প সনাক্তকরণ, (খ) প্রকল্পের প্রাক বিনিয়োগ মূল্যায়ন, (গ) প্রকল্প ব্রীফ তৈরি, (ঘ) পিসিপি, পিপি, টিএপিপি ইত্যাদি মূল্যায়ন ও প্রক্রিয়াকরন; (ঙ) প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ, পরিদর্শন মূল্যায়ন ইত্যাদি; (চ) মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে সহায়তা করা ;
	২)	সমাপ্তকৃত প্রকল্পের যানবাহন সম্পর্কীয় বিষয়;
	৩)	সারকারখানার উৎপাদন এবং সার পরিস্থিতি অবলোকন;

	৪)	কৃষি সেক্টর সম্পর্কীয় যাবতীয় বিষয়;
	৫)	প্রকল্পের জনবল কাঠামো নির্ধারণ;
	৬)	প্রকল্পের পদ সৃজন, সংরক্ষন এবং নিয়োগসহ যাবতীয় কর্মকান্ড;
	৭)	প্রকল্পের বৈদেশিক সাহায্য সংক্রান্ত;
	৮)	অর্থ বরাদ্দ ও অবমুক্তি সংক্রান্ত কাজ;
	৯)	প্রকল্পভুক্ত প্রশিক্ষণ/ফেলোশীপ প্রক্রিয়াকরণ;
	১০)	প্রকল্পে অন্তর্ভুক্ত মালামাল, যন্ত্রপাতি সংগ্রহ প্রক্রিয়াকরণ;
	১১)	প্রকল্পের DPEC বিষয়াদি;
	১২)	প্রকল্পের প্রশাসনিক অনুমোদন;
	১৩)	ADP পর্যালোচনা সভা সম্পর্কীয়;
	১৪)	প্রকল্পভুক্ত পরামর্শ দাতা নিয়োগ সম্পর্কীয়;
	১৫)	পরিকল্পনা সংশ্লিষ্ট বিষয়ে ব্রীফ প্রণয়ন, বৈঠক আহবান, বৈঠকে যোগদান ইত্যাদি;
	১৬)	অনুবিভাগের সাধারণ/অভিন্ন কার্যাবলী ;
	১৭)	যুগ্ম-প্রধান কর্তৃক নির্দেশিত হয়ে পরিকল্পনা অনুবিভাগ বা মন্ত্রণালয় সংশ্লিষ্ট যে কোন কাজ।
পরিকল্পনা-২ শাখাঃ		**দায়িত্ব**
সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান সাময়িক বিকল্পঃ পরিকল্পনা-৪	১)	স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী এবং প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী;
	২)	পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে মন্ত্রিসভা/এনইসি/ইসিএনইসি এবং অনুরূপ উচ্চ পর্যায়ে উপস্থাপিতব্য কার্যাবলী ও সিদ্ধান্ত বাস্তবায়ন;
	৩)	এডিপি পর্যালোচনা বৈঠকসমূহ অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ, কার্যপত্র তৈরি এবং কার্যবিবরণী প্রস্তুতকরণ এবং ফলো-আপ;
	৪)	সাহায্যদাতা কনসোর্টিয়াম, অর্থনৈতিক সমীক্ষা ইত্যাদির জন্য প্রতিবেদন তৈরি ;
	৫)	পরিকল্পনা সংশ্লিষ্ট বিষয়ে ব্রীফ প্রণয়ন, রাইট-আপ তৈরি, বৈঠক অনুষ্ঠান;
	৬)	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থ মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ ইত্যাদির জন্য প্রতিবেদন প্রণয়ন ;
	৭)	সংশ্লিষ্ট বিষয়ে প্রতিবেদন, ব্রীফ ইত্যাদি প্রণয়ন;
	৮)	অনুবিভাগের সাধারণ/অভিন্ন কার্যাবলী ;
	৯)	যুগ্ম-প্রধান কর্তৃক নির্দেশিত হয়ে পরিকল্পনা অনুবিভাগ বা মন্ত্রণালয় সংশ্লিষ্ট যে কোন কাজ;
পরিকল্পনা-৩ শাখাঃ		**দায়িত্ব**
সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান সাময়িক বিকল্পঃ যে কোন কর্মকর্তা	১)	ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন পরিকল্পনা সম্পর্কীয় এবং শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য সকল প্রকল্পের কাজ;
	২)	শিল্প মন্ত্রণালয় এবং বিসিক-এর উন্নয়ন প্রকল্প সম্পর্কীয় কাজ। যথাঃ- (ক) প্রকল্প সনাক্তকরণ, (খ) প্রকল্পের প্রাক বিনিয়োগ মূল্যায়ন, (গ) প্রকল্প ব্রীফ তৈরি, (ঘ) পিসিপি, পিপি, টিএপিপি ইত্যাদি অনুমোদন প্রক্রিয়াকরণসহ প্রকল্প সাইকেলের সমুদয় কার্যাবলী; (ঙ) প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ, পরিদর্শন ইত্যাদি।
	৩)	পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন সম্পর্কীয় বিষয়াবলী;
	৪)	প্রকল্পের বৈদেশিক সাহায্য সংক্রান্ত;
	৫)	প্রকল্পের জনবল কাঠামো নির্ধারণ;
	৬)	প্রকল্পের পদ সৃজন, সংরক্ষন এবং নিয়োগ বিষয় যাবতীয় কার্যক্রম;
	৭)	প্রকল্পের কনসালটেন্ট নিয়োগ সংক্রান্ত;
	৮)	প্রকল্পভুক্ত প্রশিক্ষণ/ফেলোশীপ কর্মসূচী বাস্তবায়ন বিষয়ে মতামত প্রদান;
	৯)	প্রকল্পভুক্ত মালামাল যন্ত্রপাতি সংগ্রহ প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াকরণের মতামত প্রদান;
	১০)	ADP পর্যালোচনা সভার বিসিক ও মন্ত্রণালয়ের প্রকল্প সম্পর্কীয় সকল কাজ;
	১১)	শিল্প মন্ত্রণালয় কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন সকল প্রকল্প প্রক্রিয়াকরণ;
	১২)	প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন;
	১৩)	SME বিষয়ক উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি অনুসরণ;
	১৪)	মন্ত্রণালয় এবং বিসিক সম্পর্কীয় প্রকল্পের সকল বিষয়াদি;
	১৫)	অর্থ বরাদ্দ ও অবমুক্তি সম্পর্কীয়;
	১৬)	পরিকল্পনা সংশ্লিষ্ট বিষয়ে ব্রীফ প্রণয়ন, রাইট-আপ তৈরি, ইত্যাদি;
	১৭)	অনুবিভাগের সাধারণ/অভিন্ন কার্যাবলী ;
	১৮)	যুগ্ম-প্রধান কর্তৃক নির্দেশিত হয়ে পরিকল্পনা অনুবিভাগ বা মন্ত্রণালয় সংশ্লিষ্ট যে কোন কাজ।

পরিকল্পনা-৪ শাখাঃ		দায়িত্ব
সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান সাময়িক বিকল্পঃ পরিকল্পনা-৩	১)	বিএসটিআই, বিআইএম, ট্রেডমার্ক, ডিজাইন ও পেটেন্ট, বয়লার পরিদপ্তর এবং এনপিও এর উন্নয়ন প্রকল্প যথা- (ক) প্রকল্প সনাক্তকরণ, (খ) প্রকল্পের প্রাক বিনিয়োগ মূল্যায়ন, (গ) প্রকল্প ব্রীফ তৈরি, (ঘ) পিসিপি, পিপি, টিএপিপি ইত্যাদি অনুমোদন প্রক্রিয়াকরণসহ প্রকল্প সাইকেলের সমূদয় কার্যাবলী ;
	২)	প্রকল্পের বৈদেশিক সাহায্য সংক্রান্ত
	৩)	প্রকল্পের পদ সৃজন, সংরক্ষন এবং নিয়োগ বিষয় যাবতীয় কার্য্যক্রম;
	৭)	প্রকল্পের কনসালটেন্ট নিয়োগ সম্পর্কীয়;
	৮)	প্রকল্পভুক্ত প্রশিক্ষণ/ফেলোশীপ কর্মসূচী বাস্তবায়ন বিষয়;
	৯)	প্রকল্পভুক্ত মালামাল যন্ত্রপাতি সংগ্রহ প্রক্রিয়াকরণ/প্রক্রিয়াকরণের মতামত প্রদান;
	১০)	ADP পর্যালোচনা সভা সম্পর্কীয়;
	১১)	প্রকল্পের প্রশাসনিক অনুমোদন;
	১২)	প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ, পরিদর্শন ইত্যাদি;
	১৩)	প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন প্রনয়ণ;
	১৪)	বিসিক সম্পর্কীয় প্রকল্পের DPEC বিষয়াদি;
	১৫)	অনুবিভাগের সাধারণ/অভিন্ন কার্যাবলী ;
	১৬)	যুগ্ম-প্রধান কর্তৃক নির্দেশিত হয়ে পরিকল্পনা অনুবিভাগ বা মন্ত্রণালয় সংশ্লিষ্ট যে কোন কাজ।

পরিকল্পনা-৫ শাখাঃ		দায়িত্ব
সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান সাময়িক বিকল্পঃ পরিকল্পনা-১	১)	বিএসএফআইসি, বিটাক, এবং বিএসইসি যথা- (ক) প্রকল্প সনাক্তকরণ, (খ) প্রকল্পের প্রাক বিনিয়োগ মূল্যায়ন, (গ) প্রকল্প ব্রীফ তৈরি, (ঘ) পিসিপি, পিপি, টিএপিপি ইত্যাদি অনুমোদন প্রক্রিয়াকরণসহ প্রকল্প সাইকেলের সমূদয় কার্যাবলী;
	২)	প্রকল্পের বৈদেশিক সাহায্য সংক্রান্ত
	৩)	প্রকল্পের জনবল কাঠামো নির্ধারণ।
	৪)	প্রকল্পের পদ সৃজন, সংরক্ষন এবং নিয়োগ সম্পর্কীয় যাবতীয় কর্মকান্ড;
	৫)	প্রকল্পের কনসালটেন্ট নিয়োগ বিষয়াদি;
	৬)	প্রকল্পভুক্ত প্রশিক্ষণ/ফেলোশীপ কর্মসূচী বাস্তবায়ন বিষয়;
	৭)	বিজ্ঞান ও তথ্য যোগাযোগ মন্ত্রণালয় সম্পর্কীয়;
	৮)	মহিলা বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কীয় এবং জেন্ডার বিষয়াবলী;
	৯)	আইএমইডি-র জন্য প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয় তথ্য সংগ্রহ এবং যথাস্থানে প্রেরণ।
	১০)	প্রকল্পের প্রশাসনিক অনুমোদন;
	১১)	এডিবি পর্যালোচনা সভার সম্পর্কীয় সকল কাজ;
	১২)	প্রকল্পের DPEC বিষয়াদি;
	১৩)	অর্থ বরাদ্দ ও অবমুক্তি সম্পর্কীয়;
	১৪)	পরিকল্পনা সংশ্লিষ্ট বিষয়ে ব্রীফ প্রণয়ন, রাইট-আপ তৈরি, বৈঠক অনুষ্ঠান এবং ফলো-আপ;
	১৫)	প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা;
	১৬)	প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন;
	১৭)	মূল্যায়ন প্রতিবেদন তৈরি ও আইএমইডি'তে প্রেরণ।
	১৮)	জাতীয় পরিসংখ্যান পরিষদ বিষয়ক কার্যাবলী।
	১৯)	যুগ্ম-প্রধান কর্তৃক নির্দেশিত হয়ে পরিকল্পনা অনুবিভাগ বা মন্ত্রণালয় সংশ্লিষ্ট যে কোন কাজ।

দ্বিতীয় অধ্যায়

২০১৮-১৯ অর্থবছরে সম্পাদিত গুরত্বপূর্ণ কার্যক্রম

২.০ উন্নয়ন বাজেট বাস্তবায়ন

শিল্পায়ন অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকাশক্তি। বাংলাদেশের অর্থনীতিতে শিল্প খাতের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। সরকার ঘোষিত 'রূপকল্প ২০২১ এবং ২০৪১' বাস্তবায়নের মাধ্যমে একটি শিল্পসমৃদ্ধ উন্নত দেশ বিনির্মাণের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। ৭ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় (২০১৬-২০২০) শিল্পখাতে সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে শিল্প মন্ত্রণালয় সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। দেশীয় শিল্পের উন্নয়ন ও বিকাশের মাধ্যমে বাংলাদেশকে একটি শিল্পোন্নত দেশে রূপান্তর করতে শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার প্রধান হাতিয়ার হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বা উন্নয়ন বাজেট। শিল্প মন্ত্রণালয়ের অনুকূলে উন্নয়ন বাজেট বরাদ্দের পরিমাণ একদিকে যেমন বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে উন্নয়ন বাজেট বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় পূর্বের যেকোন সময়ের চেয়ে বর্তমানে দক্ষতার পরিচয় দিচ্ছে। শিল্প মন্ত্রণালয়ের অনুকূলে বিগত পাঁচ বছরের উন্নয়ন বাজেট বরাদ্দ ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

শিল্প মন্ত্রণালয়ের বিগত ০৫ অর্থবছরের উন্নয়ন বাজেট বরাদ্দ ও ব্যয়ের তুলনামূলক চিত্র

(কোটি টাকায়)

অর্থ বছর	মোট প্রকল্প	আরএডিপি বরাদ্দ				মোট ব্যয় (বরাদ্দের %)	বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দের হ্রাস/বৃদ্ধি (%)
		জিওবি	পিএ	সংস্থার নিজস্ব	মোট		
২০১৪	৩৩	৭৬৪.৩৮	১০৬৯.২৬	০.	১৩৫৫.৯৮	১০৬৯.২৬ (৭৮.৮৬%)	-
২০১৫	৩৮	৮৬১.৩০	৫৭০.৫৫	০.০০	১০৫৩.৩৮	৫৭০.৫৫ (৫৪.১৬%)	(-)৩০২.৬০ (-২২.৩২%)
২০১৬	৪৯	৪৭৭.১৭	৪৬৩.৫০	১.০০	৫৬৩.৫৬	৪৬৩.৫০ (৮২.২৫%)	(-) ৪৮৯.৮২ (-৪৬.৫০%)
২০১৭	৪৪	৮৪৪.০৬	৬৪৪.৫২ (৭৫.৪২)	০.১৫	৮৫৪.৫৩	৬৪৪.৫২ (৭৫.৪২%)	(+) ২৯০.৯৭ (+৫১.৬৩%)
২০১৮	**৫৩**	**১০২৯.৯৬**	**১০৭৯.২৯ (৯৯.২৬)**	**০.০৫**	**১০৮৭.৩০**	**১০৭৯.২৯ (৯৯.২৬%)**	(+) ২৩২.৭৭ (+২৭.৪০%)

সূত্র: পরিকল্পনা অনুবিভাগ, **শিল্পমন্ত্রণালয়**

২০১৮-২০১৯ অর্থবছরের আরএডিপিতে **শিল্পমন্ত্রণালয়ের** আওতায় মোট ৫৩টি অনুমোদিত প্রকল্প (বিনিয়োগ-৪৮, কারিগরি সহায়তা-৪ ও নিজস্ব অর্থায়নে-১) অন্তর্ভুক্ত ছিল। এসব প্রকল্পের অনুকূলে চলতি আরএডিপিতে মোট ১০৮৭.৩০ কোটি টাকা বরাদ্দ ছিল। উক্ত বরাদ্দ হতে জুন২০১৯ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১০৭৯.২৯ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৯৯.২৬%। উল্লেখ্য, চলতি অর্থবছরে মোট ৭টি প্রকল্প সমাপ্ত হয়েছে। শিল্পক্ষেত্রে সরকারের দূরদর্শী ও বহুমাত্রিক পরিকল্পনার ফলে মোট দেশজ উৎপাদন (জিডিপি) ২০১৭-২০১৮ অর্থবছরে অর্জিত ৩৩.৭১% থেকে বৃদ্ধি পেয়ে ২০১৮-২০১৯ অর্থবছরে ৩৫.১৫% তে উন্নীত হয়েছে।



২.১ বিভিন্ন আইন ও নীতি

দেশীয় শিল্পের উন্নয়ন ও বিকাশের মাধ্যমে বাংলাদেশকে একটি শিল্পোন্নত দেশে রূপান্তর করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় ২০১৮-২০১৯ অর্থবছরে ৬টি আইন এবং ০২টি নীতিমালা প্রণয়ন করেছে। এছাড়া বাংলাদেশ পেটেন্ট আইন এবং বাংলাদেশ শিল্প নকশা আইন প্রণয়নের কাজ ও প্রায় সমাপ্তির পথে। 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা ২০১৯' এর খসড়া জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।

আইন	নীতি
১) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন,২০১৮	১) মোটরসাইকেল শিল্প উন্নয়ন নীতিমালা
২) ওজন ও পরিমাপ মানদন্ড আইন	২) জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ নীতিমালা
৩) Sugar (Road Development Cess) (রহিতকরণ) আইন	
৪) বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন	
৫) বাংলাদেশ জাহাজ পুন:প্রক্রিয়াকরণ আইন	
৬) ভোজ্য তেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ আইন	

২.২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

সরকারের নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকান্ডে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় গত ৪ জুলাই ২০১৮ তারিখে মাননীয় শিল্পমন্ত্রীর প্রতিনিধি হিসেবে শিল্প মন্ত্রণালয়ের সচিব এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে মন্ত্রিপরিষদ সচিব ২০১৮-২০১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেন। শিল্প মন্ত্রণালয়ের পক্ষে সচিব এবং দপ্তর/সংস্থার পক্ষে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রধানগণও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। অন্যদিকে দপ্তর/সংস্থার প্রধান এবং স্ব স্ব দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিস প্রধানগণের মধ্যেও ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়। শিল্প মন্ত্রণালয়ের সচিব এবং স্ব স্ব দপ্তর/সংস্থার প্রধানগণ গত ২৩ জুন ২০১৯-২০২০ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর করেন। উল্লেখ্য, শিল্প মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে "বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০১৯" প্রণয়ন এবং ০৬টি সভা ও সেমিনার আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মধ্যে ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

২.৩ সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন

"সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ" শীর্ষক শ্লোগান সামনে রেখে বর্তমান সরকার নির্বাচনী ইশতেহার ২০১৮ ঘোষণা করেছেন। সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ তে বিধৃত ৩৩টি বিষয়বস্তুর মধ্যে ০৯টি শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাগুলির কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট। শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য ইশতেহারে ০৯টি বিষয়বস্তুর প্রতিটিকে পৃথক পৃথক কৌশলগত উদ্দেশ্য হিসেবে ধরে ১২০টি কার্যক্রম নির্ধারণের মাধ্যমে ফেব্রুয়ারি ২০১৯ এ একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনা প্রণয়নে ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি), রূপকল্প ২০২১ ও ২০৪১, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং মন্ত্রণালয় প্রণীত অন্যান্য নীতি ও কৌশলকে ভিত্তি দলিল হিসেবে গ্রহণ করা হয়েছে। নির্বাচনী ইশতেহারে ঘোষিত লক্ষ্য অর্জনে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার করণীয় সুনির্দিষ্ট করা হয়েছে। ২০১৮-২০২৩ মেয়াদে শিল্পখাতে গুণগত পরিবর্তন আনতে এই সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

২.৪ টেকসই উন্নয়ন অভীষ্ট অনুযায়ী কর্মপরিকল্পনা নির্ধারণ ও বাস্তবায়ন

টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত অভীষ্টের নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার ৫০জন কর্মকর্তাকে দেশী-বিদেশী বিশেষজ্ঞ দ্বারা এসডিজি বিষয়ক প্রশিক্ষণ/ধারণা প্রদান করা হয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় অভীষ্ট ৯ এর ৩টি লক্ষ্যমাত্রাসহ মোট ৫টি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে লিড, ২টি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কো-লিড এবং ৪৪টি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে এসোসিয়েট মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। উপরন্তু এসডিজি অগ্রাধিকার তালিকাভূক্ত হিসেবে অভীষ্ট ৯ এর অধীন জিডিপিতে উৎপাদন শিল্পখাতের (ম্যানুফ্যাকচারিং) অবদান ৩৫% এ উন্নীত করা এবং উৎপাদন শিল্পখাতের (ম্যানুফ্যাকচারিং) মোট কর্মসংস্থানের হার ২৫% এ উন্নীত করার লক্ষ্যমাত্রা অর্জনে মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। উক্ত লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে বর্তমানে ৭২টি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বিভিন্ন কর্মশালা, সভা, সেমিনার ইত্যাদিতে প্রাপ্ত সুপারিশের আলোকে আরও নতুন ৮৫টি প্রকল্প ২০২০ সাল নাগাদ এবং ৬৫টি প্রকল্প ২০৩০ সাল নাগাদ বাস্তবায়নের লক্ষ্যে তা অর্ন্তভুক্ত করে SDG Action Plan হালনাগাদ করা হয়েছে। 'No one leave behind' এই ধারণায় উদ্ধুদ্ধ হয়ে 'Whole of the society approach' অনুসরণে অধীনস্থ সংস্থার মাধ্যমে শিল্পখাতে সুষম উন্নয়নের দ্বারা এ মন্ত্রণালয়ের টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন করা হচ্ছে। এর ফলে একদিকে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ ঘটিয়ে পশ্চাদপদসহ দেশের সকল এলাকার সকল স্তরের জনসাধারণের উন্নয়ন সাধন সম্ভব হচ্ছে, অপরদিকে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের কৌশলগত উদ্দেশ্য সমূহের মধ্যে ৩.৩ দক্ষ, সেবামুখী ও জবাবদিহিমূলক প্রশাসন, ৩.৮ সামষ্টিক অর্থনীতি: উচ্চ আয়, টেকসই ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, ৩.১১ তরুণ যুবসমাজ: তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি, ৩.১৪ কৃষি, খাদ্য ও পুষ্টি: খাদ্য নিরাপত্তা অর্জনে নিশ্চয়তা, ৩.১৬ শিল্প উন্নয়ন, ৩.২২ সমুদ্র বিজয়: ব্লু ইকোনমি-উন্নয়নের দিগন্ত উন্মোচন, এবং ৩.২৩ জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষা ইত্যাদি বাস্তবায়নে এ মন্ত্রণালয় প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা পালন করছে।

২.৫ দপ্তর/সংস্থাসহ শিল্প মন্ত্রণালয়ের "সেবা প্রদান প্রতিশ্রুতি" পুনর্গঠন এবং পরিবীক্ষণ ব্যবস্থা প্রবর্তন

শিল্প মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা, সেবাপ্রদানে দীর্ঘসূত্রিতা পরিহার, অভিযোগ ব্যবস্থাপনা প্রতিষ্ঠা, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং জনগণকে উন্নত সেবা প্রদানে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণের লক্ষ্যে দপ্তর/সংস্থাসহ মন্ত্রণালয়ের "সেবা প্রদান প্রতিশ্রুতি" বা সিটিজেনস চার্টার পুনর্গঠন করে ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে এবং এর একটি লিখিত দলিল সংরক্ষণের লক্ষ্যে একটি সমন্বিত পুস্তিকা প্রকাশ করা হয়েছে। তদুপরি, নাগরিক সেবাদান

কার্যক্রমের সুষ্ঠু এবং সময়ানুগ বাস্তবায়ন নিশ্চিত করা এবং জবাবদিহিতা প্রতিষ্ঠা করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ করার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা নেয়া হয়েছে:

(ক) প্রাপ্ত পত্রাদি যথাসময়ে উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তি কার্যকর করে ন্যূনতম সময়ে জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে নথি উপস্থাপনের সময় মন্ত্রণালয়ে পত্র গ্রহণের তারিখ, শাখায় গ্রহণের তারিখ এবং নথি নিষ্পত্তির জন্য বিধান অনুসারে সর্বোচ্চ সময়সীমা উল্লেখ করার জন্য নির্দেশনা জারি করা হয়েছে এবং এতদসংক্রান্ত একটি সীল প্রস্তুত করে সকল শাখায় সরবরাহ করা হয়েছে এবং পত্রাদি উপস্থাপনকালে উক্ত সীল ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে।

(খ) সিটিজেন চার্টার পরিবীক্ষণ করে তিন মাস পর পর রিপোর্ট প্রদানের জন্য একাধিক পরিবীক্ষণ টিম গঠন করা হয়েছে এবং পরিবীক্ষণ টিমের জন্য একটি পরিবীক্ষণ পরিকল্পনা ছক প্রস্তুত করে দেয়া হয়েছে।

(গ) প্রত্যেক কর্মকর্তার ব্যক্তিগত কর্মপরিকল্পনা (IAP)- তে সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্তির মাধ্যমে পরিবীক্ষণ নিশ্চিত করা হয়েছে।

(ঘ) অনুবিভাগসমূহের মাসিক সমন্বয় সভায় এবং মন্ত্রণালয়ের মাসিক সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যালোচনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২.৬ শিল্প উদ্যোক্তাদের উৎসাহ প্রদানে বিভিন্ন পুরস্কার প্রদান ও মেলা আয়োজন

টেকসই শিল্পখাতের বিকাশে শিল্প উদ্যোক্তা, ব্যবসায়ী ও ভোক্তাদের মধ্যে কার্যকর যোগসূত্র স্থাপন, পণ্যের গুণগত মানোন্নয়ন এবং পণ্য বৈচিত্র্যকরণ জোরদার করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতিবছর “রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার”, “সিআইপি (শিল্প) পুরস্কার” এবং এনপিও এর উদ্যোগে “ন্যাশনাল প্রোডাক্টিভিটি এ্যান্ড কোয়ালিটি এক্সেলেন্স এওয়ার্ড” প্রদান করা হয়। এরই ধারবাহিকতায় গত ২৯ জুন ২০১৯ তারিখে বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির এবং হাইটেক শিল্পসহ সব সেক্টরকে সমন্বিত করে ছয়টি বিভাগে ১৪টি প্রতিষ্ঠানকে**“রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার ২০১৭ ”**প্রদান করা হয়। এনপিও এর উদ্যোগে বিবেচ্য অর্থবছরে ৬টি ক্যাটাগরিতে ২০১৭ সালের জন্য ১৮টি প্রতিষ্ঠানকে **“ন্যাশনাল প্রোডাক্টিভিটি এ্যান্ড কোয়ালিটি এক্সেলেন্স এওয়ার্ড ২০১৭ ”** প্রদান করা হয়। তাছাড়া ২০১৬ সালের জন্য ৫টি ক্যাটাগরিতে ৫৬জনকে **“সিআইপি (শিল্প)পুরস্কার ২০১৬”** প্রদান করা হয়। উদ্যোক্তাদের পণ্য বিপণনে সহায়তা করার লক্ষ্যে বিসিক প্রতি বছর বৈশাখী মেলা, জামদানি মেলা, পৌষ মেলা, বসন্ত মেলা, বিজয় মেলা, স্বাধীনতা মেলা আয়োজনসহ দেশ-বিদেশের বিভিন্ন মেলায় অংশগ্রহণ করে থাকে। বিসিক ২০১৮-২০১৯ অর্থবছরে ১৫টি মেলা আয়োজন করেছে এবং ৭৫টি মেলায় অংশ গ্রহণ করেছে। বিসিক ও বাংলা একাডেমির যৌথ উদ্যোগে আয়োজিত বৈশাখি মেলা ১৪২৬ এ ১০ জন কারু শিল্পীকে শিল্পমন্ত্রী ক্রেস্ট ও অভিজ্ঞানপত্র দিয়ে পুরস্কৃত করেন। এসএমই ফাউন্ডেশন কর্তৃক ১টি জাতীয় এসএমই মেলা ও ২৩টি আঞ্চলিক পণ্যমেলা আয়োজন করা হয়েছে। এবছর প্রথমবারের মত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, শেরে বাংলা নগর, ঢাকায় ৯ (নয়) দিনব্যাপী **জাতীয় শিল্প মেলা ২০১৯** আয়োজন করা হয়। গত ৩১ মার্চ ২০১৯ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থেকে উক্ত মেলাটির উদ্বোধন করেন। মেলার সমাপনী অনুষ্ঠানে মাননীয় শিল্পমন্ত্রী এবং মাননীয় শিল্প প্রতিমন্ত্রী উপস্থিত হয়ে ২৪ জন শ্রেষ্ঠ উদ্যোক্তাদের মাঝে পুরস্কার বিতরণ করেন। গুণগত শিল্পায়নের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় প্রতিবছর এ ধরণের মেলার আয়োজন অব্যাহত রাখবে।

'জাতীয় শিল্প মেলা ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী বক্তব্য প্রদান করছেন।

২.৭ চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর

(ক) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সৌদি আরবের বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক মন্ত্রী এবং অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর নেতৃত্বে সৌদি প্রতিনিধি দলের উপস্থিতিতে ০৭/০৩/২০১৯ তারিখ Riyadh Cable Group Company এর সাথে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

(খ) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে গত ০৭/০৩/২০১৯ তারিখে বিএসইসি'র নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান জেনারেল ইলেকট্রিক ম্যানুফেকচারিং কোম্পানি লি. ও সৌদি কোম্পানি ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন লিঃ এর মধ্যে ১০০ (একশত) মিলিয়ন মার্কিন ডলার (৮৫০ কোটি টাকা) বিনিয়োগে Transformers, Lifts, Elevators, Precision Engineering Products উৎপাদন কারখানা তৈরির লক্ষ্যে চুক্তি স্বাক্ষরিত হয়।

(গ) ০৭/০৩/২০১৯ তারিখে সৌদি-বাংলাদেশ ইনস্টিটিউট অব বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি’ নামে একটি প্রতিষ্ঠান গড়ে তুলতে সৌদি আরবের আল আফলিক গ্রুপ ও বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে।

(ঘ) ছাতক সিমেন্ট কোম্পানি লিমিটেড সিসিসিএল- এর জায়গায় Engineering Dimensions, KSA এর সাথে নতুন সিমেন্ট ও ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে ১৭-১০-২০১৮ তারিখে বিসিআইসি’র একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

(ঙ) কেপিএম প্রাঙ্গনে একটি শক্তিসাশ্রয়ী, পরিবেশবান্ধব ও আধুনিক প্রযুক্তির ইন্টিগ্রেটেড পেপার মিল স্থাপনের লক্ষ্যে ০২-০৪-২০১৯ তারিখে M/S, China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China এর সাথে বিসিআইসি’র একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

(চ) এনজিএফএফ প্রাঙ্গনে ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) স্থাপনের লক্ষ্যে Al-Rajhi, KSA এর সাথে ০৭-০৩-২০১৯ তারিখে বিসিআইসি’র একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

(ছ) কেপিএম প্রাঙ্গনে ১০০ মে. ওয়াট ক্ষমতা সম্পন্ন সোলার Power Plant স্থাপনের লক্ষ্যে সৌদিআরবের Al-fanar Group এর সাথে ১৭-১০-২০১৮ তারিখে বিসিআইসি’র একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

(জ) জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানির জমিতে কারখানা স্থাপনের লক্ষ্যে সৌদিআরবের ‘ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন’ নামক একটি প্রতিষ্ঠানের সাথে ২০-১২-২০১৮ তারিখে স্ট্রাটেজিক পার্টনারশীপ চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে রিয়াদ ক্যাবল গ্রুপের সাথে এমওইউ স্বাক্ষর করছেন শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম

২.৮ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন

বর্তমান সরকারে রূপকল্প ২০২১ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন একটি অপরিহার্য কৌশল হিসাবে বিবেচনা করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরে শুদ্ধাচার বাস্তবায়নে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয় এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়। কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত মাপকাঠির ভিত্তিতে সকল কর্মকর্তার অংশগ্রহণের মাধ্যমে সকলের মূল্যায়নের ভিত্তিতে শিল্প মন্ত্রণালয়ের ২ জন এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২ জনসহ মোট ০৪ জনকে ২০১৮-১৯ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়েছে এবং তাদের নামের তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

২.৯ ই গভর্ণেন্স ও ই-নথি বাস্তবায়ন

ন্যাশনাল ওয়েব পোর্টালের আওতায় শিল্প মন্ত্রণালয় (https://moind.gov.bd)-এর বাংলা ও ইংরেজি ভার্সনের তথ্য বহুল ওয়েব পোর্টাল রয়েছে। বর্তমানে শিল্প মন্ত্রণালয় (শিল্প মন্ত্রণালয়-গভ.বাংলা) ডট.বাংলা ডোমেইনে যুক্ত হয়েছে। মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো, আইন, নীতিমালা, কর্মসম্পাদন ব্যবস্থাপনা, বাজেট ও বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন, বার্ষিক ক্রয় পরিকল্পনা, জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত মন্ত্রণালয়ের কার্যক্রম, মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্প সম্পর্কিত তথ্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ, তথ্য অধিকার সম্পর্কিত তথ্যাদি, সিটিজেন চার্টার, সকল বিজ্ঞপ্তি, টেন্ডার নোটিশ, নিয়োগ সংক্রান্ত তথ্যাদি এবং সার্কুলারসহ প্রয়োজনীয় তথ্য ওয়েব পোর্টালে সংযোজন করা হয়েছে। এছাড়াও, জন গুরুত্বপূর্ণ ই-সেবাসমূহের লিংক এবং জরুরি হটলাইন সমূহের নম্বর ওয়েব পোর্টালে রয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরে ই- নথির ক্ষেত্রে ছোট ক্যাটাগরিতে শিল্প মন্ত্রণালয় প্রথম থেকে পঞ্চম অবস্থান ধরে রেখেছে। বর্তমানে ছোট ক্যাটাগরি থেকে মধ্যম ক্যাটাগরিতে উন্নীত হয়েছে তথাপিও এখন পর্যন্ত প্রথম অবস্থান ধরে রাখতে সক্ষম হয়েছে।

২.১০ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার আওতাধীন গুরুত্বপূর্ণ কতিপয় বিষয়

জনবল নিয়োগ

জনবল নিয়োগ দীর্ঘ পাঁচ বছর বন্ধ থাকার পর ২০১৮-২০১৯ অর্থবছরে শিল্প মন্ত্রণালয়ে শূণ্য পদে নিয়োগ প্রদান কার্যক্রম শুরু হয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণির পদে মোট ১৭ জনকে নিয়োগ দেয়া হয়েছে। ৪৭টি পদে বর্তমানে নিয়োগের জন্য মৌখিক পরীক্ষা গ্রহণ সমাপ্ত হয়েছে।

ঘোড়াশাল-পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প

দেশের নতুন সার কারখানা ঘোড়াশাল-পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রজেক্ট (জিপিইউএফপি) বাস্তবায়নের লক্ষ্যে গত ২৪ অক্টোবর জাপান ও চায়নার নির্মাতা প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সাবেক শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এবং বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত হিরোয়াসইজমির উপস্থিতিতে চুক্তিতে বিসিআইসি'র পক্ষে সংস্থার চেয়ারম্যান শাহ মোঃ আমিনুল হক এবং জাপানের নির্মাতা প্রতিষ্ঠান মিতসুবিশি হেভিইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে প্রতিষ্ঠানের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হাজিমীনাগানো (Nanime Nagano) ও চায়না ন্যাশনাল কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং নং-৭ কন্সট্রাকশন কোম্পানি লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ওয়ান দ লিন (Wang Da Lin) স্বাক্ষর করেন। উল্লেখ্য, নরসিংদী জেলার পলাশে 'ঘোড়াশাল-পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রজেক্ট (জিপিইউএফএফ)' বাস্তবায়ন করা হবে। বর্তমানে বিদ্যমান ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরি লিমিটেড (ইউএফএফএল) এবং পলাশ ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরি লিমিটেড (পিইউএফএফএল) এর স্থলে অত্যাধুনিক প্রযুক্তির এ কারখানা গড়ে তোলা হবে। এটি নির্মাণে জাপানের উন্নত ও পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার করা হবে। এটি হবে একটি জ্বালানি সাশ্রয়ী, উচ্চ ক্ষমতাসম্পন্ন এবং পরিবেশবান্ধব সার কারখানা। এতে প্রতিদিন ২৮০০ মেট্রিক টন গ্রানুলার ইউরিয়া উৎপাদিত হবে। বছরে এ কারখানায় ৯ লাখ ২৪ হাজার মেট্রিক টন ইউরিয়া সার উৎপাদিত হবে, যা বিদ্যমান সার কারখানা দু'টির মোট উৎপাদনের প্রায় তিন গুন। দেশের সর্ব বৃহৎ এ কারখানায় নির্মাণ প্রকল্প বাস্তবায়নে মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ১০ হাজার ৪৬০ কোটি ৯১ লাখ টাকা। এর মধ্যে বাংলাদেশ সরকার ১ হাজার ৮৪৪ কোট ১৯ লাখ টাকা অর্থায়ন করবে। বাকি ৮ হাজার ৬১৬ কোট ৭২ লাখ টাকা কমার্শিয়াল লোনের মাধ্যমে স্থাপন করা হবে।

প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প উদ্বোধন

প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৬ নভেম্বর সাভার ট্যানারি ইন্ডাস্ট্রিয়াল সিটি (ট্যানারি শিল্প নগরী) উদ্বোধন করেছেন। এছাড়াও প্রধানমন্ত্রী এসময় মুন্সিগঞ্জের গজারিয়ায় 'অ্যাকটিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্ট (এপিআই) ইন্ডাস্ট্রিয়াল পার্ক' এবং সিরাজগঞ্জে বিএসসিআইসি শিল্প পার্ক উদ্বোধন করেন।

সাভার চামড়া শিল্পনগরী

মহামান্য হাইকোর্টের নির্দেশে ২০১৬ সালে হাজারীবাগ হতে সাভারে ১৯৯.৪০ একর জায়গায় স্থানান্তরিত সাভার চামড়া শিল্প নগরীতে প্লট সংখ্যা ২০৫টি, শিল্প কারখানা ১৫৫টি। বর্তমানে চালু আছে ১২৩টি চামড়া শিল্প। বিগত দেড় বছরে সাভারে এই প্রকল্পটির বেশ অগ্রগতি হয়েছে। রাস্তা নির্মান কাজ শেষ হয়েছে। ড্রেনেজ, বাউন্ডারি ওয়াল এর কাজ শেষ হয়েছে। সিইটিপির কাজ শেষ পর্যায়ে। সাভার চামড়া শিল্পনগরীর কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার (সিইটিপি) পরিচালনার জন্য Dhaka Tannery Industrial Estate Waste Treatment Plant Company Limited নামে একটি কোম্পানি গঠন করা হয়েছে। উক্ত কোম্পানিটি সরকারি ও বেসরকারি উদ্যোক্তাদের মাঝে সমন্বয়ের মাধ্যমে পরিচালিত হবে। ভবিষ্যতে চামড়া শিল্প উন্নয়নের জন্য আরো দুটি প্রকল্প হাতে নেয়া হচ্ছে। এর একটি রাজশাহীতে অপরটি চট্টগ্রামের মিরসরাইয়ে।

যৌথ উদ্যোগে হোন্ডা কোম্পানি

বাংলাদেশ ও জাপান হোন্ডার যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানি বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লি: এ ৩০% শেয়ার অক্ষুন্ন রাখতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে।

গাজীওয়্যারস আধুনিকায়ন

গাজীওয়্যারস লি. এর উৎপাদন প্রক্রিয়া আধুনিকায়নে ৮.৭৯ কোটি টাকা ব্যয়ে Vertical Enameling Machine ক্রয় এবং স্থাপন করা হয়েছে।

বন্ধ ঘোষিত ঢাকা স্টীল ওর্য়াকস পুনরায় চালু

দীর্ঘ ৩০ বছর বন্ধ থাকার পর ঢাকা স্টীল ওর্য়াকস লি. ০৫/০৭/২০১৮ তারিখ পুন: চালু করা হয়েছে। এ শিল্পকে বৃহৎ আকারে রূপ দিতে এর অন্য দু'টি ইউনিটও চালু করা হবে। ১৯৯৪ সালে বিএনপি সরকার প্রতিষ্ঠানটি লে-অফ ঘোষণা করে। প্রধানন্ত্রী শেখ হাসিনার বন্ধ কারখানা চালুর ঘোষণা বাস্তবায়নের অংশ হিসেবে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে ২০১৬ সাল থেকে কারখানাটি পুনরায় চালুকরণের প্রক্রিয়া শুরু হয়। পর্যায়ক্রমে গ্যাস, বিদ্যুৎ ও পানি সংযোগ গ্রহণ, ভূমি উন্নয়ন কর, পৌর কর ও বিভিন্ন বকেয়া বিল পরিশোধ, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র, ফায়ার লাইসেন্স, বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের ছাড়পত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ করার পর এটি আনুষ্ঠানিকভাবে চালু করা হলো।

লবণ উৎপাদনে সাফল্য

লবণ শিল্পে বেসরকারি খাতে ১৮.২৪ লক্ষ মেট্রিক টন লবণ উৎপাদিত হয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরে কোন লবন আমদানি করতে হয়নি। ১ম পর্যায়ে লবণ চাষীদের জরিপ করে ২৭,৫২৮ জন চাষীর নাম ঠিকানা ও ৫৯,৫৬৩ একর লবণ চাষের জমি পুস্তিকাকারে লিপিবদ্ধ করে প্রকাশ করা হয়েছে।

জিআই পণ্য

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)-তে ভৌগলিক পণ্য নিবন্ধন আইন, ২০১৩ ও বিধিমালা, ২০১৫ কার্যকর হওয়ায় বাংলাদেশের 'চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম'-কে ভৌগলিক নির্দেশক পণ্য হিসেবে নিবন্ধন প্রদান করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i এবং ডিপিডিটি কর্তৃক স্বাক্ষরিত চুক্তির আওতায় মেধাসম্পদ সম্পর্কিত অনলাইন সেবার সাথে অনলাইনে পেমেন্ট প্রদানের ব্যবস্থা চালু করে সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে।

বিএসটিআই'র সাফল্য

মাননীয় হাইকোর্টের নির্দেশে এবং জনস্বার্থ বিবেচনা করে ফলমূল পণ্যটি বিএসটিআই'র আওতাভূক্ত না হওয়া সত্ত্বেও বিএসটিআই ফলমূলে ফরমালিন পরীক্ষা করছে। চলতি অর্থবছরে বিভিন্ন ধরণের ২৬৫টি নমুনা বাজার থেকে ক্রয় করে ফরমালিনের উপস্থিতি পরীক্ষা করা হয়েছে। নমুনা আনা ফলগুলির কোনটিতে ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি।

কেমিক্যালস কারখানার জন্য বিশেষ অঞ্চল নির্ধারণ

'কেমিক্যালস কারখানার জন্য বিশেষ অঞ্চল নির্ধারণ করে কারখানাসমূহ সেখানে স্থানান্তর করা যেতে পারে' শীর্ষক সুপারিশের আলোকে শিল্প মন্ত্রণালয় নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করেছে:

(১) ঢাকার পুরাতন শহর যথা: নিমতলী ও চকবাজারের চুড়িহাট্টা হতে কেমিক্যালস গোডাউন সরিয়ে নেয়ার লক্ষ্যে মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান এলাকায় ৩১০ একর জায়গায় ১৬৭০ কোটি টাকা ব্যয়ে একটি কেমিক্যালস ইন্ডাস্ট্রিয়াল পার্ক নামে প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে ভূমি অধিগ্রহণের জন্য ১০০ কোটি টাকা জেলা প্রশাসক এর অনুকূলে প্রদান করা হয়েছে।

(২) অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ শীর্ষক একটি প্রকল্প বিসিআইসি কর্তৃক তাদের নিজস্ব জায়গায় শ্যামপুরে ৭৯৪১.৫১ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।

(৩) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন কর্তৃক 'রাসায়নিক গুদাম নির্মাণ' শীর্ষক একটি প্রকল্প ঢাকা বিভাগের গাজীপুর জেলার টঙ্গীতে ৯১৭৪.৪৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।

বিসিক শিল্পনগরী

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণের দায়িত্বে নিয়োজিত সরকারি খাতের মুখ্য প্রতিষ্ঠান এবং এ খাতের বিধিবদ্ধ পোষক কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব পালন করে আসছে। স্থায়ী প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় এবং উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বিসিক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিসিকে ৭৬টি শিল্প নগরীর মধ্যে মোট প্লটের সংখ্যা ১০,৫৯০টি, তার মধ্যে মোট বরাদ্দকৃত প্লটের সংখ্যা ১০,১৩৯টি এবং অবরাদ্দকৃত প্লটের সংখ্যা ৪৯১টি অর্থাৎ ৯৫.৭৪% প্লটের বরাদ্দ করা হয়েছে।

জনপ্রশাসন পদক প্রাপ্তি

প্রতিবন্ধীদের জন্য সাশ্রয়ী মূল্যে বিশেষ ডিজাইনের হাইড্রোলিক লিফট উদ্ভাবনের জন্য বিটাক জনপ্রশাসন পদক ২০১৮ অর্জন করে। এ অর্জনের ফলে প্রথমবারের মত প্রতিষ্ঠানটির সৃজনশীল উদ্ভাবন সম্পর্কে জনগণের জানার সুযোগ তৈরি হয়েছে।

জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদযাপন

যথাযথ উদ্দীপনা ও বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে গত ২৩ জুলাই 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০১৮' উদ্‌যাপন করেছে শিল্প মন্ত্রণালয়। শিল্প মন্ত্রণালয় প্রাঙ্গনে বর্ণাঢ্য সেবা প্রদর্শনীর আয়োজন করা হয়। এতে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠান নিজেদের সেবা ও উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরে। প্রতিষ্ঠানগুলো তাদের সেবা সম্পর্কে নানা রঙের ব্যানার, ফেস্টুন, পোস্টার, স্টিকার এবং ভিডিও চিত্র প্রদর্শন করে। এ উপলক্ষে সেবা সম্পর্কিত বুকলেটও প্রকাশ করা হয়। এগুলো আগত দর্শনার্থী ও সেবাগ্রহীতাদের মাঝে বিতরণ করা হয়। সাবেক শিল্পমন্ত্রী আমির হোসেন আমু সেবা প্রদর্শনী উদ্বোধন করেন।

জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০১৯

জাতীয় শোক দিবস পালন

গত ১২ আগস্ট ২০১৯ তারিখে রাজধানীর বিসিআইসি মিলনায়তনে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন

জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বাড়াতে গত ০২ অক্টোবর, উৎপাদনশীলতা দিবস ২০১৮ পালন করা হয়। ২০১১ সালের ০২ অক্টোবর তারিখে এনপিও কর্তৃক আয়োজিত উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক জাতীয় বহুপক্ষীয় সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে রূপান্তরের লক্ষ্যে প্রতি বছর ০২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালনের ঘোষণা প্রদান করেন। এর পর থেকে প্রতি বছর ০২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করা হচ্ছে। এ বছর দিবসের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সুখী ও সমৃদ্ধ দেশ বিনির্মাণে উৎপাদনশীলতা'। কর্মসূচির অংশ হিসেবে শোভাযাত্রার আয়োজন করা হয়। বিকাল ০৪.০০ টায় রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'সুখী ও সমৃদ্ধ দেশ বিনির্মাণে উৎপাদনশীলতা' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সাবেক কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, এম.পি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রথম জাতীয় শিল্প মেলা আয়োজন

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে প্রথম বারের মত আয়োজিত হল জাতীয় শিল্প মেলা। মাননীয় প্রধানমন্ত্রী ৩১ মার্চ ২০১৯ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সপ্তাহ ব্যাপী এ মেলা উদ্বোধন করেন। শিল্প মেলার সমাপনী অনুষ্ঠানে ৮টি ক্যাটাগরিতে মোট ২৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের প্রতিনিধিকে পুরস্কৃত করেন শিল্পমন্ত্রী।

বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস পালন

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) এর আয়োজনে গত ৯ জুন পালিত হল 'বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস ২০১৯'। এ উপলক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ে আয়োজিত অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এম.পি প্রধান অতিথি ছিলেন। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির ফলে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) ইতোমধ্যে ৭১টি দেশি-বিদেশি ল্যাবরেটরি, সনদ প্রদানকারী প্রতিষ্ঠান ও পরিদর্শন সংস্থা অ্যাক্রেডিটেশন সনদ প্রদানে সক্ষম হয়েছে। এর মধ্যে ৬২টি দেশীয় এবং বহুজাতিক টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরি, ২টি মেডিক্যাল ল্যাবরেটরি, ২টি ইন্সপেকশন ও ৫টি সনদ প্রদানকারী সংস্থা রয়েছে।

ব্লু ইকোনমি

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী জাহাজ পুন:প্রক্রিয়াজাতকরণ শিল্পকে (Ship Recycling) দেশের অন্যত্র ছড়িয়ে দেয়ার লক্ষ্যে বরগুনা জেলার তালতলী উপজেলার ছোট নিশানবাড়িয়া মৌজায় আধুনিক ও টেকসই পরিবেশ বান্ধব জাহাজ পুন:প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য ১০৫.৫০ একর জমি চিহ্নিত করা হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় হতে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে। এর প্রেক্ষিতে সম্ভাব্যতা যাচাইয়ের প্রতিবেদন তৈরির লক্ষ্যে বিএসইসি কর্তৃক ৪.৯৮ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

তৃতীয় অধ্যায়
রিফর্মস

০১. শিল্প মন্ত্রণালয়ের লাইব্রেরিতে বঙ্গাবন্ধু কর্ণার প্রতিষ্ঠা

শিল্প মন্ত্রণালয়ের একটি গৌরবোজ্জ্বল অধ্যায় এই যে, স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৬ সালে কোয়ালিশন সরকারের শিল্প, বাণিজ্য, শ্রম, দুর্নীতি দমন ও গ্রাম সহায়তা দপ্তরের মন্ত্রী ছিলেন। কোয়ালিশন সরকারের শিল্পমন্ত্রী বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের দীর্ঘলালিত স্বপ্ন ছিল বাংলাদেশের অর্থনীতিকে শক্তিশালী ভিত্তির ওপর দাঁড় করানো। তিনি তৃণমূল পর্যায়ে শ্রমঘন শিল্পায়নের ধারা বেগবান করে টেকসই ও সুষম অর্থনৈতিক উন্নয়নের পথে দেশকে এগিয়ে নিতে চেয়েছিলেন।

জাতির পিতার দীর্ঘ লালিত স্বপ্ন ও আদর্শ থেকে শিক্ষা গ্রহণের জ্ঞানভান্ডার সৃষ্টির লক্ষ্য নিয়ে শিল্প মন্ত্রণালয়ের লাইব্রেরিতে একটি 'বঙ্গাবন্ধু কর্ণার' স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়। শিল্প মন্ত্রণালয়ের সুযোগ্য সচিব জনাব মোঃ আবদুল হালিম এর নির্দেশনা ও তাগিদে জানুয়ারি ২০১৯ মাসে 'বঙ্গাবন্ধু কর্ণার' মন্ত্রনালয়ের নীচ তলার লাইব্রেরিতে ছোট পরিসরে বাস্তব রূপ ধারন করে। জাতির পিতার জন্মশত বার্ষিকী পালন উপলক্ষে 'বঙ্গাবন্ধু কর্ণার' এর পরিসর বৃদ্ধি ও নবসাজে সজ্জিত করার জন্য সচিব মহোদয়ের নির্দেশনায় 'বঙ্গাবন্ধু কর্ণার' সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ করা হয়। জাতির পিতার জন্মশত বর্ষের প্রথম দিন ১৭ মার্চ ২০২০ তারিখে পূর্ণাংগ 'বঙ্গাবন্ধু কর্ণার' স্থাপন করা হবে।

১৯৫৭ সালে আওয়ামী লীগের কাগমারী সম্মেলনে সিদ্ধান্ত হয় যে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পদে থেকে কেউ মন্ত্রী থাকতে পারবেন না। মন্ত্রীত্ব থেকে স্বাধিকার অর্জনকে গুরুত্ব দিয়ে বঙ্গাবন্ধু মন্ত্রীত্ব ছেড়ে স্বীয় দলের সাংগঠনিক কাজে আত্মনিয়োগ করেন। ১৯৫৬ সালে মন্ত্রী হিসেবে শিল্প মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণ এবং ১৯৫৭ সালে স্বাধীনতা অর্জনের পথ নির্মাণের স্বার্থে মন্ত্রীত্ব থেকে পদত্যাগ এই সময়ে বঙ্গাবন্ধুর কার্যক্রম ভিত্তিক দুর্লভ স্থির চিত্র এবং বঙ্গাবন্ধুর আবেগঘন পারিবারিক মুহূর্তের কিছু স্থির চিত্র নিয়ে 'বঙ্গাবন্ধু কর্ণার' সজ্জিত করা হচ্ছে। এ কর্ণার সমৃদ্ধ করার জন্য বঙ্গাবন্ধুর কর্মময় জীবন ভিত্তিক এ্যালবাম, স্মরণিকা, স্মারক ডাকটিকিট, ইতোমধ্যে প্রকাশিত বইপত্র, জার্নাল ইত্যাদি সংগ্রহ করা হয়েছে এবং হচ্ছে।

বঙ্গাবন্ধুর স্বপ্ন ও আদর্শের সুযোগ্য উত্তরসূরী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার রূপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে একটি ক্ষুধা-দারিদ্র্যমুক্ত, অসাম্প্রদায়িক, শান্তিপূর্ণ, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার পথ অনেকদূর নির্মাণ করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের নেতৃত্বে শিল্প মন্ত্রণালয় কর্তৃক গৃহীত শিল্পনীতি ও কর্মসূচি বাস্তবায়নের ফলে জাতীয় অর্থনীতিতে শিল্পখাতের অবদান ক্রমেই জোরদার হচ্ছে। দেশব্যাপী টেকসই ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের দ্রুত প্রসার ঘটছে। ফলে দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান, নারীর ক্ষমতায়নসহ আর্থ-সামাজিক অগ্রগতির বিভিন্ন সূচকে বাংলাদেশ প্রতিবেশি দেশগুলো থেকে এগিয়ে আছে। জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর আদর্শ, দেশপ্রেম ও উন্নয়ন দর্শনের সাথে সকলকে অধিকতর সম্পৃক্ত করার স্বার্থে 'বঙ্গাবন্ধু কর্ণার' সবিশেষ ভূমিকা রাখবে বলে শিল্প মন্ত্রণালয়ের বিশ্বাস।

২. ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা [Individual Action Plan (IAP)] প্রণয়নের উদ্যোগ গ্রহণ

ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা হচ্ছে একজন কর্মকর্তা এক অর্থবছরে কি কি কাজ করবে তা বছর শুরুর পূর্বেই নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সংগে চুক্তিবদ্ধ হওয়া। প্রতিবেদনাধীন বছরে শিল্প মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। সরকারের রূপকল্প ২০২১ এবং ২০৪১, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, টেকসই উন্নয়ন অভিষ্ট এবং জাতীয় শিল্প নীতি সংশ্লিষ্ট শর্তসমূহ অর্জনের লক্ষ্যে শিল্পায়নকে বেগবান করার জন্য শিল্প মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ভুমিকা রয়েছে। সেজন্য মন্ত্রণালয়ের উন্নয়ন পরিকল্পনাসহ সেবা কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা সুনিশ্চিত এবং সুশাসন সুসংহতকরণের জন্য সরকারের গৃহীত পদক্ষেপগুলো বছরের শুরুতেই নিজেদের কর্মপরিকল্পনায় (Individual Action Plan) অন্তর্ভুক্ত করে তা বাস্তবায়নের অঙ্গীকার ও পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। মন্ত্রণালয়ের লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে নিজ নিজ দপ্তর/শাখা/অধিশাখায় নির্ধারিত দায়িত্ব কর্তব্য

সম্পাদনকল্পে ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা (Individual Action Plan) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়নের মাধ্যমে কর্তব্য কর্ম ও দায়িত্ব পালন হবে স্বচ্ছ, সেবামূলক ও কার্যকর। পরবর্তী অর্থবছরের জন্য ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে একটি ছক প্রস্তুত করা হয়।

ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা (Individual Action Plan) এর ২০১৯-২০২০, ছক

কর্মকর্তার নাম: পদবি :

ক্র নং	কর্মসম্পাদনযোগ্য কাজ (রুটিন বা বিশেষ দায়িত্ব) গুরুত্ব অনুসারে ক্রম নির্ধারণ করুন	কর্মকৃতি নির্দেশক	একক	লক্ষ্যমাত্রা (বিকল্প লক্ষ্যমাত্রসহ)							প্রকৃত অর্জন	বৎসর শেষে অথবা পর্যালোচনা সময় পর্যন্ত প্রদত্ত/ প্রাপ্ত নম্বর (১০-৪)
				১০	৯	৮	৭	৬	৫	৪		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১.												
২.												
৩												
৪.												
৫.												

অনির্ধারিতপরিমাপ অযোগ্য/ কাজ (যদি থাকে)

কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ তদারককারী/উর্ধ্বতন কর্মকর্তার নাম, পদবী ও স্বাক্ষর

৩. Working APA প্রণয়নের উদ্যোগ গ্রহণ

শিল্প মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি [Annual Performance Agreement (APA)] যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে Working APA প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। APA তে প্রতিটি Target/Activity কোন অনুবিভাগ/কর্মকর্তা বাস্তবায়ন করবে তা নির্ধারন করে দেওয়া। দ্বিতীয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) যথাযথভাবে এবং নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে অনুবিভাগওয়ারী বাস্তবায়নকারী কর্তৃপক্ষ নির্ধারণপূর্বক (১৬ নং কলাম যুক্ত করে) নিম্নলিখিতভাবে Working APA প্রণয়ন করা হয়। Working APA প্রণয়নের ফলে অনুবিভাগওয়ারী প্রতিটি কর্মকর্তার লক্ষ্য এবং উদ্দেশ্য অনুযায়ী সঠিক সময়ে অর্পিত দায়িত্ব পালন সুনির্দিষ্ট ও সহজ হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নে স্বচ্ছতা ও গতিশীলতা আসবে।

অনুবিভাগওয়ারী বাস্তবায়নকারী কর্তৃপক্ষ নির্ধারণপূর্বক প্রণীত working APA-এর ছক

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	ভিত্তি বছর (Base Year) ১৭-১৮	প্রকৃত অর্জন* ১৮-১৯	লক্ষ্য মাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20)					প্রক্ষেপণ (Projection) ২০২০-২১	প্রক্ষেপণ (Projection) ২০২১-২২	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্ন			
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

৪. নির্বাচনী ইশতেহার ২০১৮ পুস্তক আকারে প্রকাশ

সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর আলোকে শিল্প মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন কর্মপরিকল্পনা সংক্রান্ত পুস্তিকা প্রকাশ করা হয়। বিশ্ববরেণ্য রাষ্ট্রনায়ক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ নেতৃত্বে বাংলাদেশ ইতোমধ্যে উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। এর ধারাবাহিকতায় বাংলাদেশ এখন উন্নত দেশের কাতারে পৌঁছে যাওয়ার নতুন অভিযাত্রা শুরু করেছে। এ লক্ষ্যে 'সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' শীর্ষক শ্লোগান সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ ঘোষণা করেছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অর্থনৈতিক দর্শনের আলোকে বাংলাদেশকে একটি শিল্প সমৃদ্ধ ও উন্নত রাষ্ট্রে পরিনত করাই এ ইশতেহারের মূল লক্ষ্য। শিল্প মন্ত্রণালয় সরকারের ইশতেহারকে উন্নয়নের একটি পরিকল্পিত দলিল হিসেবে গ্রহণ করেছে। এটি ঘোষণার পরপরই এর আঙ্গিক ও মৌলিক লক্ষ্যগুলো বিশ্লেষণ করেছে। অতঃপর শিল্প মন্ত্রণালয়ের কার্যপরিধির সাথে সম্পর্কিত লক্ষ্যগুলো চিহ্নিত করে দ্রুততার সাথে বাস্তবায়নের জন্য একটি সময়াবদ্ধ বিশদ কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে। এ কর্মপরিকল্পনা প্রণয়নে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি), রূপকল্প ২০২১ ও ২০৪১, জাতীয় শিল্পনীতি ২০১৬, শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং মন্ত্রণালয় প্রণীত অন্যান্য নীতি ও কৌশলকে ভিত্তি দলিল হিসেবে গ্রহণ করা হয়েছে। এগুলোর সাথে সমন্বয় করে ইশতেহারে ঘোষিত লক্ষ্য অর্জনে শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার করনীয় সুনির্দিষ্ট করা হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ তে বিধৃত ৩৩ টি বিষয়বস্তুর মধ্যে ৯টি শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাগুলোর কর্মকান্ড সংশ্লিষ্ট। শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য ইশতেহারের ৯টি বিষয়বস্তুর প্রতিটিকে পৃথক পৃথক কৌশলগত উদ্দেশ্য হিসেবে ধরে কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়েছে। কৌশলগত উদ্দেশ্যগুলো বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটির অনুকূলে সম্পাদনযোগ্য একাধিক কার্যক্রম পরিকল্পনা করা হয়েছে। এতে ইশতেহারে উল্লিখিত শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট ৯টি বিষয়বস্তুর অনুকূলে সর্বমোট ১২০টি কার্যক্রম নির্ধারিত হয়েছে, যা ২০১৯-২০২৩ মেয়াদে বাস্তবায়নযোগ্য। এ কর্মপরিকল্পনার আরেকটি উল্লেখযোগ্য দিক হলো এতে গৃহীত কার্যক্রম/পরিকল্পনা বাস্তবায়নে সম্ভাব্য বাজেটের কথাও তুলে ধরা হয়েছে।

৫. বৎসরে অনুষ্ঠিতব্য গুরুত্বপূর্ণ মাসিক সভাগুলোর ক্যালেন্ডার তৈরি

শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য গুরুত্বপূর্ণ মাসিক সভাগুলোর ক্যালেন্ডার তৈরি করা হয়। মাসিক সমন্বয় সভা, মাসিক সভা, বাজেট বাস্তবায়ন সংক্রান্ত সভা, প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সভা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত সভা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সভা, জাতীয় শুদ্ধাচার কৌশলের নৈতিকতা কমিটির সভা, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভাসমূহ সময়মত অনুষ্ঠান ও সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সম্ভাব্য দিন নির্ধারণ করা হয়। ফলে মন্ত্রণালয়ের কর্মকর্তা, দপ্তর/সংস্থার প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলে সভায় অংশগ্রহনের প্রস্তুতি ও সুযোগ থাকবে। এতে কর্মকর্তাদের উপস্থিতি বাড়বে ও সময় সাশ্রয়ী হবে এবং সভাসমূহ ফলপ্রসু হবে।

৬. আইন/নীতি প্রণয়নে ক্যালেন্ডার প্রস্তুতকরণ

শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন আইন/নীতি প্রণয়নকল্পে ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। যেমন-

বয়লার আইন, ২০১৯ # মন্ত্রিসভা-বৈঠকে খসড়া আইন এর নীতিগত অনুমোদন গৃহীত # সময়সীমা (০১/০৬/২০২০)			
			• অগ্রগতির হারঃ আর্থিক ৮০.৯৫%, বাস্তব ৯৫%। • **প্রকল্পের বর্তমান অবস্থা** প্রকল্পের আওতায় নির্ধারিত ভবনসমূহের নির্মাণকাজ প্রায় সমাপ্ত হয়েছে। ল্যাবরেটরিসমূহের যন্ত্রপাতি সংগ্রহের কার্যক্রম চলছে। ফরিদপুর কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কেন্দ্রটি উদ্বোধন করেছেন। এছাড়া, প্রকল্পের আওতায় কক্সবাজারে নির্মিত অফিস ভবন গত ০৪ জুলাই ২০১৯ তারিখ শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উদ্বোধন করেছেন।
১৮	**কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই এর মান নিয়ন্ত্রণ (নির্দেশনা নং ১৮)**	১২/৪/২০০৯	• খাদ্যের গুণগত মান যাতে যথাযথ হয় সেই লক্ষ্যে মোবাইল কোর্ট, সার্ভিল্যান্স টিম পরিচালনা করে অবৈধ প্রতিষ্ঠান চিহ্নিতকরণসহ বিভিন্ন স্থানের খোলা বাজার ও কারখানা থেকে নমুনা সংগ্রহ করা হয়। • বিএসটিআইতে বাধ্যতামূলক ১৯৪টি পণ্যের মধ্যে বিশেষ করে ৮০টি খাদ্য পণ্যের নমুনা বিএসটিআই'র বিভিন্ন ল্যাবরেটরিতে পরীক্ষণপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা (নিয়মিত মামলা দায়ের, শোকজ প্রদান, পণ্যের লাইসেন্স বাতিল ইত্যাদি) গ্রহণসহ কার্যক্রম জোরদার করা হয়েছে । এটা চলমান প্রক্রিয়া।
১৯	**বন্ধঘোষিত কল কারখানা পুনঃ চালুকরণ (নির্দেশনা নং ১৯)**	১২/৪/২০০৯	**(১) চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি.** · চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি' র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন' প্রকল্প নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ১৫/০৪/২০১৯ তারিখে উক্ত প্রকল্পের প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)' র সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনের কাজ চলছে। উল্লেখ্য যে, 'বাংলাদেশ গ্লাস শীট ফ্যাক্টরি' শীর্ষক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩২৭৬৮.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি: ২৩২৭৬৮.০০ (বৈদেশিক মুদ্রা 162156.০০ লক্ষ টাকা, স্থানীয় মুদ্রা 70612.০০ লক্ষ টাকা। · এছাড়াও সিসিসি-তে একটি সোডাঅ্যাশ, কস্টিক সোডা কারখানা স্থাপনের লক্ষ্যে সৌদি আরবের Yousif Al Rajhi Const. Est. থেকে গত ০৭/০১/২০১৯ তারিখে প্রাপ্ত খসড়া MOU টি সংশোধনপূর্বক গত ১৩/০১/২০১৯ তারিখে সৌদি আরবের বাংলাদেশ দূতাবাসে মতামতের জন্য প্রেরণ করা হয়েছে। (২) বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি.**(বিআইএসএফ), মিরপুর, ঢাকা।** বিআইএসএফ-কে ঢাকার মিরপুর হতে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গঠিত উপ-কমিটি গাজীপুর জেলায় খিলগাঁও ও নারায়নপুর মৌজায় ৪১.৩৪ একর জমি নির্বাচন করে। এছাড়া নারায়নকুল ও খিলগাঁও মৌজায় দাগ নং, খতিয়ান নং এ ভুল থাকায় তা সংশোধনের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় হতে ইতোপূর্বে বিআইএসএফ এর ইন-হাউস কমিটি কর্তৃক প্রণীত প্রতিবেদনটি সংশোধনপূর্বক জরুরিভিত্তিতে সম্ভাব্যতা সমীক্ষা কমিটির চেয়ারম্যান এর নিকট প্রেরণের জন্য ব্যবস্থাপনা পরিচালক বিআইএসএফ-কে দায়িত্ব দেয়া হয়। সে প্রেক্ষিতে বিআইএসএফ এর ইন-হাউস কমিটি কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।
২০	**চিনি আমদানি বিএসএফআইসি বেসরকারি খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে (নির্দেশনা নং ২০)**		অনুমোদিত ১ লক্ষ (±১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ইতোমধ্যে ১০৭৭৯২.৭৯০ মে.টন চিনি আমদানি করা হয়েছে এবং বিপণন অব্যাহত আছে। ২০-০৬-২০১৯ তারিখে পর্যন্ত চিনি মজুদ আছে ৪১৮.১৪ মে.টন।
২১	**চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা (নির্দেশনা নং ২১)**	১২/০৪/২০০৯	• "নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারী স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক ১ম সংশোধিত প্রকল্পটি গত ০৬ অক্টোবর ২০১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। • অনুমোদিত প্রকল্প ব্যয় ৩২৪১৮.০০ লক্ষ টাকা।

ক্রমিক	বিষয়/কার্যক্রম	নির্দেশনা প্রদানের তারিখ	প্রতিবেদনাধীন অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি
	২	৩	৪
			• ২০১৮-২০১৯ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ১১৯.০০ লক্ষ টাকা। • জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয়/অগ্রগতি: ৯৩০.৭২ লক্ষ টাকা অগ্রগতির হার: আর্থিক ২.৮৭% এবং বাস্তব ১৬%।
২২	**র-সুগার আমদানি (নির্দেশনা নং ২২)**	১২/৪/২০০৯	• "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" এবং "নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" প্রকল্পদ্বয়ের আওতায় বছরে প্রতিটিতে ৪০,০০০ মে.টন ধরে মোট ৮০,০০০ মে.টন পরিশোধিত চিনি উৎপাদনকল্পে প্রকল্প দুইটির কার্যক্রম চলমান রয়েছে। • ইতোমধ্যে ফরিদপুর চিনিকলে ও জয়পুরহাট চিনিকলে দুইটি ডুয়েলফুয়েল বয়লার স্থাপন করা হয়েছে। এই দুইটি চিনিকলে ডুয়েলফুয়েল বয়লারের মাধ্যমে অমৌসুমে র-সুগার আমদানি করে পরিশোধিত চিনি উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
২৩	**রুগ্ন শিল্পের পুর্নবাসন (নির্দেশনা নং ২৩)**	১২/৪/২০০৯	প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরূপণ ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিআইএম-কে একটি সমীক্ষা করার জন্য দায়িত্ব প্রদান করা হয়। বিআইএম কর্তৃক খসড়া সমীক্ষা প্রস্তুতের কার্যক্রম চলমান আছে ।
২৪	**"রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার করতে হবে" (নির্দেশনা নং ২৪)**	২২/০৫/২০১৮	**বিএসএফআইসি:** বিএসএফআইসি'র অধীন কোন রুগ্ন শিল্প প্রতিষ্ঠান নেই। বর্তমানে ১৫টি চিনিকল এবং ০১টি ইন্জিনিয়ারিং কারখানাসহ মোট ১৬টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। তন্মধ্যে কেরু এন্ড কোং (বিডি) লি. এবং রেনউইক, যজ্ঞশ্বের এন্ড কোং (বিডি) লি. এ প্রতিষ্ঠান দু'টো লাভজনক এবং বাকীগুলো অলাভজনক হিসেবে পরিচালিত হচ্ছে। • অলাভজনক প্রতিষ্ঠানসমূহকে লাভজনক করার লক্ষ্যে ডাইভারসিফাইড পণ্য উৎপাদনের নিমিত্ত ঠাকুরগাঁও চিনিকল এবং নর্থবেঙ্গাল চিনিকলে ২টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। • ০৬-০৬-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৩৫৯ তম বোর্ড সভায় 'র' সুগার হতে চিনি উৎপাদনের জন্য পরীক্ষামূলকভাবে মোবারকগঞ্জ, জয়পুরহাট, পাবনা, জিলবাংলা, ফরিদপুর ও কুষ্টিয়া চিনিকলসহ ৫টি চিনিকলে রিফাইনারি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। • "রাজশাহী চিনিকলে ফল প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ এবং পাল্প প্লান্ট স্থাপন" শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা যাচাই কার্যক্রম চলমান আছে। • বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে ৫টি চিনিকলে প্রেসমাড হতে সিএনজি উৎপাদন ও বোতলজাত করে বিপণনের উদ্যোগ নেয়া হচ্ছে। • এছাড়া মৎস চাষ, মাশরুম চাষ, গো-খাদ্য উৎপাদনসহ বিভিন্ন জাতের ফলের বাগান এবং ৫টি চিনিকলের কৃষি খামার ও অন্যান্য চিনিকলের আখ আবাদের অনুপযোগী পতিত জমিতে বিভিন্ন ধরণের ফলমূল ও শাকসজি উৎপাদন ও বিপণন কার্যক্রম চলমান আছে। **বিসিক** • বিসিকের বিদ্যমান ৭৬টি শিল্পনগরীতে ৫৮৭৪টি শিল্প ইউনিটের অনুকূলে মোট ১০,১৩৬টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে। এর মধ্যে ৩৭টি শিল্প ইউনিট মালিকানা দ্বন্দ্ব, ব্যবস্থাপনা ও বিপণন সমস্যা, আর্থিক সংকট, মামলা ইত্যাদি কারণে বর্তমানে বন্ধ/রুগ্ন অবস্থায় আছে। • বন্ধ/রুগ্ন শিল্প ইউনিটের বাস্তব অবস্থা পর্যবেক্ষণান্তে বাতিলের ব্যবস্থা গ্রহণপূর্বক সম্ভাবনাময় নতুন শিল্পোদ্যোক্তার মধ্যে বরাদ্দ প্রদানের জন্য প্রতি ২ মাস অন্তর জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় পর্যালোচনা করে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ২২/০৫/২০১৯ তারিখে প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। **বিসিআইসি** রুগ্ন শিল্প প্রতিষ্ঠানের খালি/অব্যবহৃত জায়গায় নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বিসিআইসি কর্তৃক নিম্নবর্ণিত প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান রয়েছেঃ **(১) "ছাতক সিমেন্ট কোম্পানি লিঃ এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই**

ক্রমিক	বিষয়/কার্যক্রম	নির্দেশনা প্রদানের তারিখ	প্রতিবেদনাধীন অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি
	২	৩	৪
			প্রসেস এ রূপান্তরকরণ” প্রকল্প সরকারি মালিকানাধীন ছাতক সিমেন্ট কোম্পনি লিঃ (সিসিসিএল) কারখানাকে শক্তি সাশ্রয়ী, পরিবেশ বান্ধব ও অধিকতর উৎপাদন ক্ষমতা সম্পন্ন কারখানায় উন্নীত করার লক্ষ্যে জরুরি ভিত্তিতে বিদ্যমান ওয়েট প্রসেস এর পরিবর্তে আধুনিক প্রযুক্তি সম্বলিত ড্রাই প্রসেস (Dry Process) কিলন্ স্থাপন করাসহ আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপন করার জন্য প্রকল্পটি সরকার হাতে নেয়। প্রকল্পটির ১ম সংশোধন গত ০৪-১১-২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। সংশোধিত প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারী, ২০১৬ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত এবং প্রাক্কলিত ব্যয় ৮৯০.১১ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি)। • প্রকল্পটি বাস্তবায়নের জন্য গত ২৯-০৭-২০১৯ তারিখে BCIC এর সাথে EPC কন্ট্রাক্টর M/S Nanjing C-HOPE Cement Engineering Group Co. Ltd., China এর চুক্তি স্বাক্ষরিত হয়েছে। **(২) কেপিএম কারখানাটির বিএমআর এবং একটি নতুন কারখানা স্থাপন** কেপিএম কারখানাটির বিএমআর এবং একটি নতুন কারখানা স্থাপনের লক্ষ্যে M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MoU স্বাক্ষরিত হয়। Feasibility study করার লক্ষ্যে CMC, China এর প্রতিনিধি শীঘ্রই কেপিএম পরিদর্শন করবেন বলে ই-মেইল বার্তায় জানিয়েছেন। আরো উল্লেখ্য যে, সৌদি অ্যাম্বাসির মাধ্যমে সৌদি আরবের কোম্পানি (অনির্ধারিত) কেপিএম-এ পেপার মিল স্থাপনের আগ্রহ প্রকাশ করেছে কিন্তু এ বিষয়ে সৌদি কোন প্রতিষ্ঠান থেকে এখন পর্যন্ত বিস্তারিত প্রস্তাব পাওয়া যায়নি। **বিএসইসি** বিএসইসি’র নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহের মধ্যে ০৩টি অলাভজনক হলেও এগুলোকে রুগ্ন শিল্প হিসেবে ঘোষণা করেনি। তবে জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানির জমিতে কারখানা স্থাপনের লক্ষ্যে সৌদি আরবের ‘ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন’ এর সাথে ২০-১২-২০১৮ তারিখে স্ট্রাটেজিক পার্টনারশীপ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২০/০১/২০১৯ তারিখে ‘ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন’এর অন্য একটি প্রতিনিধিদলের সাথে বিএসইসি বৈঠকে নিম্নের ০৩টি সিদ্ধান্ত হয়েছে- i. GEMCO will request to collect demand information from concerned organization like PDB, REB, DPDC, DESCO, NESCO etc. for coming 5 years. ii. BSEC will request a letter from Ministry of Industries to Power Division to assist information collection. iii. BSEC/MoI will collect and provide power sector Development Plan to Engeneering Dimension.
২৫	**আখের বিকল্প হিসেবে সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নিতে হবে। কৃষি মন্ত্রণালয় সুগার বিট বীজ সরবরাহ করবে। সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নেয়া গেলে চিনিকলগুলি সারা বছর পরিচালনা করা সম্ভব হবে (নির্দেশনা নং ২৫)**	২২/৫/২০১৮	• সুগারবিট থেকে চিনি আহরণের জন্য ইতোমধ্যে ঠাকুরগাঁও সুগার মিলে একটি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে। • সুগারবিটের বীজ সংগ্রহের জন্য বাংলাদেশ সুগারক্রপ রিসার্স ইনস্টিটিউট ঈশ্বরদী, পাবনা এর সাথে যোগাযোগ করা হচ্ছে।
২৬	**রাজশাহী ও চট্টগ্রামে আরও ২টি চামড়া শিল্পনগরী স্থাপন (নির্দেশনা নং ২৬)**	০৭/১১/২০১৭	বেজার মিরেরসরাই বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর হতে ১০০ একর জমিতে লেদার শিল্প পার্ক স্থাপনের জন্য জমি বরাদ্দের সম্মতি গত ২৮/০৩/২০১৯ তারিখে বেজা নিকট থেকে পাওয়া গেছে। কিন্তু রাজশাহীতে বেজার অর্থনৈতিক অঞ্চল না থাকায় বিসিক হতে পুঠিয়া উপজেলায় বেলপুকুর ইউনিয়নস্থ স্বরূপনগর ও ধাদাসভূইয়া পাড়া মৌজায় ১০০ একর জমি চিহ্নিত করা হয়েছে।

ক্রমিক	বিষয়/কার্যক্রম	নির্দেশনা প্রদানের তারিখ	প্রতিবেদনাধীন অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি
	২	৩	৪
			একইসঙ্গে সিরাজগঞ্জ জেলার যমুনা নদীর উপর নির্মিত ক্রসবার ৩ ও ৪ এর মধ্যবর্তী স্থানে ১০৮৩.৯৭ একর জমিতে বিসিক মাল্টিসেক্টরাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, সিরাজগঞ্জ-২ নামে প্রকল্প স্থাপনের লক্ষ্যে মোট ২২৮৬.০০ কোটি টাকা ব্যয়ে জুলাই ২০১৯-জুন ২০২১ পর্যন্ত ২ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য যাচাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক পুনর্বিন্যাসকৃত ডিপিপি প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের অধীনে মোট ১০টি জোন থেকে রাজশাহী অঞ্চলের চামড়া শিল্প কারখানা স্থাপনের জন্য একটি ট্যানারি জোনের সংস্থান রাখা হবে। ফলে রাজশাহী অঞ্চলের চামড়া শিল্পনগরী স্থাপনে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন করা সম্ভব হবে।
২৭	**সাভার চামড়া শিল্পনগরীতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা গ্রহণ (নির্দেশনা নং ২৭)**	০৬/১১/২০১৮	বিদ্যমান চামড়া শিল্পনগরী সংলগ্ন এলাকায় আরও ২০০ একর জমি অধিগ্রহণ করার মাধ্যমে "চামড়া শিল্পনগরী, ঢাকা-২" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে যাতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা রাখা হবে। গত ০৪/০২/২০১৯ তারিখে জমি অধিগ্রহণের জন্য বিসিক কর্তৃক শিল্প মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। ১৯/০৬/২০১৯ তারিখে অর্থ মন্ত্রণালয়ে প্রকল্পের জনবল কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্বিন্যাসের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
২৮	**চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ (নির্দেশনা নং ২৮)**	০৬/১১/২০১৮	নিরাপদ ও মানসম্মত মাংস প্রাপ্তি এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে নিখুঁতভাবে চামড়া ছাড়ানোর বিষয়ে প্রাণীসম্পদ অধিদপ্তর থেকে জেলা ও উপজেলা পর্যায়ে কসাইদের প্রশিক্ষণ দেয়া হয়। এ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার বাস্তবায়নের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবরে অনুরোধ জানিয়ে গত ০২/০৪/২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে।

দ্বাদশ অধ্যায়
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন

১২.০ বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্রে 'জনগণের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার নিশ্চিতকরণ' এবং 'জাতিসংঘের সনদ মেনে চলার' প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে। ন্যায়ভিত্তিক, দুর্নীতিমুক্ত ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠার মাধ্যমেই কেবল মানবসত্তার সেই মর্যাদা এবং মূল্যের প্রতি শ্রদ্ধাবোধ নিশ্চিত করা সম্ভব। বাংলাদেশের সংবিধানের চেতনা নির্দেশ করে যে, বাংলাদেশ হবে একটি ন্যায়ভিত্তিক, শুদ্ধাচারী সমাজ; এর নাগরিকবৃন্দ, পরিবার, রাষ্ট্রীয় ও ব্যবসা-প্রতিষ্ঠান এবং সুশীল সমাজও হবে দুর্নীতিমুক্ত ও শুদ্ধাচারী। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, "নেশন মাস্ট বি ইউনাইটেড অ্যাগেইনস্ট করাপশন। পাবলিক ওপিনিয়ন মবিলাইজ না করলে শুধু আইন দিয়ে করাপশন বন্ধ করা যাবে না।" বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুচ্ছেদ ৩.৩ এ বর্ণিত আছে- দক্ষ, সেবামুখী ও জবাবদিহিতামূলক প্রশাসন প্রতিষ্ঠা। বর্তমান সরকার নির্বাচনী ইশতেহার ও রুপকল্প ২০২১ এ বর্ণিত দুর্নীতিমুক্ত এবং শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠায় সচেষ্ট আছে।

১২.১ শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে নিম্নরূপ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির চারটি সভা এবং অংশীজনের অংশগ্রহণে চারটি সভা অনুষ্ঠিত হয়। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত এবং অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন করা হয়।

মন্ত্রণালয়ের উত্তমচর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। উত্তম চর্চাসমূহ নিম্নরূপ:

ক) ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তন

শিল্প মন্ত্রণালয়ে ডিজিটাল হাজিরা ব্যবস্থা চালু করা হয়েছে। এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীগণের আগমন এবং প্রস্থান সময়সীমা সুনিশ্চিত করা হয়েছে। এজন্য স্মার্ট আইডি কার্ডও প্রদান করা হয়েছে।

খ) সরকারি আবাসিক টেলিফোনের বিল পরিশোধ

মন্ত্রণালয়ের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের ইতঃপূর্বে আবাসিক টেলিফোন বিল মন্ত্রণালয়ের সেবা শাখায় জমা দেয়ার পর তা পরিশোধ করা হতো। বর্তমানে বিটিসিএল এর ওয়েবসাইট থেকে বিল সংগ্রহ করে সরাসরি আবাসিক টেলিফোন বিল পরিশোধ করা হচ্ছে। এর মাধ্যমে আবাসিক টেলিফোন বিল পরিশোধ কার্যক্রম সহজতর হয়েছে।

গ) স্টেশনারি দ্রব্যাদি সরবরাহ

মন্ত্রণালয়ের সমস্ত শাখা/অধিশাখা হতে স্টেশনারি দ্রব্যাদির চাহিদাপত্র মন্ত্রণালয়ের সেবা শাখায় জমা দেয়ার পর তা নথিতে অনুমোদনপূর্বক বিতরণ করা হতো। বর্তমানে ই-নথির মাধ্যমে স্টেশনারি দ্রব্যাদির চাহিদাপত্র মন্ত্রণালয়ের সেবা শাখায় প্রেরণ করা হলে সেগুলোর সমন্বয়ে একটি সিডিউল প্রস্তুত করা হয়। উক্ত সিডিউল অনুযায়ী স্টেশনারি দ্রব্যাদি মন্ত্রণালয়ের সমস্ত শাখা/অধিশাখায় বিতরণ করা হয়।

ঘ) কর্মকর্তাগণের বদলি/পদায়নজনিত তথ্যাদি

মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের বদলী/পদায়নজনিত কারনে পরিবর্তন হলে পরিবর্তিত কর্মকর্তার নাম, কক্ষ নম্বর, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ইন্টারকম নম্বর ইতোপূর্বে হার্ডকপিতে জারি করা হতো। বর্তমানে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে লিংক তৈরি করা হয়েছে। যার মাধ্যমে মন্ত্রণালয়ের ল্যান ব্যবহারকারী কর্মকর্তাগণ ওয়েবসাইট লিংক থেকে ডাউনলোড করে প্রয়োজনীয় তথ্য ব্যবহার করতে পারেন।

ঙ) না-দাবি সনদ প্রদান

কোন কর্মকর্তা শিল্প মন্ত্রণালয় থেকে অবসর কিংবা অন্যত্র বদলি হয়ে গেলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এ মন্ত্রণালয় হতে অবমুক্ত করার সময় তাঁর অনুকূলে একটি না-দাবি প্রত্যয়ন প্রেরণ করা হচ্ছে। এর ফলে বিশেষ করে অবসরগমনকারী কর্মকর্তাকে না-দাবি প্রত্যয়নপত্র সংগ্রহের জন্য পুনরায় মন্ত্রণালয়ে আবেদন করতে হচ্ছেনা।

চ) পেনশন ডাটাবেজ

শিল্প মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাদের পেনশন সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। এর ফলে কর্মকর্তাগণ কখন পিআরএল-এ গমন করবেন তা সহজেই জানা যাচ্ছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

ছ) সিটিজেন চার্টার পরিবীক্ষণ

শিল্প মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার ব্যবস্থা পরিবীক্ষণের জন্য এতদসংক্রান্ত কমিটির সভা প্রতি মাসে অনুষ্ঠিত হয়।

জ) 'শিল্প বার্তা' প্রকাশ

শিল্প সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের যেসব নীতি ও কৌশল প্রণয়ন করা হয়েছে, তা সংশ্লিষ্ট স্টেকহোল্ডারসহ জনগণের কাছে পৌঁছে দেয়ার প্রত্যয় নিয়ে 'শিল্প বার্তা' শিরোনামে একটি ষান্মাসিক পত্রিকা প্রকাশ করা হচ্ছে। শিল্প বার্তায় শিল্প মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থাসহ সরকারের উন্নয়নমূলক কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য প্রচার করা হচ্ছে।

ঝ) পুরস্কার প্রদান

দেশের বেসরকারি শিল্প খাতকে উৎসাহ প্রদানের লক্ষ্যে নিয়মিতভাবে 'রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার' প্রদান করা হচ্ছে।

ঞ) নথি ব্যবস্থাপনা

নথি ব্যবস্থাপনা, শ্রেনীবিন্যাস ও পেন্ডিং মনিটর করার জন্য যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে প্রতিমাসে সভা অনুষ্ঠিত হয়। শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক একটি আইন ও দুটি নীতিমালা প্রণয়ন করা হয়। বাংলাদেশ স্ট্যান্ডার্ড ওজন ও পরিমাপ মানদন্ড আইন ২০১৮ ১৪/১১/২০১৮ তারিখে, মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতিমালা ২৯/১১/২০১৮ তারিখে এবং মেধাসম্পদ উন্নয়ন নীতিমালা ১৫/১১/২০১৮ তারিখ গেজেটে প্রকাশিত হয়।

ট) বিবিধ

দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে সুশাসন, সেবা প্রদান ও দুর্নীতি বিরোধী বিষয়ে প্রতিমাসে সহকারী সচিব হতে যুগ্মসচিব, ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রতিমাসে ইনহাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, অনলাইনে পে-বিল, আইসিটি, রুলস্ অব বিজনেস, দাপ্তরিক পত্র লিখন রীতি, গার্ড ফাইল, সিটিজেনস চার্টার, ই-ফাইলিং, তথ্য অধিকার আইন ২০০৯, সরকারি কর্মচারী শৃংখলা ও আপিল বিধিমালা ১৯৮৫, সভার কার্যবিবরণী প্রস্তুত, দাপ্তরিক সভা, অতিথি আপ্যায়নের জন্য চা-নাস্তা সরবরাহ, চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য, সরকারি কর্মচারী শৃংখলা ও আপীল বিধিমালা ২০১৮, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, গণ কর্মচারী অধ্যাদেশ ১৯৮৫, আচরন, পরিস্কার পরিচ্ছন্নতা, দাপ্তরিক নিরাপত্তা ও নথি চলাচল সম্পর্কে গোপনীয়তা রক্ষা করা, সচিবালয় নির্দেশমালা ২০১৪, ইংরেজী ভাষায় চর্চা, বাজেট ম্যানেজমেন্ট, সার-সংক্ষেপ লিখন, রাজস্বখাতে পদ সৃজন এবং সংরক্ষণ, দাপ্তরিক ক্রয়, আয়কর রিটার্ন, বেতন নির্ধারন, পেনশন প্রস্তুতি ও নির্ধারণ, ট্রাফিক আইন, New classification code and IBAS, এসডিজি, সরকারি চাকুরীতে নিয়োগ ও পদোন্নতি, ই-টেন্ডারিং, সরকারি কর্মচারীদের প্রাপ্যতা, সরকারি কর্মচারীদের আচরন বিধিমালা ১৯৭৯, শিল্প মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত সকল আইন/বিধি/নীতিসমূহ সম্পর্কে প্রায়োগিক ধারনা, শিল্পে বিনিয়োগে সম্ভাবনা, শিল্প নীতির আলোকে কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সরকারি ক্রয় ব্যবস্থাপনা, ছুটি সংক্রান্ত বিধি, নিয়মিত উপস্থিতি অধ্যাদেশ ১৯৮২, কোম্পনি আইন এবং অন্যান্য সংশ্লিষ্ট বিধিবিধানের আলোকে সরকারি স্বার্থ রক্ষায় কোম্পনি বোর্ডের পরিচালকের দায়িত্ব ও কর্তব্য, মিড টার্ম বাজেটারী ফ্রেম ওয়ার্ক, শ্রমআইন, অনগ্রসর এলাকায় শিল্প সম্প্রসারণ ও ব্যবস্থাপনা, এসডিজি কর্মপরিকল্পনা বাস্তবায়নে সার সংক্ষেপ প্রস্তুত প্রক্রিয়া, ইনোভেশন সার্ভিস ডেলিভারী, আইন বিধি ও নীতি প্রণয়ন, আন্তর্জাতিক সংস্থাসমুহের সাথে যোগাযোগ,

কম্পিউটার সার্ট ডাউন ও ওপেন করা, চতুর্থ শ্রেনীর কর্মচারীদের পোশাক পরিচ্ছেদ বিষয়ক নির্দেশনা, সচিবালয় নির্দেশমালা অনুযায়ী বিভিন্ন রেজিস্ট্রার সংরক্ষণ, রপ্তানি ও আমদানি নীতি, রপ্তানি উন্নয়ন ও বহুমুখীকরণ কার্যক্রম, প্রকল্প অনুমোদন ও প্রকল্প বাস্তবায়ন, নির্বাচনী ইস্তেহার ২০১৮ এবং শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা, নথির শ্রেনিবিন্যাস ও নথি বিনষ্টকরণ, অডিট আপত্তি ও নিস্পত্তি প্রক্রিয়া, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসারে সরকারের ভূমিকা, সার ব্যবস্থাপনা সংক্রান্ত চ্যালেঞ্জ এবং গৃহীত ব্যবস্থা, বিভিন্ন বহুজাতিক কোম্পনি ও শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কোম্পনিসমূহের দায়িত্ব প্রাপ্ত ক্ষমতা ও কার্যাবলী এবং শেয়ার মার্কেট, পিপিআর, মেধাসম্পদ সংরক্ষণ, ডিজিটাল সার্ভিস রোডম্যাপ বাস্তবায়ন, খাদ্যে ভেজাল প্রতিরোধ ও গুনগত মান রক্ষায় বিএসটিআই এর ভূমিকা, শিল্প উদ্যোক্তা ও নারী উদ্যোক্তা তৈরিতে সরকারের ভূমিকা, সিএস, আরএস, খতিয়ান, প্লট, দাগ, মৌজা, ম্যাপ, জমাখারিজ সংক্রান্ত, শুভেচ্ছা বিনিময়, স্বাস্থ্য সচেতনতা, আন্তর্জাতিক পণ্য সেবা ক্রয়, বিএসটিআই আইন ২০১৮, ই-মেইল, খাদ্যে ভেজাল প্রতিরোধে ইনোভেশন সার্ভিস, মৌলিক অফিস ব্যবস্থাপনা, ওয়েবপেইজ, চিঠিপত্র গ্রহণ ও প্রেরণ, আপ্যায়ন পদ্ধতি, জনসাধারণের সাথে আচরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। মন্ত্রণালয়ের ৪৬১ জন কর্মকর্তা ও ১২২২ জন কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ গ্রহণের ফলে কর্মকর্তা কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার বিষয়ক মানসিক উৎকর্ষ বৃদ্ধি পেয়েছে। দাপ্তরিক কার্যাবলীতে এর একটি শুভ প্রভাব পড়েছে, কর্মচাঞ্চল্য বৃদ্ধি পেয়েছে এবং দুর্নীতি বিরোধী মনোভাব সম্পর্কে ইতিবাচক সাড়া পড়েছে। তাছাড়াও, কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত আচার আচরনে গুনগত পরিবর্তন পরিলক্ষিত হয়েছে।

ঠ) প্রচারণা

শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রচারনামূলক কাজের অংশ হিসেবে মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর সংস্থায় সুশাসন, দুর্নীতি বিরোধী ও সেবা প্রদান সম্পর্কিত লিফলেট, পোস্টার, স্টিকার, ব্যানার এর মাধ্যমে প্রচারনা চালানো হয়।

ড) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করা হয়। তাছাড়াও তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণ ও তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ করা হয়। দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদের অবহিত করা হয়। তথ্য অধিকার আইন, ২০০৯, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন ২০১১, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণ এবং স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবা বক্স নিয়মিত হালনাগাদ করা হয়।

ণ) ই-গভর্নেন্স বাস্তবায়নে দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস) এর ব্যবহার, ভিডিও/অনলাইন/টেলি কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেন্জার, ভাইবার ব্যবহারসহ), দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার, ই-টেন্ডার/ই-জিপি এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন এবং চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত পরীবীক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়।

ত) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করে ২৯/০৭/২০১৮ তারিখে এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করে ২৬/০৯/২০১৮ তারিখ ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

থ) বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসারে নথির শ্রেণিবিন্যাস, শাখা/অধিশাখা পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়াও মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরীবীক্ষণ করা হয়।

দ) ৩০ জুন ২০১৯ মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্মচারী ও দপ্তর সংস্থার প্রধানগণের মধ্য হতে মিজ্ লুৎফুন নাহার বেগম অতিরিক্ত সচিব (প্রশাসন), ড. মো: মফিজুর রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিটাক এবং জনাব মোহাম্মদ মেহবুবুর রহমান, কম্পিউটার অপারেটর, শিল্প মন্ত্রণালয় কে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনিত করা হয়।

১২.৩ দক্ষ জনবল, জনবান্ধব ও গণমুখী প্রশাসন, স্বচ্ছ ও জবাবদিহিমূলক সমাজ প্রতিষ্ঠা, সুশাসন প্রতিষ্ঠা ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনকল্পে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় সচেষ্ট ও বদ্ধপরিকর।

ত্রয়োদশ অধ্যায়
মামলা

১৩.০ মামলা/বিভাগীয় মামলা নিষ্পত্তি

১৩.১ বিভাগীয় মামলা

মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে (২০১৮-২০১৯) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে (২০১৮-২০১৯) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
			চাকুরিচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দণ্ড	মোট	
শিল্প মন্ত্রণালয়	১২	১২	-	১০	২	১২	-
বিসিআইসি	২৫	১৫	০৩	০৪	-	০৭	১৮
বিএসএফআইসি	০৬	০৬	-	০১	০১	০২	০৪
বিএসইসি	-	-	-	-	-	-	-
বিসিক	০৪	০৩	-	-	০২	০২	০৫
বিএসটিআই	-	০২	-	-	-	-	০২
বিটাক	০৬	০৬	-	-	-	-	০৬
বিআইএম	-	-	-	-	-	-	-
ডিপিডিটি	০৪	০২	-	-	-	-	০৪
এনপিও	-	-	-	-	-	-	-
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	-	-	-	-	-	-	-
বিএবি	-	-	-	-	-	-	-
এসএমই	-	-	-	-	-	-	-
সর্বমোট-	**৫৭**	**৪৬**	**০৩**	**১৫**	**০৫**	**২৩**	**৩৯**

১৩.২ সরকার কর্তৃক/সরকারের বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা

	সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে দপ্তর/সংস্থা কর্তৃক দায়েরকৃত ক্রম পুঞ্জিভূত মামলার সংখ্যা		বিবেচনাধীন বছরে দায়েরকৃত মামলার সংখ্যা	সরকারের বিপক্ষে দায়েরকৃত ক্রম পুঞ্জিভূত রিট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত ক্রম পুঞ্জিভূত মামলার সংখ্যা	সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মোট মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন অর্থবছরে নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
সংস্থার নাম	**নিম্ন আদালত**	**উচ্চ আদালত**					
বিসিআইসি	১০	৬৫	০৯	৩৫০	-	৪৩৪	৯০
বিএসইসি	৮৮	২৮	৩৪	২৮	-	১৭৮	০৭
বিএসএফআইসি	০১	-	-	০১	-	০২	-
বিসিক	০৮	১৯৭	-	-	-	২০৫	০৭
বিএসটিআই	১২০	৩৫	-	-	-	১৪৯	-
বিটাক	০১	-	-	-	-	০১	-
বিআইএম	-	-	-	-	-	-	-
ডিপিডিটি	-	০১	-	০২	-	০৩	০১
এনপিও	-	০১	-	-	-	০১	-
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	-	০১	-	-	-	০১	০১
বিএবি	-	-	-	-	-	-	-
মোট=	২২১	৩২৯	৪৩	৩৮১	-	৯৭৪	১০৬

চর্তুদশ অধ্যায়
অন্যান্য উল্লেখযোগ্য বিষয়াদি

১৪.০ বিভিন্ন বিষয়ে মন্ত্রণালয়/দপ্তর সংস্থা কর্তৃক মেলা আয়োজন

শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে ‘১ম জাতীয় শিল্প মেলা-২০১৯’ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বিসিআইসি ২টি মেলায় ১,৩০,০০০/- , বিএসএফআইসি ৫টি মেলায় মোট ৮,২৫,০০৫/- , বিসিক ১৫টি মেলায় অংশগ্রহন করে ৫,১৪,৫৯,৭০০/- , টাকার এবং এসএমই ফাউন্ডেশন ২টি মেলায় অংশগ্রহণ করে ২০ কোটি ৬৭ লক্ষ টাকার পণ্য সামগ্রী বিক্রয় করে। বিএসটিআই এবং বিআইএম ২টি মেলায় অংশগ্রহণ করেণ।

১৪.১ মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশনা

প্রতিষ্ঠানের নাম	প্রকাশনার নাম	প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/বার্ষিক)	প্রচারের ধরণ	মন্তব্য
শিল্প মন্ত্রণালয়	বার্ষিক প্রতিবেদন	বার্ষিক	ওয়েবসাইট, ডাক মাধ্যম ও সরাসরি	
	শিল্প বার্তা	ষান্মাষিক	ঐ	
	১০ বছরের সাফল্যের প্রতিবেদন	-	ঐ	
বিএসইসি	বার্ষিক প্রতিবেদন	বার্ষিক	ওয়েবসাইট, ডাক মাধ্যম ও সরাসরি	
	নিউজ লেটার	ষান্মাষিক	ঐ	
বিসিক	বার্ষিক প্রতিবেদন	বার্ষিক	বার্ষিক কর্মকান্ডের অগ্রগতি	
	বিসিক বার্তা	ষান্মাষিক	বিসিকের উন্নয়নমূলক কর্মকান্ডের খবরা খবর	
	প্রযুক্তি বার্তা	ষান্মাষিক	ঐ	
	শিল্প জার্নাল	ত্রৈমাসিক	শিল্প সংক্রান্ত	
	স্কিটি বার্তা	ষান্মাষিক	স্কিটির প্রশিক্ষণ সংক্রান্ত	
বিএসটিআই	বার্ষিক প্রতিবেদন	বার্ষিক	সিটিজেন চার্টার ব্রসিউর বার্ষিক প্রতিবেদন	
বিটাক	বার্ষিক প্রতিবেদন	বার্ষিক	বিটাকের যাবতীয় কার্যক্রম	
বিআইএম	Management Development Volume-32 (1)	ত্রৈমাসিক	-	
ডিপিডিটি	বিশ্ব মেধা সম্পদ দিবস ২০১৯ স্মরনিকা	বার্ষিক		
বিএবি	বার্ষিক প্রতিবেদন	বার্ষিক	শিল্প মন্ত্রণালয়, বিএবি’র বোর্ড সদস্য ও সংশ্লিষ্ট অংশীজনের নিকট প্রয়োজন	প্রকাশিত
	নিউজ লেটার	ষান্মাষিক	ঐ	প্রকাশিত
	বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবসের স্মরনিকা	বার্ষিক	ঐ	প্রকাশিত
এসএমই	নিউজ লেটার	ত্রৈমাসিক	ওয়েবসাইট, ডাক মাধ্যম ও সরাসরি	

১৪.২ বিভিন্ন পুরস্কার/ এওয়ার্ড প্রদান

১৪.২.১ সিআইপি পুরস্কার সংক্রান্ত (প্রবর্তনের বছর থেকে বিবেচনাধীন বছর পর্যন্ত)

সাল	জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের সদস্য (পদাধিকারবলে)	বৃহৎ শিল্প	মাঝারি শিল্প	ক্ষুদ্র শিল্প	মাইক্রো শিল্প	কুটির শিল্প	সেবা শিল্প	মোট
২০০৯	৭	২২	৯	১	-	-	-	৩৯
২০১০	১০	১৮	৯	৫	-	-	-	৪২
২০১১	মনোনয়ন দেয়া হয়নি							
২০১২	৮	১৩	৬	৩	২	-	৩	৩৫
২০১৩	১১	২১	১০	৫	১	১	৫	৫৪
২০১৪	১২	২১	৯	৬	২	১	৫	৫৬
২০১৫	৮	২০	১২	৫	২	২	৯	৫৮
২০১৬	৮	২০	১২	৫	১	১	৯	৫৬
সর্বমোট	**৬৪**	**১৩৫**	**৬৭**	**৩০**	**০৮**	**০৫**	**৩১**	**৩৪০**

১৪.২.২ রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার সংক্রান্ত (প্রবর্তনের বছর থেকে বিবেচনাধীন বছর পর্যন্ত)

সাল	পুরস্কারের ক্ষেত্র	বৃহৎ শিল্প	মাঝারি শিল্প	ক্ষুদ্র শিল্প	মাইক্রো শিল্প	কুটির শিল্প	হাইটেক শিল্প	মোট পুরস্কারের সংখ্যা
২০১৪	০৬টি ক্যাটাগরি (বৃহৎ শিল্প, মাঝারি শিল্প, ক্ষুদ্র শিল্প, মাইক্রো শিল্প, কুটির শিল্প ও হাইটেক শিল্প)	০৩টি	০৩টি	০৩টি	-	০১টি	০২টি	১২টি
২০১৬	০৬টি ক্যাটাগরি (বৃহৎ শিল্প, মাঝারি শিল্প, ক্ষুদ্র শিল্প, মাইক্রো শিল্প, কুটির শিল্প ও হাইটেক শিল্প)	০৩টি	০৩টি	০৩টি	০১টি	০১টি	০২টি	১৩টি
২০১৭	০৬টি ক্যাটাগরি (বৃহৎ শিল্প, মাঝারি শিল্প, ক্ষুদ্র শিল্প, মাইক্রো শিল্প, কুটির শিল্প ও হাইটেক শিল্প)	০৩টি	০৩টি	০৩টি	০১টি	০২টি	০২টি	১৪টি
সর্বমোট		**০৯**	**০৯**	**০৯**	**০২**	**০৪**	**০৬**	**৩৯**

শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা/দপ্তরসমূহ

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)

বাংলাদেশ শিল্প ও কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

বাংলাদেশ ইনস্টিটিউশন অব ম্যানেজমেন্ট (বিআইএম)

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই)

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

১৯৭২ সনের রাষ্ট্রপতির ২৭ নং অধ্যাদেশ এবং ১৯৭৬ সনের ২৫ নং সংশোধনী বলে ৩টি কর্পোরেশন যথা: বাংলাদেশ ফার্টিলাইজার, কেমিক্যাল এন্ড ফার্মাসিউটিক্যাল কর্পোরেশন, বাংলাদেশ পেপার এন্ড বোর্ড কর্পোরেশন এবং বাংলাদেশ ট্যানারিজ কর্পোরেশন একীভূত করে ১লা জুলাই, ১৯৭৬ এ বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) প্রতিষ্ঠিত হয়। বর্তমানে এ সংস্থার অধীনে ১২টি চালু কারখানা আছে। চালু কারখানগুলোর মধ্যে ৬টি ইউরিয়া সার কারখানা, ১টি ডিএপি সার কারখানা, ১টি টিএসপি সার কারখানা, ১টি কাগজ কারখানা, ১টি সিমেন্ট কারখানা, ১টি গ্লাসশিট কারখানা এবং ১টি স্যানিটারিওয়্যার ও ইন্স্যুলেটর কারখানা রয়েছে। উৎপাদিত পণ্যের মধ্যে ৮০% রাসায়নিক সার। এর মধ্যে ৭০% ইউরিয়া সার ও ১০% অন্যান্য সার।

২. লক্ষ্য ও উদ্দেশ্য

- সরকারের শিল্পনীতি বাস্তবায়ন
- আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়ন
- যথাযথ দক্ষতা ও উৎপাদনশীলতার সাথে সংস্থার কারখানাসমূহের পরিচালনা নিশ্চিতকরণ
- কৃষি মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সার উৎপাদন ও আমদানি করে ডিলারদের মাধ্যমে কৃষকের দোরগোড়ায় সার পৌঁছানো
- ভারী শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানের উদ্যোগ গ্রহণ
- সরকারের নির্দেশনা মোতাবেক রাসায়নিক বৃহৎ শিল্পের প্রসার ঘটানো

৩. বিসিআইসি’র উন্নয়ন বাজেট এবং বাস্তবায়ন অগ্রগতি (বিগত ৫ বছরের)

(কোটি টাকায়)

অর্থ বছর	প্রকল্প সংখ্যা	এডিপি বরাদ্দ (বরাদ্দের শতকরা হার)				অর্থ ছাড় %	মোট ব্যয় %	বাস্তবায়ন অগ্রগতি %
		জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থার নিজস্ব অর্থায়ন	মোট			
২০১৪-২০১৫	০২	৩৬০.৫৫	৫০৭.২৭	-	৮৬৭.৮২	৩৬০.৫৫	৬৬৬.১১	৭৬.৭৬
২০১৫-২০১৬	০২	১৬৮.৫৮	১২৫.৯১	-	২৯৪.৮৯	৯৫.৯৮	১৯১.৩১	৬৪.৯৪
২০১৬-২০১৭	০৩	১৭.৩৩	৪৮.২৩	-	৬৫.৫৬	১৭.৩৩	৬৫.৪৩	৯৯.৮০
২০১৭-২০১৮	০৪	১২১.০৪	০.৩০	৪৪.১৪	১৬৫.৪৮	১২০.৭৪	১৬৪.২৭	৯৯.২৭
২০১৮-২০১৯	০৬	১৬৮.৫৮	-	-	১৬৮.৫৮	১৬৮.৫৮	১৬৮.২৯ *	৯৯.৮৩

* “সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় নতুন ১৩(তের) টি বাফার গোডাউন নির্মাণ” শির্ষক প্রকল্পে বিসিআইসি'র নিজস্ব অর্থায়নের মোট ব্যয় (৪৯৭২.২৩ লক্ষ টাকা) অন্তর্ভূক্ত করা হয়নি।

৪. আর্থিক বিবরণী (২০১৮-১৯ অর্থবছর)

৪.১ (কোটি টাকায়)

প্রতিষ্ঠানের সর্বমোট আয়	প্রতিষ্ঠানের সর্বমোট ব্যয়	প্রতিষ্ঠানের সর্বমোট লাভ	প্রতিষ্ঠানের সর্বমোট ক্ষতি	প্রতিষ্ঠানের সর্বমোট স্থিতি
১৬০৩.৫৮	২১৩৮.৭৭	-	৫৩৫.১৯	

৫. সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকির পরিমাণ, ঋণ গ্রহণ এবং পরিশোধ সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) (বিগত ৫ বছরের)

(কোটি টাকায়)

অর্থবছর	প্রতিষ্ঠানের নাম	সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকীর পরিমাণ	গৃহীত ঋণের পরিমাণ	গৃহীত ব্যাংক ঋণের পরিমাণ	পরিশোধিত অর্থের পরিমাণ
২০১৪-২০১৫	আমদানিকৃত ইউরিয়া এবং উৎপাদিত টিএসপি ও ডিএপি সারের ভর্তুকি বাবদ	৩৬৮০.১৯			
২০১৫-২০১৬		২৪৯৬.৪২			
২০১৬-২০১৭		১৩৮৭.৬৬			
২০১৭-২০১৮		২১০০.৭৮			
২০১৮-২০১৯		২৬৯৬.৯২			
মোট:		১২,৩৬১.৯৭			

৬. বিগত ৫ বছরে লোকসানি প্রতিষ্ঠানসমূহের বিবরণ

(কোটি টাকায়)

প্রতিষ্ঠানের নাম	লোকসানের পরিমাণ ২০১৪-২০১৫	লোকসানের পরিমাণ ২০১৫-২০১৬	লোকসানের পরিমাণ ২০১৬-২০১৭	লোকসানের পরিমাণ ২০১৭-২০১৮	লোকসানের পরিমাণ ২০১৮-২০১৯ (এপ্রিল'১৯ পর্যন্ত)
এসএফসিএল	-	৫৬.২০	২১৪.৫৬	২৬৫.৩১	১৭০.৫৫
সিইউএফএল	-	৫৬.৭৭	১০৫.৩১	-	১৬.১২
জেএফসিএল	-	-	-	-	১১৭.৯৯
এএফসিসিএল	-	-	৩৭.৯৩	১৪০.৬৫	-
ইউএফএফএল	২২.১৪	৯০.৫৬	১৩২.৫৮	১৬৪.৩৫	১৪৬.৬১
পিইউএফএফএল	-	৩১.৫৮	৩৫.১০	৫২.৮৬	৩৫.১০
টিএসপিসিএল	-	-	-	-	-
ডিএপিএফসিএল	-	-	-	-	-
কেপিএমএল	৭০.৬৪	৭০.৭২	৫৮.৫২	৩৩.৭৭	২২.৮৩
সিসিসিএল	৩৫.৮১	৪২.৮০	৪১.৫০	৪৩.৮৯	২৮.৫৪
বিআইএসএফএল	৪.৭৬	৪.৮৬	৪.১৭	২.৭০	৩.৭২
ইউজিএসএলএল	১.৯৪	৮.১০	৮.০৩	২.৯৩	৭.১৬

৬.১ লোকসানের কারণ, উত্তরণের উপায় এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কিত তথ্য

লোকসানের কারণ

- কারখানাগুলোতে দক্ষ ও অভিজ্ঞ জনবল সংকট
- কারখানাগুলোর যথাসময়ে ওভারহোলিং কিংবা পূর্ণাঙ্গা বিএমআরই না হওয়া
- কারখানাগুলোর খুচরা যন্ত্রাংশ ও মেরামত খাতে ক্রমশঃ ব্যয় বৃদ্ধি
- কারখানাগুলোর বেতন-ভাতাদি খাতে ক্রমশঃ ব্যয় বৃদ্ধি
- নিরবচ্ছিন্নভাবে গ্যাস না পাওয়া
- গ্যাস ও বিদ্যুতের ক্রমশঃ মূল্য বৃদ্ধি
- বিপণন ব্যয় বৃদ্ধি
- মনোপলি মার্কেটের জায়গায় বহুজাতিক প্রতিদ্বন্দ্বিতা চলে আসা

৬.২ উত্তরণের উপায়

- বিদ্যুৎ এবং নির্ধারিত চাপে এবং পরিমাণে নিরবচ্ছিন্ন প্রাকৃতিক গ্যাস সরবরাহ নিশ্চিত করা
- কারখানাসমূহ পুরাতন হওয়ায় পর্যায়ক্রমে রিনোভেশন ও রক্ষণাবেক্ষণকরণ এবং নতুন প্রযুক্তির শক্তি সাশ্রয়ী পরিবেশবান্ধব কারখানা স্থাপন করা
- পর্যাপ্ত অর্থের যোগান নিশ্চিত করা, যৌথ উদ্যোগে বিদেশি বিনিয়োগের ব্যবস্থা গ্রহণ করা
- সময় উপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল তৈরি
- ঘাটতি জনবল পূরণের লক্ষ্যে নিয়োগ ব্যবস্থা গ্রহণ করা
- পর্যাপ্ত কাঁচামালের সরবরাহ নিশ্চিত করা
- সঠিক সময়ে কারখানার আপগ্রেডেশন নিশ্চিত করা
- সঠিক সময় কারখানাগুলোর রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা করা

৭ যৌথ উদ্যোগে চালু প্রতিষ্ঠানসমূহের তথ্য

অর্থবছর	প্রতিষ্ঠানের নাম	উৎপাদিত পণ্য	সরকারি বিনিয়োগের শতকরা হার	লাভ/লোকসানের পরিমাণ (কোটি টাকায়)
২০১৬-২০১৭	কাফকো	গ্রানুলার ইউরিয়া ও এ্যানহাইড্রাস এমোনিয়া	৪৩.৫১%	৯৬.৮৪
	সানোফি বাংলাদেশ লি.	Pharmaceuticals Products.	৪৫.৩২%	২০.৪৪
	বায়ার ক্রপসায়েন্স বাংলাদেশ লি.	Agrochemicals and hybrid seeds	৪০%	(২২.৭২)
	নোভার্টিস বাংলাদেশ লি.	Health Care(Pharma,generics)Products.	৪০%	৩১.৯৯
	সিনজেনটা বাংলাদেশ লি.	Crop protection and seeds	৪০%	৪১.১৬
	মিরাকল ইন্ডাষ্ট্রিজ লি.	WPP Bag	২০%	৩.৬৬
২০১৭-২০১৮	কাফকো	গ্রানুলার ইউরিয়া ও এ্যানহাইড্রাস এমোনিয়া	৪৩.৫১%	১৫৫.৯৫
	সানোফি বাংলাদেশ লি.	Pharmaceuticals Products.	৪৫.৩২%	২৮.৯৭
	বায়ার ক্রপসায়েন্স বাংলাদেশ লি.	Agrochemicals and hybrid seeds	৪০%	(১৮.০৯)
	নোভারটিস বাংলাদেশ লি.	Health Care(Pharma,generics)Products.	৪০%	(৭.৩৯)
	সিনজেনটা বাংলাদেশ লি.	Crop protection and seeds	৪০%	২৪.৯০
	মিরাকল ইন্ডাষ্ট্রিজ লি.	WPP Bag	২০%	৩.১৪
২০১৮-২০১৯	কাফকো	গ্রানুলার ইউরিয়া ও এ্যানহাইড্রাস এমোনিয়া	৪৩.৫১%	অর্থ বছর অসমাপ্ত
	সানোফি বাংলাদেশ লি.	Pharmaceuticals Products.	৪৫.৩২%	নিরীক্ষিত হিসাব অসমাপ্ত
	বায়ার ক্রপসায়েন্স বাংলাদেশ লি.	Agrochemicals and hybrid seeds	৪০%	৮.৬৮
	নোভার্টিস বাংলাদেশ লি.	Health Care(Pharma,generics)Products.	৪০%	০.৯৮
	সিনজেনটা বাংলাদেশ লি.	Crop protection and seeds	৪০%	২৪.৯৫
	মিরাকল ইন্ডাষ্ট্রিজ লি.	WPP Bag	২০%	অর্থ বছর অসমাপ্ত

৮. উৎপাদন বিষয়ক (বিগত ৫ বছরের)

৮.১ শিল্পপণ্য, ভোগ্যপণ্য, সার ইত্যাদি লক্ষ মে: টন

অর্থবছর	উৎপাদিত পণ্যের নাম (একের অধিক পণ্যের ক্ষেত্রে নির্দিষ্ট বছরে পণ্যের তালিকা উল্লেখ করতে হবে)	প্রতিটি পণ্যের বিপরীতে উৎপাদনের লক্ষ্যমাত্রা	প্রতিটি পণ্যের প্রকৃত উৎপাদন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকরা হার	প্রতিটি পণ্যের বিক্রয়ের লক্ষ্যমাত্রা	প্রতিটি পণ্যের মোট বিক্রয়	প্রতিটি পণ্যের মোট মজুদ	দেশজ উৎপাদনে দেশের অভ্যন্তরীণ চাহিদার কত শতাংশ
২০১৪-২০১৫	ইউরিয়া সার	৭.৮৬	৮.৭৮ ১১১%	২৭.০০	২৬.৩৯	৯.০০	৩৪%
২০১৫-২০১৬	ইউরিয়া সার	১০.৯৫	১০.০৮ ৯২%	২৮.০০	২২.৯২	১২.৯৩	৪০%
২০১৬-২০১৭	ইউরিয়া সার	৯.২৮	৯.২৩ ৯৯%	২৫.০০	২৩.৬৬	৯.৬৬	৩৬%
২০১৭-২০১৮	ইউরিয়া সার	৯.০২	৬.৬৭ ৭৩%	২৫.০০	২৪.২৮	৭.৬০	২৬%
২০১৮-২০১৯	ইউরিয়া সার	৮.০০	৭.৮৩ ৯৭%	২৫.৫০	২৫.৯৪	৯.৯৫	৩১%

৮.২ কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ, মূল্যের স্থিতিশীলতার ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সংকট হয়েছিল কি? নিকট ভবিষ্যতে মারাত্মক কোন সমস্যার আশঙ্কা থাকলে তার বর্ণনা : ইউরিয়া সার উৎপাদনে কাঁচামাল হিসাবে গ্যাসের স্বল্পতা এর প্রধান কারণ।

৯. ইউরিয়া সারের উৎপাদন লক্ষ্যমাত্রা, প্রকৃত উৎপাদন, উৎপাদনের লক্ষ্যমাত্রা এবং চাহিদার শতকরা হার এর লেখচিত্র

(লক্ষ মেট্রিক টন)



ইউরিয়া সারের বিক্রয় লক্ষ্যমাত্রা, প্রকৃত বিক্রয় এবং মজুদের লেখচিত্র

(লক্ষ মেট্রিক টন)



১০. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য

কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা/ ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%	প্রতিবেদনাধীন অর্থবছরে প্রকৃত অর্জন
[০১] সারসহ অন্যান্য রাসায়নিক পণ্যের উৎপাদন বৃদ্ধি ও আমদানি নির্ভরতা হ্রাস এবং বাজারজাত করণ	১.১ ইউরিয়া সার উৎপাদন	১.১.১ উৎপাদিত ইউরিয়া	লক্ষ মে.টন	৮.০০	৭.৮৩ প্রকৃত অর্জন ৯৮%
	১.২ ইউরিয়া সার বিতরণ	১.২.১ বিতরণকৃত ইউরিয়া	লক্ষ মে. টন	২৫.৫০	২৫.৯৪ প্রকৃত অর্জন ১০২%
	১.৩ ইউরিয়া সার আমদানি	১.৩.১ আমদানিকৃত ইউরিয়া	লক্ষ মে. টন	১৬.০০	২০.৪৬ প্রকৃত অর্জন ১২৮%
	১.৪ টিএসপি সার উৎপাদন	১.৪.১ উৎপাদিত টিএসপি	লক্ষ মে. টন	১.০০	০.৯৭ প্রকৃত অর্জন ৯৭%
	১.৫ টিএসপি সার বিতরণ	১.৫.১ বিতরণকৃত টিএসপি	লক্ষ মে. টন	১.০০	১.০৭ প্রকৃত অর্জন ১০৭%
	১.৬ ডিএপি সার উৎপাদন	১.৬.১ উৎপাদিত ডিএপি	লক্ষ মে. টন	০.৫০	০.২৪ প্রকৃত অর্জন ৪৮%
	১.৭ ডিএপি সার বিতরণ	১.৭.১ বিতরণকৃত ডিএপি	লক্ষ মে. টন	০.৫০	০.৩৪২ প্রকৃত অর্জন ৬৮%
	১.৮ কাগজউৎপাদন	১.৮.১উৎপাদিত কাগজ	মে. টন	১৬৫০০	৫৬৩৪.৬৫ প্রকৃত অর্জন ৩৪%
	১.৯ কাগজবিপণন	১.৯.১বিপণনকৃত কাগজ	মে. টন	৬৬৭৫	৫২৩৫.৪৩ প্রকৃত অর্জন ৭৮%
	১.১০ সিমেন্টউৎপাদন	১.১০.১ উৎপাদিত সিমেন্ট	মে. টন	৬০০০০	৩৩২৪৫ প্রকৃত অর্জন ৫৫%
	১.১১ সিমেন্ট বিপণন	১.১১.১ বিপণনকৃত সিমেন্ট	মে. টন	৬০০০০	৩৪২৯৬.৩৫ প্রকৃত অর্জন ৫৭%
	১.১২ স্যানিটারিওয়্যার উৎপাদন	১.১২.১ উৎপাদিত স্যানিটারিওয়্যার	মে. টন	১৩০০	৭২৭.৮৮ প্রকৃত অর্জন ৫৬%
	১.১৩ স্যানিটারিওয়্যার বিপণন	১.১৩.১ বিপণনকৃত স্যানিটারিওয়্যার	মে. টন	১৩০০	৫৭০.৭৩ প্রকৃত অর্জন ৪৪%
	১.১৪ ইন্স্যুলেটর ও রিফ্রেকটরীজ উৎপাদন	১.১৪.১উৎপাদিত ইনস্যুলেটর ও রিফ্রেকটরীজ	মে. টন	১৩০০	১১৫৭.৪১ প্রকৃত অর্জন ৮৯%
	১.১৫ ইনস্যুলেটর ও রিফ্রেকটরীজ বিপণন	১.১৫.১বিপণনকৃত ইনস্যুলেটর ও রিফ্রেকটরীজ	মে. টন	১৩০০	১১৩৬.২৮ প্রকৃত অর্জন ৮৮%
	১.১৬ শীট গ্লাস উৎপাদন	১.১৬.১ উৎপাদিত শীট গ্লাস	লক্ষ বর্গ মিটার	১৮.৬৭	১৪.৩১ প্রকৃত অর্জন ৭৭%
	১.১৭ শীট গ্লাস বিপণন	১.১৭.১বিপণনকৃত শীট গ্লাস	লক্ষ বর্গ মিটার	১৮.৬৭	১৭.৫৭ প্রকৃত অর্জন ৯৪%

১১. এসডিজি বাস্তবায়ন পরিকল্পনা

	এসডিজির লক্ষ্য	কর্মসূচিসমূহ	প্রতিবেদনাধীন অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি
লিড হিসেবে কো-লিড হিসেবে এসোসিয়েট হিসেবে	Lead Target: ৯.২, ৯.৪ Co-lead Target: ৬.৪, ৮.২ Associate Target: ১.১, ১.২, ১.৪, ২.১, ২.২, ২.৩, ২.৪, ৩.৮, ৪.৪, ৫.১, ৫.৫, ৬.১, ৬.৩, ৬.এ, ৮.১, ৮.৩, ৮.৪, ৮.৫, ৮.৮, ৯.৫, ১০.২, ১১.৬, ১২.১, ১২.২, ১২.৪, ১২.৫, ১২.৭, ১২.৮, ১৩.৩, ১৪.৩, ১৭.৭	জিটুজি ভিত্তিতে শাহজালাল ফর্টিলাইজার প্রকল্প (এসএফপি)।	ভৌত অগ্রগতি ১.৫১% আর্থিক অগ্রগতি ১০০%
লিড হিসেবে কো-লিড হিসেবে এসোসিয়েট হিসেবে	Lead Target: ৯.২, ৯.৪ Co-lead Target: ৬.৪, ৮.২ Associate Target: ১.১, ১.২, ১.৪, ২.১, ২.২, ২.৩, ২.৪, ৩.৮, ৪.৪, ৫.১, ৫.৫, ৬.১, ৬.৩, ৬.এ, ৮.১, ৮.৩, ৮.৪, ৮.৫, ৮.৮, ৯.৫, ১০.২, ১১.৬, ১২.১, ১২.২, ১২.৪, ১২.৫, ১২.৭, ১২.৮, ১৩.৩, ১৪.৩, ১৭.৭	জিওবি অর্থায়নে ছাতক সিমেন্ট কোম্পানি লিমিটেড (সিসিসিএল) কে ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেসে রুপান্তর।	ভৌত অগ্রগতি ৬.৩০% আর্থিক অগ্রগতি ৯৯.৯%
লিড হিসেবে কো-লিড হিসেবে এসোসিয়েট হিসেবে	Lead Target: ৯.২ Associate Target: ১.১, ১.২, ১.৪, ৩.৮, ৪.৩, ৪.৪, ৫.১, ৫.৫, ৮.১, ৮.৩, ৮.৫, ৮.৮, ১০.২, ১২.৭, ১২.৮, ১৭.৭	দক্ষিন কোরিয়ার কারিগরি সহায়তায় বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এর প্রশিক্ষণ ইনস্টিটিউটের আধুনিকীকরণ ও শক্তিশালীকরণ প্রকল্প	ভৌত অগ্রগতি ৫.৯৩% আর্থিক অগ্রগতি ৯৮.৩৭%
লিড হিসেবে কো-লিড হিসেবে এসোসিয়েট হিসেবে	Lead Target: ৯.২ Associate Target: ১.১, ১.২, ১.৪, ২.১, ২.২, ২.৩, ২.৪, ৪.৪, ৮.১, ৮.৩, ৮.৪, ৮.৫, ১০.২, ১২.১, ১২.৭	জিওবি অর্থায়নে সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় ১৩টি বাফার গুদাম নির্মাণ শীর্ষক প্রকল্প।	ভৌত অগ্রগতি ২১.৫৪% আর্থিক অগ্রগতি ১০০%
লিড হিসেবে কো-লিড হিসেবে এসোসিয়েট হিসেবে	Lead Target: ৯.২, ৯.৪ Co-lead Target: ৬.৪, ৮.২ Associate Target: ১.১, ১.২, ১.৪, ২.১, ২.২, ২.৩, ২.৪, ৩.৮, ৪.৪, ৫.১, ৫.৫, ৬.১, ৬.৩, ৬.এ, ৮.১, ৮.৩, ৮.৪, ৮.৫, ৮.৮, ৯.৫, ১০.২, ১১.৬, ১২.১, ১২.২, ১২.৪, ১২.৫, ১২.৭, ১২.৮, ১৩.৩, ১৪.৩, ১৭.৭,	Bidder's financing-এ ইউএফএফএল ও পিইউএফএফএলের জায়গায় ঘোড়াশাল-পলাশ নামে নতুন ইউরিয়া সার কারখানা স্থাপন।	ভৌত অগ্রগতি ০.১৮% আর্থিক অগ্রগতি ১০০%
লিড হিসেবে কো-লিড হিসেবে এসোসিয়েট হিসেবে	Lead Target: ৯.২ Associate Target: ১.১, ১.২, ১.৪, ২.১, ২.২, ২.৩, ২.৪, ৪.৪, ৮.১, ৮.৩, ৮.৪, ৮.৫, ১০.২, ১২.১, ১২.৭	জিওবি অর্থায়নে সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার জন্য দেশের বিভিন্ন স্থানে ৩৪টি বাফার গুদাম নির্মাণ শীর্ষক প্রকল্প।	ভৌত অগ্রগতি ০.০৪১% আর্থিক অগ্রগতি ৭৩.২৪%

১২. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সুচক	একক	লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ
				মোট অর্জন
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা..............................১১				
১.১ নৈতিকতা কমিটির সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	৪	৪ প্রকৃত অর্জন ১০০%
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	%	১০০	১০০ প্রকৃত অর্জন ১০০%
১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	সংখ্যা	৪	৪ প্রকৃত অর্জন ১০০%
১.৪ উত্তম চর্চার (Best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	উত্তম চর্চার তালিকা প্রেরিত	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন.....................৭				
২.১ অংশীজনের (Stakeholder) অংশ গ্রহনের সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	২	৬ প্রকৃত অর্জন ৩০০%
২.২ কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে	অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থী	সংখ্যা	১২০	৩০

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সুচক	একক	লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ
				মোট অর্জন
নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকার কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন। অনুরুপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে আলোচনা (প্রযোজ্যক্ষেত্রে)				প্রকৃত অর্জন ২৫%
২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণার্থী	সংখ্যা	১২০	৬৫ প্রকৃত অর্জন ৬৫%
৩. শুদ্ধাচর প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র – এর বাস্তবায়ন এবং প্রযোজ্যক্ষেত্রে খসড়া প্রণয়ন..............১০				
৩.১ কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প প্রধানদের সংস্থা প্রধানের অনুমতি ব্যতিত কর্মস্থল ত্যাগ না করা সংক্রান্ত পরিপত্র জারীকরণ।	পরিপত্র জারীকৃত	সংখ্যা	১	২ প্রকৃত অর্জন ২০০%
৪. তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম.........................১৪				
৪.১ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার আইন হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	সংখ্যা	৪	৩ প্রকৃত অর্জন ৭৫%
৪.২ দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ	তথ্য বাতায়নে সংযোজিত ও কর্মকর্তা/কর্মচারী অবহিত	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%
৪.৩ তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হাল নাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	সংখ্যা	৩	২ প্রকৃত অর্জন ৬৬%
৪.৪ তথ্য অধিকার আইন ২০০৯; জনস্বার্থে সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থে সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা/ কর্মচারীদেরকে অবহিতকরণ	কর্মকর্তা-কর্মচারী অবহিত	সংখ্যা	৬৫০	৬০০ প্রকৃত অর্জন ৯৫%
৫. ই-গভর্ন্যান্স বাস্তবায়ন........................১৩				
৫.১ দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস) এর ব্যবহার	ই-মেইল/ এসএমএস-ব্যবহৃত	সংখ্যা	৪	৪ প্রকৃত অর্জন ১০০%
৫.২ ভিডিও/অনলাইন টেলিকনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেঞ্জার, ভাইবার ব্যবহারসহ)	অনুষ্ঠিত কনফারেন্স	সংখ্যা	৪	২ প্রকৃত অর্জন ৫০%
৫.৩ দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার	ইউনিকোড ব্যবহৃত	%	২০	২০ প্রকৃত অর্জন ১০০%
৫.৪ ই-টেন্ডার/ই জিপি এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন	ই-টেন্ডার সম্পাদিত	%	৫০	৫০ প্রকৃত অর্জন ১০০%
৫.৫ দপ্তর/সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ	অনলাইন/ই-সেবার ব্যবহার পরিবীক্ষণকৃত	%	১০০%	১০০% প্রকৃত অর্জন ১০০%
৫.৬ সোস্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান	সমস্যা সমাধানকৃত	%	৫০	৫০ প্রকৃত অর্জন ১০০%
৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ......................৫				

৬.১ বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন	কর্মপরিকল্পনা প্রণীত	সংখ্যা	১	২ প্রকৃত অর্জন ২০০%
৬.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রম বাস্তবায়ন	বাস্তবায়িত উদ্ভাবনী কার্যক্রম	%	২০	২০ প্রকৃত অর্জন ১০০%
৬.৩ চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/ সহজীকৃত সেবা পরিবীক্ষণ	চালুকৃত সেবা পরিবীক্ষণকৃত	সংখ্যা	২	২ প্রকৃত অর্জন ১০০%

৭. স্বচ্ছতা জবাবদিহি শক্তিশালীকরণ...........................১৬				
৭.১স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ	ওয়েবসাইটে হালনাগাদকৃত	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%
৭.২ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণকৃত	%	৮০	৮০ প্রকৃত অর্জন ১০০%

পরিবীক্ষণ				
৭.৩ দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন	পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন সম্পন্ন	সংখ্যা	১২	১২ প্রকৃত অর্জন ১০০%
৭.৪ সচিবালয় নির্দেশনমালা ২০১৪ এর অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ	নথি শ্রেণি বিন্যাসকৃত	%	১০০	১০০ প্রকৃত অর্জন ১০০%
৮.দপ্তর/সংস্থায় শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম ....৬ (নির্দেশিকায় সংযোজিত তালিকা থেকে কমপক্ষে ৩টি কার্যক্রম নির্বাচন করতে হবে)				
৮.১ বিদ্যুৎ, পানি ও জ্বালানীর সাশ্রয়ী/ সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ।	সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকৃত	%	৭৫	৭৫ প্রকৃত অর্জন ১০০%
৮.২ পিআরএল/পেনশনভূক্ত কর্মকর্তাদের বিভিন্ন সেবা প্রদান।	সেবা প্রদানকৃত	%	১০০	১০০ প্রকৃত অর্জন ১০০%
৯.শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান...............................৩				
৯.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখ এর ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান	প্রদত্ত পুরস্কার	তারিখ	৩০ নভেম্বর	৩০ জুন প্রকৃত অর্জন ১০০%
১০. অর্থ বরাদ্দ.................................৫				
১০.১ শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	বরাদ্দকৃত অর্থ	লক্ষ টাকা	১০.২২	৬.০০ প্রকৃত অর্জন ৫৫%
১১. পরিবীক্ষণ ও মূল্যায়ন..১০				
১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভাগে দাখিল	প্রণীত কর্ম-পরিকল্পনা দাখিলকৃত	তারিখ	৩১ জুলাই	২ আগস্ট প্রকৃত অর্জন ৫৫%
১১.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	৪	৪ প্রকৃত অর্জন ১০০%
১১.৩ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নির্দেশনা প্রদান	প্রদত্ত নির্দেশনা	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%
১১.৪ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন	আয়োজিত কর্মশালা	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%

১৩. প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি

- বিসিআইসি'র নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র টিআইসিআই-কে আধুনিকায়নের লক্ষ্যে চলমান প্রকল্পের বাস্তবায়ন কাজ জুন ২০১৯ এর মধ্যে সম্পন্ন হয়েছে।

- সার সংরক্ষণের ক্ষমতা বৃদ্ধি ও সুষ্ঠু বিতরণ নিশ্চিতকরণের জন্য দেশের বিভিন্ন জেলায় ১,৩০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন ১৩টি বাফার গুদাম স্থাপন শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। কাজের অগ্রগতি ২১.৫৪% ।

- সার সংরক্ষণের ক্ষমতা বৃদ্ধি ও সুষ্ঠু বিতরণ নিশ্চিতকরণের জন্য দেশের বিভিন্ন জেলায় ৫,১০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন আরো ৩৪টি বাফার গুদাম স্থাপন শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। কাজের অগ্রগতি ০.০৪১% ।

- জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে পুরাতন ঘোড়াশাল ও পলাশ সার কারখানার পরিবর্তে বার্ষিক ৯,২৪,০০০ মে. টন উৎপাদনক্ষমতা সম্পন্ন নতুন একটি ইউরিয়া সার কারখানা ঘোড়াশাল-পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি) ০১/১০/২০১৮-৩০/০৬/২০২২ স্মারকে অনুমোদিত হয়। উক্ত প্রকল্পের মোট আর্থিক বরাদ্দ ১০৪৬০.৯১ কোটি টাকা, ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৬.৫০ কোটি টাকা আর্থিক বরাদ্দের বিপরীতে ১৬.৫০ কোটি টাকা ব্যয় হয়েছে। বর্তমানে কাজের অগ্রগতি ০.১৮%।

- উজালা ম্যাচ ফ্যাক্টরি লি. কারখানার ৬.১৭ একর জমিতে 'অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়। বর্ণিত প্রকল্পের ডিপিপি যথাযথ প্রক্রিয়াকরণের পর গত ৩০/০৪/২০১৯ একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৯৪১.৫১ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি: ৭৯৪১.৫১ (অনুদান) লক্ষ টাকা। নিজস্ব অর্থ: ০.০০ লক্ষ টাকা। প্রকল্পের বাস্তবায়ন কাল: মার্চ, ২০১৯ থেকে জুন, ২০২০ পর্যন্ত।

- সিসিসিএল- এ Engineering Dimensions, KSA এর সাথে নতুন সিমেন্ট ও ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে ১৭-১০-২০১৮, এনজিএফএফ প্রাঙ্গনে ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) স্থাপনের লক্ষ্যে Al-Rajhi, KSA এর সাথে ০৭-০৩-২০১৯ এবং কেপিএম-এ CMC, China এর সাথে নতুন পাল্প এন্ড পেপার মিল স্থাপনের লক্ষ্যে ০২-০৪-২০১৯ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

১৩.১ বিসিআইসি'র সার সংক্রান্ত বিভিন্ন তথ্য

- কৃষি মন্ত্রণালয় কর্তৃক চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে সারাদেশে ইউরিয়া সারের মোট চাহিদা নির্ধারণ করা হয়েছে ২৫.৫০ লক্ষ মেট্রিক টন।
- ২০১৮-২০১৯ অর্থ বছরে নিজস্ব সার কারখানায় উৎপাদন লক্ষ্যমাত্রা ৮.০০ লক্ষ মেট্রিক টন যার বিপরীতে ইউরিয়া সারের প্রকৃত উৎপাদন ৭.৮৩ লক্ষ মেট্রিক টন।
- ২০১৮-২০১৯ অর্থ বছরে ইউরিয়া সারের আমদানির লক্ষ্যমাত্রা ১৬.০০ লক্ষ মেট্রিক টন। যার বিপরীতে ইউরিয়া সারের প্রকৃত আমদানির পরিমান ২০.৪৬ লক্ষ মেট্রিক টন।
- দেশের ইউরিয়া সারের বাৎসরিক গড় চাহিদা মোট ২৫.০০ লক্ষ মেট্রিক টন। কৃষকদের চাহিদা অনুযায়ী সুষ্ঠুভাবে ইউরিয়া সার বিতরণের স্বার্থে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ৮.০০ লক্ষ মেট্রিক টন সার আপৎকালীন মজুদ রাখতে হয়।
- বিএডিসি থেকে প্রাপ্ত ২৩টি বাফার গুদাম, সংস্থার ৬টি ইউরিয়া সার কারখানা ও ১টি ট্রানজিট গুদামে সার সংরক্ষণ করা যায় মাত্র ৩.০০ লক্ষ মেট্রিক টন। অবশিষ্ট ৫.০০ লক্ষ মেট্রিক টন সার বিভিন্ন কারখানা/বাফার গুদামের বাইরে ও বিভিন্ন ট্রানজিট পয়েন্টে থাকে।
- দেশের ১৩টি জেলায় ১,৩০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন ১৩টি বাফার গুদাম নির্মাণাধীন রয়েছে এবং দেশের ৩৪টি জেলায় ৫,১০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন ৩৪টি বাফার গুদাম নির্মাণের প্রকল্প হাতে নেয়া হয়েছে, যার মেয়াদকাল যথাক্রমে ২০১৯ এবং ২০২১। উক্ত গুদামসমূহ নির্মিত হলে সুষ্ঠুভাবে সার সংরক্ষণ করা সম্ভব হবে।
- বর্তমানে সার বিতরণের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন কারখানা ও বাফার গুদামে সেট-আপের তুলনায় জনবলের স্বল্পতা রয়েছে।

১৪. ভবিষ্যত কর্মপরিকল্পনা

- চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস শীট ফ্যাক্টরি' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে ।
- সিসিসি-তে একটি সোডাঅ্যাশ, কস্টিক সোডা কারখানা স্থাপনের লক্ষ্যে সৌদি আরবের Yousif Al Rajhi Const. Est. সাথে একটি প্রকল্প গ্রহণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- বিসিআইসি'র একক মালিকানায় একটি বিশ্বমানের গ্লাস কারখানা স্থাপন প্রকল্প 'বাংলাদেশ গ্লাস শীট ফ্যাক্টরি' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- বিসিআইসি'র নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রের জন্য চট্টগ্রাম অঞ্চলে ট্রেনিং ইন্সটিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) স্থাপনের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- বাংলাদেশ ইন্স্যুলেটর এন্ড স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফএল)কে সরকারের নির্দেশে গাজীপুর জেলায় স্থানান্তরের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

১৫. চ্যালেঞ্জ সমূহ

- পর্যাপ্ত অর্থের যোগান
- দক্ষ জনবল তৈরি
- পর্যাপ্ত গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ
- কাঁচামালের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরণ
- সঠিক সময় কারখানাগুলোর রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা করা
- কারখানার আপগ্রেডেশন সঠিক সময়ে নিশ্চিত করা

১৬. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় সুপারিশ

- সার কারখানাসমূহের নিরবিচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ অব্যাহত রাখা
- কারখানাসমূহের বার্ষিক লক্ষ্যমাত্রায় পণ্য সামগ্রি উৎপাদন, বিতরণ ও বাজারজাত করা
- সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে কারখানাসমূহের লোকসান ২৫% হ্রাস করা
- কর্মরত জনবলের পেশাগত দক্ষতা/সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা
- মেইন্টেন্যান্স প্লানিং ও বাস্তবায়ন
- পর্যাপ্ত স্পেয়ার পার্টস ক্রয় প্রক্রিয়া সম্পাদন
- ইউরিয়া সার সংরক্ষণের জন্য গোডাউন তৈরি করা

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং ২৭ (PO-27) বলে বাংলাদেশ সুগার মিলস করপোরেশন এবং বাংলাদেশ ফুড অ্যান্ড অ্যালাইড ইন্ডাস্ট্রিজ করপোরেশনগঠিত হয়। ১৯৭৬ সালে বাংলাদেশ সুগার মিলস করপোরেশন ও বাংলাদেশ ফুড অ্যান্ড অ্যালাইড ইন্ডাস্ট্রিজ করপোরেশন একীভূত করে বাংলাদেশ সুগার অ্যান্ড ফুড ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিএসএফআইসি) গঠন করাহয়।বর্তমানে বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন ২০১৮ অনুযায়ী বিএসএফআইসি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে পরিচালিত হচ্ছে। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত ১৬টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে যা কোম্পানি আইন ১৯৯৪ দ্বারা পরিচালিত হচ্ছে। বিএসএফআইসি'র আওতাধীন মিল/প্রতিষ্ঠানগুলোর তালিকা নিম্ন ছকে উল্লেখ করা হলো:

১। পঞ্চগড় সুগার মিলস লিমিটেড
২। ঠাকুরগাঁও সুগার মিলস লিমিটেড
৩। সেতাবগঞ্জ সুগার মিলস লিমিটেড
৪। শ্যামপুর সুগার মিলস লিমিটেড
৫। রংপুর সুগার মিলস লিমিটেড
৬। জয়পুরহাট সুগার মিলস লিমিটেড
৭। রাজশাহী সুগার মিলস লিমিটেড
৮। নাটোর সুগার মিলস লিমিটেড
৯। নর্থ বেঙ্গল সুগার মিলস লিমিটেড
১০। পাবনা সুগার মিলস লিমিটেড
১১। কেরু অ্যান্ড কোম্পানি (বিডি) লিমিটেড
১২। কুষ্টিয়া সুগার মিলস লিমিটেড
১৩। মোবারকগঞ্জ সুগার মিলস লিমিটেড
১৪। ফরিদপুর সুগার মিলস লিমিটেড
১৫। জিল বাংলা সুগার মিলস লিমিটেড
১৬। রেণউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানি (বিডি) লিমিটেড

ভিশন

- "সাশ্রয়ী মূল্যে মানসম্মত চিনি, চিনিজাত দ্রব্য ও খাদ্যপণ্য সরবরাহ।"

মিশন

- আখ চাষী ও শ্রমিকদের দক্ষতা উন্নয়ন, উন্নতজাতের আখ উৎপাদন ও চিনিকলসমূহের আধুনিকায়নের মাধ্যমে মানসম্মত চিনি, চিনিজাত পণ্য ও খাদ্যপণ্য উৎপাদন বহুমুখিকরণ ও সরবরাহ।

২. বিএসএফআইসি'র ২০১৮-২০১৯ অর্থবছরের উন্নয়ন/অনুন্নয়ন বাজেট এবং বাস্তবায়ন অগ্রগতি

দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের অনুন্নয়ন বাজেট এবং বাস্তবায়ন অগ্রগতি **(কোটি টাকায়)**

মূল বাজেট	সংশোধিত বাজেট	২০১৮-২০১৯ অর্থবছরে ব্যয়িত অর্থের পরিমাণ	বাস্তবায়ন অগ্রগতি ২০১৮-২০১৯	বাস্তবায়ন অগ্রগতি ২০১৭-২০১৮	বাস্তবায়ন অগ্রগতি ২০১৬-২০১৭	বাস্তবায়ন অগ্রগতি ২০১৫-২০১৬	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধি %	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধির কারণ
প্রকল্প অনুদান	৯৫০.০০	৯৫০.০০	১০০%	১০০%	১০০%	১০০%	-	-
পণ্য ও সেবা বাবদ সহায়তা	১৩০.০০	১৩০.০০	১০০%	১০০%	১০০%	১০০%	-	-

৩. বিএসএফআইসি'র উন্নয়ন বাজেট এবং বাস্তবায়ন অগ্রগতি (বিগত ৫ বছরের)

(কোটি টাকায়)

অর্থবছর	প্রকল্প সংখ্যা	এডিপি বরাদ্দ (বরাদ্দের শতকরা হার)				অর্থ ছাড় (%)	মোট ব্যয় %	বাস্তবায়ন অগ্রগতি %
		জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থার নিজস্ব অর্থায়ন	মোট			
২০১৪-২০১৫	০৪ (চার)	২৩.৩৬ (মোট প্রাক্কঃ ব্যয় = ২৬৫.১৯৯৯)	--	--	২৩.৩৬ (৮.৮১%)	২২.৪৬ (৯৬.১৫%)	২১.৯২৪১ (৯৩.৮৫%)	৬৮.১৫৪১ (২৫.৭০%)
SMS ভিত্তিকসার্ভিস চালুকরন।	রাজস্ব খাতের মাধ্যমে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে।	পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কের আবেদনকারীগণকে তাঁদের সার্টিফিকেট এবং আনুষঙ্গিক বিষয়সমূহ SMS-এর মাধ্যমে জানানো হবে। এতে অফিসের কাজের স্বচ্ছতা এবং গতি বৃদ্ধি পাবে।
Electronic Document Management System(EDMS) চালুকরন।	WIPO এর– কারিগরি সহযোগিতায় প্রকল্প গ্রহণের মাধ্যমে	দাপ্তরিক কাজের স্বচ্ছতা এবং গতি বৃদ্ধি পাবে। নথি ব্যবস্থাপনায় হার্ডকপি নথির উপর নির্ভরশীলতা কমবে। পূর্নাংগ অটোমেশনে কার্যকর ভূমিকা রাখবে।
ট্রেডমার্ক নিবন্ধণে তাৎক্ষণিক সার্চ রিপোর্ট প্রদান।	আবেদনকারী কর্তৃক পূরণকৃত নির্দিষ্ট ফর্ম (TM-4) ও ফি সরাসরি/অনলাইনে জমা দিবেন, যা হেল্প ডেস্কে নিয়োজিত কর্মকর্তার নিকট প্রদর্শিত হবে। আবেদনটি হেল্প ডেস্কে নিয়োজিত কর্মকর্তা পরীক্ষা পূর্বক রিপোর্ট প্রস্তুত করবেন এবং তাৎক্ষণিক ভাবে সার্চ রিপোর্ট আবেদনকারীকে প্রদান করবেন (সরাসরি, অনলাইন সিস্টেম, ই-মেইল ইত্যাদি)।	TCV এর উন্নয়ন, দ্রুততম সময়ে ট্রেডমার্ক নিবন্ধনের আবেদন দাখিলের ক্ষেত্র তৈরি, সরকারের উক্ত খাতে রাজস্ব বৃদ্ধি এবং শারীরিক ও মানসিক কষ্ট লাঘব হয়।
Active Notification	এটুআই-এর আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদানের মাধ্যমে একটি সফট্ওয়ার ডেভেলপ করা হয়েছে। উক্ত সফট্ওয়ারের	পরিকল্পনাটি বাস্তবায়নের ফলে TCV এর মান, দাপ্তরিক স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

System (ANSys)	মাধ্যমেই Active Notification System (ANSys) পরিচালিত হয়। ডিপিডিটি'র প্রশাসন এ বিষয়ে সার্বিক সহযোগিতা করে এবং ইনোভেশন টিম মেধা দিয়ে ও কারিগরি সহযোগিতা দিয়ে ডিপিডিটি'র পক্ষে সহযোগিতা করে। এছাড়া বিভিন্ন পর্যায়ে WIPO(World Intellectual Property Organization)কারিগরি সহযোগিতা প্রদান করে।	সেবাগ্রহীতাগণ আরও বেশি বেশি আবেদনে উৎসাহিত হবেন। ফলে সরকারের রাজস্ব বৃদ্ধিপ্রাপ্ত হবে এবং নাগরিকদের সেবা সহজতর হবে।

৯. উল্লেখযোগ্য কার্যাবলী

ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন আইন, ২০১৩ ও বিধিমালা, ২০১৫ কার্যকর হওয়ায় বাংলাদেশের 'চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম' কে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে নিবন্ধন প্রদান করা হয়েছে। জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ নীতিমালা, ২০১৮ প্রণয়ন করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i এবং ডিপিডিটি কর্তৃক স্বাক্ষরিত চুক্তির আওতায় মেধাসম্পদ সম্পর্কিত অনলাইন সেবার সাথে অনলাইনে পেমেন্ট প্রদানের ব্যবস্থা চালু করে সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে।

১০. চ্যালেঞ্জ সমূহ

বিশ্বমানের সেবা প্রদানে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ ও মানব সম্পদ উন্নয়ন। দেশীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সহযোগিতার সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে মেধাসম্পদ বিষয়ক সেবার মান যুগোপযোগীকরণ। আন্তর্জাতিক মানের Intellectual Property (IP) অফিসে পরিণত করার লক্ষ্যে প্রদত্ত সেবাসমূহ e-Service-এ রূপান্তর ও অভ্যন্তরীণ কার্যক্রম Fully Automated করা।

১১. ভবিষ্যত কর্মপরিকল্পনা

মেধাসম্পদ সুরক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরের সকল সেবাসমূহ e-Service-এ রূপান্তর। অভ্যন্তরীণ কার্যক্রম Full Automation এর লক্ষ্যে ফিজিব্যালিটি স্টাডি সম্পন্নকরণ, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন। বিশ্বমানের সেবা প্রদানে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ। দক্ষ জনবল তৈরির জন্য দেশে ও বিদেশে উপযুক্ত প্রশিক্ষণ প্রদান। মেধাসম্পদ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন এবং আইপি একাডেমি প্রতিষ্ঠা।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি সরকারি দপ্তর। দেশের উৎপাদনশীলতা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ১৯৮২ সালের ডিসেম্বর মাসে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে "জাতীয় শ্রম উৎপাদনশীলতা পর্যবেক্ষণ ও পরিনিয়ন্ত্রণ কেন্দ্র (এনসিএমএলপি)" নামে একটি উন্নয়ন প্রকল্প গৃহীত হয়। পরবর্তীতে প্রকল্পটির নাম পরিবর্তন করে "বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)" রাখা হয়। সর্বশেষে ১৯৮৯ সালে "বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)" প্রকল্পটিকে উন্নয়ন খাত হতে সরকারের নিয়মিত রাজস্ব বাজেটে স্থানান্তরপূর্বক শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় হতে "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)" নামে শিল্প মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়। এনপিও বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন খাত, উপ-খাত এবং কুটিরশিল্পসহ এসএমই ও শিল্প/সেবা প্রতিষ্ঠান খাতে উৎপাদনশীলতা উন্নয়নে যুগোপযোগী কলাকৌশল সম্পর্কিত প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা, পরামর্শ সেবা, কারিগরী সহায়তা প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এনপিও জাপানস্থ এশিয়ান প্রোডাকটিভিটি আর্গানাইজেশন (এপিও) এর ফোকাল পয়েন্ট হিসেবে আন্তর্জাতিক মানের কনসালটেন্সি সেবা প্রদান করে থাকে। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণানুযায়ী, উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করা, প্রতিবছর ০২ অক্টোবরকে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করা এবং সর্বোপরি এ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে শিল্প/সেবা/কৃষি সেক্টরে সেরা প্রতিষ্ঠানকে স্বীকৃতি স্বরূপ প্রতিবছর ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান করা হচ্ছে। বর্তমান বিশ্বে সকল প্রগতিশীল রাষ্ট্র ব্যবস্থায় উৎপাদনশীলতা উন্নয়ন কার্যক্রমকে জাতীয় আন্দোলন হিসেবে স্বীকৃতি দেয়া হচ্ছে এবং রাষ্ট্রীয় শিল্পনীতির সাথে সামঞ্জস্য রেখে উৎপাদনশীলতা কার্যক্রমকে ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টি করা হচ্ছে।

ভিশন

উৎপাদনশীলতার উৎকর্ষ সাধনে বিশ্ব মানের প্রতিষ্ঠান।

মিশন

উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কারখানা ও সেবা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা, কারিগরী সহায়তা ও উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দ্রব্য/সেবার উৎপাদন বৃদ্ধি, গুণগত পদ্ধতির উন্নয়ন এবং দক্ষ জনবল তৈরি।

২. দপ্তর/সংস্থার ২০১৫-২০১৯ অর্থবছরের অনুন্নয়ন বাজেট এবং বাস্তবায়ন অগ্রগতি **(কোটি টাকায়)**

মূল বাজেট	সংশোধিত বাজেট	২০১৮-২০১৯ অর্থবছরে ব্যয়িত অর্থের পরিমাণ	বাস্তবায়ন অগ্রগতি ২০১৮-২০১৯	বাস্তবায়ন অগ্রগতি ২০১৭-২০১৮	বাস্তবায়ন অগ্রগতি ২০১৬-২০১৭	বাস্তবায়ন অগ্রগতি ২০১৫-২০১৬	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধি %	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধির কারণ
৫.৯৫	৫.৯৪৯৫	৫.৭৫৬	৯৬.৭৫	৯৩.৮৬	৯৪.৯৮	৯৫.৭৩		

২.১ প্রতিষ্ঠানভিত্তিক নিজস্ব আয় ও জিওবির হিসাব: ২০১৪-২০১৫ অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত **(বিগত ৫ বছরের) মোট নিজস্ব আয় ২৪,৬৫,১৩২ কোটি টাকা**

৩। সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব: ২০১৪-২০১৫ অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত **(বিগত ৫ বছরের) নন-ট্যাক্স রেভিনিউর লক্ষ্যমাত্রা ৩৩,৮৪,০০০.০০** কোটি টাকা প্রকৃত অর্জন ২৪,৬৫,১৩২ কোটি টাকা।

৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া অসাধারণ ১০০%	প্রতিবেদনাধীন অর্থবছরে প্রকৃত অর্জন
[১.১] উৎপাদনশীলতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান	[১.১.১] পরিচালত দেশীয় প্রশিক্ষণ কোর্স	সংখ্যা	৫৯	৬০ প্রকৃত অর্জন ১০০%
	[১.১.২] পরিচালিত আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স	সংখ্যা	৩	৩ প্রকৃত অর্জন ১০০%
	[১.১.২] আয়োজিত ইলার্নিং - কোর্স	সংখ্যা	৪	৪ প্রকৃত অর্জন ১০০%
[২.১] উৎপাদনশীলতা বিষয়ে কর্মশালা আয়োজন	[২.১.১] আয়োজিত কর্মশালা	সংখ্যা	৪	৩ প্রকৃত অর্জন ৭৫%
[২.২] টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) প্রদান	[২.২.১] প্রদানকৃত টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES)	সংখ্যা	৩	৩ প্রকৃত অর্জন ১০০%

[২.৩] শিল্প খাতে অবদানের জন্য পুরস্কার এবং স্বীকৃতি	[২.৩.১.] প্রদত্ত ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড	তারিখ	৩১/১২/১৮	১১/১২/১৮ প্রকৃত অর্জন ১০০%
[৩.১] উৎপাদনশীলতার গতি প্রকৃতি বিষয়ক প্রতিবেদন	[৩.১.১] প্রস্তুতকৃত প্রতিবেদন	সংখ্যা	৯	৯ প্রকৃত অর্জন ১০০%
[৩.২] উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা	[৩.২.১] প্রস্তুতকৃত গবেষণা প্রতিবেদন	সংখ্যা	২	২ প্রকৃত অর্জন ১০০%
[৪.১] প্রচার পুস্তিকাপোষ্টার / বিতরণ	[৪.১.১] বিতরণকৃত প্রচার পুস্তিকা /পোষ্টার	সংখ্যা	১,০৫,০০০	১,০৫,০০০ প্রকৃত অর্জন ১০০%
[৪.২] মাঠ পর্যায়ে উৎপাদনশীলতা দিবস পালন	[৪.২.১] জেলা পর্যায়ে অনুষ্ঠান	সংখ্যা	৬৪	৬৪ প্রকৃত অর্জন ১০০%
	[৪.২.২] উপজেলা পর্যায়ে অনুষ্ঠান	সংখ্যা	১৭৫	১৭৫ প্রকৃত অর্জন ১০০%
[৪.৩] উৎপাদনশীলতা বিষয়ে সেমিনার আয়োজন	[৪.৩.১] আয়োজিত সেমিনার	সংখ্যা	৩	৩ প্রকৃত অর্জন ১০০%
[৫.১] জাতীয় উৎপাদনশীলতা পরিষদের সভা	[৫.১.১] আয়োজিত সভা	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%
[৫.২] উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা	[৫.২.১] আয়োজিত সভা	সংখ্যা	৩	৩ প্রকৃত অর্জন ১০০%
[৫.৩]সেক্টর ভিত্তিক উপদেষ্টা কমিটির সভা	[৫.৩.১] আয়োজিত সভা	সংখ্যা	৮	৮ প্রকৃত অর্জন ১০০%

৫. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

১) নৈতিকতা কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।
২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত।
৩) স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে।
৪) উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে জুন ২০১৯ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
৫) অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা ২টি সভা অনুষ্ঠিত হয়েছে মোট অর্জন ৫০%
৬) তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন। অর্জন ১০০%
৭) দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিত করা হয়েছে
৮) তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদ করা হয়েছে। অর্জন ১০০%
৯) তথ্য অধিকার আইন ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ। অর্জন ১০০%
১০) বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন। অর্জন ১০০%
১১) 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্পস্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। অর্জন ১০০%
১২) নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল করা হয়েছে। অর্জন ১০০%

৬. ইনোভেশন সংক্রান্ত তথ্য (বিগত ৫ বছরের)

উদ্ভাবন ধারণা	উদ্ভাবনী ধারণার প্রয়োগ কৌশল	উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন
অনলাইন কাইজেন	সফটওয়্যার ডেভেলপমেন্টের মাধ্যমে	কোন প্রতিষ্ঠানে সাধারনত ১ মাস অন্তর ৫ টি ধাপে কাইজেন সম্পন্ন করা হয়। এনপিও সক্ষমতা অনুযায়ী প্রতিবছর ২-৩ টির বেশি কাইজেন বাস্তবায়ন করতে পারে না। এটি থেকে উত্তরনের জন্য a2i এর সার্ভিস ইনোভেশন ফান্ড এর অর্থায়নে অনলাইন কাইজেন প্রকল্প বাস্তবায়ন চলছে। এই প্রকল্পের অধীনে সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজ শেষ হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে একই সাথে প্রায় ২০-২৫ টি প্রতিষ্ঠানে কাইজেন বাস্তবায়ন করা যাবে।
উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি প্রতিবেদন ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি তথ্য প্রযুক্তিকে ব্যবহার করলে যে কোন কাজ কম সময়ে করা সম্ভব হয়। এছাড়াও সফটকপি সহজে সংগ্রহ এবং বিতরণ করা যায়।	প্রতিবেদনের প্রয়োজনীয় তথ্য সহজে সংগ্রহ করার জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এই সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সহজে এবং কম সময়ে প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ করা যাবে।	ডাকযোগে প্রশ্নমালা পাঠানো এবং ফেরত পাবার জন্য সময় নষ্ট হবে না। এতে যে কোন শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সাথে জড়িত ব্যক্তিবর্গ উৎপাদনশীলতা বিষয়ক যে কোন উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের জন্য কম সময়ে সচেষ্ট হবে।

৭. উল্লেখযোগ্য কার্যাবলী

- জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে জনবলের দক্ষতা বৃদ্ধিকল্পে এনপিও কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে মোট ৬০টি প্রশিক্ষণ ও ০৩টি কর্মশালা আয়োজনের মাধ্যমে ২০৫২ জন লোককে প্রশিক্ষণ প্রদান করা হয়।
- সেক্টর ভিত্তিক উৎপাদনশীলতা সঠিক অবস্থা নিরূপণ এবং উৎপাদনশীলতার গতি প্রকৃতি বিষয়ক ০৯টি প্রতিবেদন প্রস্তুত এবং প্রকাশ করা হয়।
- এপিও-এনপিও' র যৌথ উদ্যোগে : (১) Workshop on Accountable Governance for Productivity Growth & Competitiveness, 21-25 April, 2019 Dhaka (২) Workshop on Building Climate Resilience in Agriculture, 5-9 May, 2019 Dhaka (৩) Workshop on Advanced Performance Management for Modern Public Sector Organization, 19-23 May, 2019 Dhaka ০৩টি আন্তর্জাতিক প্রশিক্ষণ/ সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়।
- সেক্টর ভিত্তিক উৎপাদনশীলতা কার্যক্রম জোরদার এবং নতুন নতুন কলা কৌশল নির্ধারণের লক্ষ্যে সেক্টর ভিত্তিক ০৮টি উপদেষ্টা কমিটির সভা আয়োজন করা হয়।
- বিগত ০২ অক্টোবর, ২০১১ তারিখে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক বহুপক্ষীয় জাতীয় সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী-প্রতিবছর শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠানকে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭" গত ১১/১২/২০১৮ তারিখে বিভিন্ন ক্যাটাগরীতে মোট ১৮টি প্রতিষ্ঠানকে এওয়ার্ড প্রদান করা হয়।
- সেবা শিল্প শাখা ও পাট শিল্প শাখা থেকে উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা ০২টি প্রতিবেদন প্রকাশের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- বিশ্ব ব্যাংক এবং এপিও' র সহায়তায় এনপিও Distance Learning Network এর আওতায় (১) e-Learning Course on Management Innovation in SMEs (Advanced), 3-6 September, 2018 (২) e-Learning Course on Global Food Safety Trends : Application of Advanced Technologies, 29 Oct-01 Nov, 2018 (৩) e-Learning Course on Waste Management in Agribusiness, 27-30 Nov, 2018, (৪) e-Learning Course on Customer Satisfaction Management for the Health Sector, 3-6 Dec, 2018 বিষয়ের উপর ০৪টি প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। এতে ৮০ জন কর্মকর্তা/প্রতিনিধি অংশগ্রহণ করে।
- উৎপাদনশীলতা উন্নয়নের সুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কারখানা পর্যায়ে এ বিষয়ে সচেতনামূলক ১,০৫,০০০ প্রচার-পুস্তিকা, লিফলেট বিতরণ করা হয়।
- এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) কর্তৃক আয়োজিত এর সদস্যভুক্ত ২০টি দেশে বিভিন্ন শিল্প কারখানা/প্রতিষ্ঠান এবং সরকারি-বেসরকারি পর্যায়ের মোট ৪৮ জন প্রতিনিধিকে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণের জন্য বিদেশে প্রেরণ করা হয়।
- উৎপাদনশীলতা বৃদ্ধিকল্পে ৫টি প্রতিষ্ঠানে Consultancy সেবা/5s বাস্তবায়ন করা হয়েছে।
- ০৩ টি টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) প্রদান করা হয়েছে।
- আধুনিক সুযোগ সুবিধাসহ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর অফিস ভবন নির্মাণের কার্যক্রম অব্যাহত আছে। তবে হাইকোর্টে একটি রিট পিটিশনের প্রেক্ষিতে আপাততঃ
- কার্যক্রম স্থগিত আছে।
- সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় গবেষণা ও উন্নয়ন খাতকে গুরুত্ব দেয়া হয়েছে। এর সাথে সামঞ্জস্য রেখে এনপিও ২০১৭-১৮ অর্থ বছরে বিভিন্ন প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের জন্য গবেষণামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আগামী ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর সহায়তায় অর্থনীতির সকল সেক্টরের শ্রম উৎপাদনশীলতা ও মূলধন উৎপাদনশীলতা পরিমাপ করা হবে।
- অর্থনীতির বিভিন্ন খাত ভিত্তিক শ্রম উৎপাদনশীলতার লেভেল পরিমাপ করা হয়েছে। চিনি শিল্পের উৎপাদনশীলতার নিম্নহারের কারণ অনুসন্ধান করা হয়েছে। বিসিক এবং বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অন্তর্ভূক্ত প্রতিষ্ঠানের উপর গবেষণাপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ) এর ইনফরমাল সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসআইএসসি) এর সাথে ০৬/০৫/১৯ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- শিল্প সচিব এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে গত ২৩/০৬/১৯ তারিখ শিল্প সচিব মহোদয়ের সাথে দপ্তর/সংস্থা প্রধানগণের ২০১৯-২০ অর্থবছরের বার্ষক কর্মসম্পাদন চুক্তি সম্পাদিত হয়। মাননীয় মন্ত্রী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে এনপিও পরিচালক যোগদান করতঃ শিল্প সচিব মহোদয়ের সাথে চুক্তি সম্পাদন করেন। ই-নথি কার্যক্রমে ছোট ক্যাটাগরীতে এনপিও বরাবরের মত ১ম স্থান ধরে রেখেছে।
- অন্যান্য বছরের ন্যায় গত ০২ অক্টোবর, ২০১৮ তারিখে সারা দেশব্যাপী নানা আয়োজনের মধ্য দিয়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৮ পালন করা হয়। জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্নখাতে উৎপাদনশীলতা বাড়াতে এই দিবসটি উদযাপন করা হয়। এ বছর দিবসের মূল প্রতিপাদ্য বিষয় ছিল "সুখী ও সমৃদ্ধ দেশ বিনির্মাণে উৎপাদনশীলতা" (Productivity for Developing Happy & Prosperous Country)। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী পৃথক পৃথক বাণী দিয়েছেন। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দিবসটি কেন্দ্রীয়ভাবে উদযাপন উপলক্ষ্যে বিস্তারিত কর্মসূচি পালন করে।

৮. চ্যালেঞ্জ সমূহ

এনপিও'র নিজস্ব ট্রেনিং ইনস্টিটিউট এবং বিভাগীয় পর্যায়ে আঞ্চলিক অফিস স্থাপন। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদানুযায়ী মানসম্মত প্রশিক্ষণ, গবেষণা, পরামর্শ সেবা প্রদান।

৯. ভবিষ্যত কর্মপরিকল্পনা

এনপিও দপ্তরকে অধিদপ্তর এ উন্নীতকরণ এবং রাজশাহী, চট্টগ্রাম ও খুলনায় ০৩টি আঞ্চলিক অফিস নির্মাণ। অর্থনীতির বিভিন্ন খাত ও উপখাতে উৎপাদনশীলতার লেভেল পরিমাপ করা। উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ, পরামর্শ ও গবেষণার ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের সাথে সাথে বেসরকারি প্রতিষ্ঠানে প্রদত্ত সেবা সম্প্রসারণ করা।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় শিল্প মন্ত্রণালয়ের অধীন সেবাধর্মী একটি কারিগরি দপ্তর। “বয়লার” শিল্প কারখানার জন্য একটি আবশ্যকীয় যন্ত্র। বয়লারের নিরাপদ চালনা নিশ্চিত করার লক্ষ্যে ভারতীয় উপমহাদেশে ১৯২৩ সালে বয়লার আইন এবং ১৯২৪ সালে কলকতায় বয়লার অফিস স্থাপন করা হয়। পরবর্তীতে ১৯৫৭ সালের ৩ জুন ঢাকায় বয়লার অফিস স্থানান্তর করা হয়, যা অদ্যাবধি শিল্প মন্ত্রণালয়ের অধীনে কাজ করছে। সাধারণত সকল কারখানায় বয়লার ব্যবহৃত হয়। তন্মধ্যে বিদ্যুৎ কেন্দ্র, সার কারখানা, চিনি কল, টেক্সটাইল মিল, পেপার মিল, ফিড মিল, রাইস মিল, ঔষধ শিল্প ও পোষাক শিল্প উল্লেখযোগ্য। কোন বয়লার দুর্ঘটনা কবলিত হলে বা বিস্ফোরিত হলে বয়লার সংশ্লিষ্ট জানমালের ব্যাপক ক্ষতি হয়। বয়লারের সাথে সংশ্লিষ্ট জান-মালের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বয়লার আইন, ১৯২৩ এর আওতায় বিভিন্ন সময়ে নিম্নে বর্ণিত বিধিমালা প্রণয়ন করা হয়েছে :

(১) বয়লার রেগুলেশন ১৯৫১
(২) বয়লার এটেনডেন্ট রুলস ১৯৫৩
(৩) বয়লার রুলস ১৯৬১

ভিশন

মানসম্মত ও নিরাপদ বয়লার।

মিশন

পরিদর্শন, পরীক্ষণ এবং নির্ধারিত ব্যক্তি কর্তৃক বয়লার পরিচারনার মাধ্যমে বয়লার এর নিরাপত্তা নিশ্চিতকরণ।

২. দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের অনুন্নয়ন বাজেট এবং বাস্তবায়ন অগ্রগতি (কোটি টাকায়)

মূল বাজেট	সংশোধিত বাজেট	২০১৮-২০১৯ অর্থবছরে ব্যয়িত অর্থের পরিমাণ	বাস্তবায়ন অগ্রগতি ২০১৮-২০১৯	বাস্তবায়ন অগ্রগতি ২০১৭-২০১৮	বাস্তবায়ন অগ্রগতি ২০১৬-২০১৭	বাস্তবায়ন অগ্রগতি ২০১৫-২০১৬	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধি %	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধির কারণ
১.৯৭	১.৭৭	১.৫৯	১.৫৯	১,৪১	১,২৫	০.৮৬	১১.৩২% বৃদ্ধি	বেতন, ভাতা ও সরবরাহ ব্যয় বৃদ্ধির কারণে ব্যয় বৃদ্ধি পেয়েছে

৩. সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব (বিগত ৫ বছরের):
২০১৪ হতে ২০১৯ সাল পর্যন্ত বিগত ৫ বছরে নন-ট্যাক্স রিভিনিউর লক্ষ্যমাত্রা ছিল ২০.০৩ কোটি টাকা প্রকৃত অর্জন হয় ২৪.০০ কোটি টাকা।

৪. শিল্পনীতি অনুযায়ী সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি

বিষয়	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকাল	প্রতিবেদনাধীন অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি
শিল্প খাতে দক্ষতা বৃদ্ধি	১৫.৬ (ঘ) বয়লার পরিচালনায় স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃতি প্রদান কার্যক্রম	এপ্রিল/১৬ থেকে জুন/২১	বয়লার পরিচালনায় স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃতি প্রদানস্বরূপ এপ্রিল’১৬ হতে জুন’১৯ পর্যন্ত ১৭১৬ জন প্রার্থীকে বয়লার পরিচারক সনদ প্রদান করা হয়েছে।
	১৫.৭ বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ কার্যক্রম (Apprenticeship) কে শক্তিশালীকরণ	জানুয়ারি/১৬ থেকে জানুয়ারি/১৭	বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে জানুয়ারি’১৬ থেকে জানুয়ারি’১৭ পর্যন্ত ৪টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ হিসেবে সহকারী বয়লার অপারেটর নিয়োগের পরামর্শ প্রদান করা হয়েছে।

৫. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য

কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া অসাধারণ ১০০%	প্রতিবেদনাধীন অর্থবছরে প্রকৃত অর্জন
দেশে বৈধ ও মানসম্মত বয়লার ব্যবহার নিশ্চিত করা	বয়লার রেজিষ্ট্রেশনের জন্য আবেদন নিষ্পত্তিকরণ	বয়লার নিবন্ধন	সংখ্যা	৯৭.১৪	৯৭.১৪ প্রকৃত অর্জন ১০০%
	বয়লার সনদ নবায়নের জন্য আবেদন নিষ্পত্তিকরণ	বয়লার সনদ নবায়ন	সংখ্যা	৭০	৯১.২৫ প্রকৃত অর্জন ১০০%
স্থানীয়ভাবে তৈরি বয়লার এর মান নিয়ন্ত্রণ করা।	স্থানীয়ভাবে বয়লার তৈরির উদ্দেশ্যে পরিদর্শন	পরিদর্শিত বয়লার	সংখ্যা	৭২০	১২৫৫ প্রকৃত অর্জন ১৭৪%
	তৈরিকৃত বয়লারের নির্মাণ সনদ প্রদান	প্রদত্ত সনদ	সংখ্যা	১৮০	২৫১ প্রকৃত অর্জন ১৩৯%
দুর্ঘটনার ঝুঁকি সর্বনিম্ন পর্যায়ে কমিয়ে 09C7 আনা	বয়লার পরিচারক সনদ প্রদানের উদ্দেশ্যে দক্ষতা যাচাই	পরীক্ষা গ্রহণ	সংখ্যা	৩	৩ প্রকৃত অর্জন ১০০%
	সচেতনতামূলক সভার আয়োজন	সচেতনতামূলক সভা	সংখ্যা	৭	৭ প্রকৃত অর্জন ১০০%

৬. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

মূল কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
১.১ নৈতিকতা কমিটির সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	৪	৪ প্রকৃত অর্জন ১০০%
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	সংখ্যা	১০০	১০০ প্রকৃত অর্জন ১০০%
১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	তারিখ	৩০/০৪/১৯	২৭/০৩/১৯ প্রকৃত অর্জন ১০০%
১.৪ ১.৪ উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	উত্তম চর্চার তালিকা প্রেরিত	তারিখ	৩১/০৭/১৮	৩১/০৭/১৮ প্রকৃত অর্জন ১০০%
২.১ অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	৭	৭ প্রকৃত অর্জন ১০০%
২.২ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারী আচারণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন। অনুরুপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে আলোচনা (প্রয়োজ্য ক্ষেত্রে)	অংশগ্রহণকারী/ প্রশিক্ষণার্থী	সংখ্যা	১৮	১৮ প্রকৃত অর্জন ১০০%
২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণার্থী	সংখ্যা	১৮	১৮ প্রকৃত অর্জন ১০০%
৩.১ বয়লার চালনা বিষয়ক নির্দেশিকা প্রণয়ন	বাস্তবায়নের হার	তারিখ	২০/০৩/১৯	২৫/০২/১৯ প্রকৃত অর্জন ১০০%
৪.১ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার আইকন হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	তারিখ	১৫/০৪/১৯	২৭/০৩/১৯ প্রকৃত অর্জন ১০০%
৪.২ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন	অনলাইন প্রশিক্ষণের সনদ প্রাপ্ত	তারিখ	৩০/০১/১৯	১৪/০৭/১৯ প্রকৃত অর্জন ১০০%
৪.৩ দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ	তথ্য বাতায়নে সংযোজিত ও	তারিখ	৩০/০৪/১৯	২২/০৭/১৮ প্রকৃত অর্জন ১০০%

	কর্মকর্তা-কর্মচারী অবহিত			
৪.৪ তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	তারিখ	২০/০৬/১৯	১৩/০৬/১৯ প্রকৃত অর্জন ১০০%
৪.৫ তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ	কর্মকর্তা-কর্মচারী অবহিত	সংখ্যা	১৮	১৮ প্রকৃত অর্জন ১০০%

৭. ইনোভেশন সংক্রান্ত তথ্য (বিগত ৫ বছরের)

অর্থ বছর	উদ্ভাবন ধারণা	উদ্ভাবনী ধারণার প্রয়োগ কৌশল	উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন
২০১৩-১৪	বয়লার ব্যবহারকারীর মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি সংগ্রহ করে ডাটাবেস তৈরি।	বয়লার ব্যবহারকারীর মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি সংগ্রহ করে ডাটাবেসে সংযোজন।	ডাটাবেজ তৈরি করার ফলে দ্রুত যোগাযোগ করা সম্ভব হচ্ছে।
	বয়লার অফিসের স্ট্যাটিক ওয়েবসাইটকে ডাইনামিক ওয়েবসাইটে রূপান্তর।	স্ট্যাটিক ওয়েবসাইটকে ডাইনামিক ওয়েবসাইটে রূপান্তর	এ কার্যালয়ের ওয়েবসাইটকে অধিকতর তথ্যবহুল ও নিয়মিত ডাটা আপডেট সম্ভব হচ্ছে।
২০১৪-১৫	প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েবসাইটে বয়লার বিষয়ক বছরে ৪টি টিপস প্রদান।	ওয়েবসাইটে নোটিশ আকারে বয়লার বিষয়ক ৪টি টিপস প্রদান	জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে বয়লার ব্যবহার ও সংরক্ষণ বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে।
	প্রত্যেক কর্মকর্তাদের নিজস্ব পদবী অনুযায়ী ডোমেইন ইমেইল খোলা, ব্যবহার করা ও তা ওয়েবসাইটে সংযোজন করা।	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সহযোগিতায় ডোমেইন ইমেইল খুলে ওয়েবসাইটে সংযোজন	ইমেইল এর ব্যবহার বৃদ্ধি ও যোগাযোগ সহজতর হয়েছে। ফলে কাগজের ব্যবহার হ্রাস পেয়েছে।
২০১৫-১৬	বয়লার পরিচারকদের ডাটাবেজ প্রস্তুত করে ওয়েবসাইটে অন্তর্ভূক্তি করা।	ডাটাবেজ প্রস্তুত করে ওয়েবসাইটে সংযোজন	বৈধ বয়লার পরিচারকদের তথ্য প্রাপ্তি সহজতর হয়েছে।
২০১৬-১৭	বিটিআরসি-এর মাধ্যমে বছরে ২ বার সকল মোবাইল ব্যবহারকারীর নিকট বয়লার বিষয়ক সচেতনতামূলক বার্তা প্রেরণ।	বিটিআরসি-এর মাধ্যমে সচেতনতামূলক বার্তা প্রেরণ	বয়লার ব্যবহার বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে।
	নিবন্ধিত সকল বয়লার এর ডাটাবেজ তৈরি করে ওয়েব সাইটে অন্তর্ভুক্তকরণ।	ডাটাবেজ তৈরি করে নিবন্ধিত বয়লারের তথ্য সংরক্ষণ ও ওয়েবসাইটে লিংক প্রদান	স্টেকহোল্ডারদের বৈধ বয়লার এর তথ্য প্রাপ্তি সহজতর হয়েছে।
২০১৭-১৮	বয়লার অফিসের সেবা সম্পর্কিত যাবতীয় তথ্য সম্বলিত একটি এ্যান্ড্রয়েড এ্যাপ তৈরি করা।	এ্যান্ড্রয়েড এ্যাপ তৈরি	স্টেকহোল্ডারগণ বয়লার অফিসে না এসে বয়লার সম্পর্কিত সকল তথ্য জানতে পারছে।
২০১৮-১৯	অনলাইনের মাধ্যমে বয়লার রেজিষ্ট্রেশনের আবেদন গ্রহণ	অনলাইনে বয়লার রেজিষ্ট্রেশনের আবেদন	স্টেকহোল্ডারগণ বয়লার রেজিষ্ট্রেশনের জন্য অনলাইনে আবেদন করতে পারেন। ফলে সেবা প্রাপ্তি সহজতর হয়েছে।

৮. উল্লেখযোগ্য কার্যাবলী

১) বয়লার রেজিষ্ট্রেশন প্রদানের সংখ্যা- ৮৬৯ টি
২) বয়লার সনদ নবায়নের সংখ্যা- ৫৪৮৬ টি
৩) স্থানীয়ভাবে বয়লার তৈরির সংখ্যা- ২৫১ টি
৪) বয়লার পরিচারক যোগ্যতা সনদ প্রদানের সংখ্যা- ৫৯২ জন

৯. চ্যালেঞ্জসমূহ

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে নিবন্ধিত বয়লারের সংখ্যা (১১,৬৭৭ টি) বিবেচনায় বয়লার পরিদর্শক (৪ জন), সনদপত্রধারী বয়লার পরিচারক (৬৯৮৩ জন) ও অন্যান্য জনবলের অপ্রতুলতা। অধিক পুরাতন আইন (বয়লার আইন, ১৯২৩) ও বিধিমালাসমূহ আধুনিক ও যুগোপযোগী মানের সেবা প্রদানে একটি বড় অন্তরায় এবং সারাদেশে প্রয়োজনীয় সংখ্যক আঞ্চলিক কার্যালয় না থাকায় কাঙ্ক্ষিত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না।

১০. ভবিষ্যত কর্মপরিকল্পনা

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের অধীন নতুন নতুন আঞ্চলিক কার্যালয় স্থাপন। বয়লার পরিদর্শকসহ অন্যান্য আনুষঙ্গিক জনবল বৃদ্ধি। বয়লার আইন ও বিধিমালাসমূহ আধুনিক ও যুগোপযোগীকরণ এবং এ কার্যালয়ের সকল কার্যক্রম অটোমেশনের আওতায় নিয়ে আসা।

১১. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সুপারিশ

- জনবল নিয়োগ করা
- আইন ও বিধিমালাসমূহ আধুনিক ও যুগোপযোগী করা।

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে জাতীয় মান অবকাঠামো (National Quality Infrastructure) ও সাজুয্য নিরূপণ পদ্ধতি (Conformity Assessment Procedure) উন্নয়ন, দেশীয় পণ্য ও সেবার মানোন্নয়ন, ভোক্তার অধিকার প্রতিষ্ঠা এবং জনস্বার্থ রক্ষায় সহায়তা এবং রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ তথা দেশের সার্বিক উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করে চলেছে। দেশে বিদ্যমান বিভিন্ন পরীক্ষাগার, সনদ প্রদানকারী সংস্থা, পরিদর্শন সংস্থা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদানের লক্ষ্যে ২০০৬ সালে 'বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন ২০০৬' অনুযায়ী এ বোর্ড গঠিত হয়। একজন চেয়ারম্যানের নেতৃত্বে ১৪ সদস্য বিশিষ্ট বোর্ড এ সংস্থা পরিচালনা করে। বোর্ডের সদস্যগণ হলেন, শিল্প, খাদ্য, বাণিজ্য, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবগণ এবং শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বিজ্ঞান ও শিল্পক্ষেত্রে বিশেষ ব্যুৎপত্তিসম্পন্ন ০২ জন প্রতিনিধি, প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি, বাংলাদেশ এসোসিয়েশন অব সার্টিফিকেশন প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত কোন সনদ প্রদানকারী সংস্থা প্রধান, এসোসিয়েশন অব টেস্টিং ল্যাবরেটরিজ, বাংলাদেশ কর্তৃক মনোনীত কোন টেস্টিং ল্যাবরেটরি প্রধান এবং এ সংস্থার মহাপরিচালক।

ভিশন

এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নির্ভরযোগ্য এ্যাক্রেডিটেশন প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা।

মিশন

আন্তর্জাতিক মান বজায় রেখে পারস্পরিক/বহুমাত্রিক স্বীকৃতি বজায় রাখা এবং বিশ্বব্যাপি স্বীকৃত এ্যাক্রেডিটেশন সেবা প্রদানের মাধ্যমে বাণিজ্য সম্প্রসারণ, ভোক্তা আস্থা বৃদ্ধি ও জনস্বার্থ সংরক্ষণ।

২. দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের অনুন্নয়ন বাজেট এবং বাস্তবায়ন অগ্রগতি **(কোটি টাকায়)**

মূল বাজেট	সংশোধিত বাজেট	২০১৮-২০১৯ অর্থবছরে ব্যয়িত অর্থের পরিমাণ	বাস্তবায়ন অগ্রগতি ২০১৮-২০১৯	বাস্তবায়ন অগ্রগতি ২০১৭-২০১৮	বাস্তবায়ন অগ্রগতি ২০১৬-২০১৭	বাস্তবায়ন অগ্রগতি ২০১৫-২০১৬	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধি %	বিগত বছরসমূহের তুলনায় হ্রাস/বৃদ্ধির কারণ
৩.১৫	৩.১৯৮	২.৪৮	৭৭.৫৫%	৭৪.১০%	৬১.২৫%	৮৯%	২.৬৭% বৃদ্ধি	দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের ইনক্রিমেন্টসহ আনুসঙ্গিক ব্যয় বৃদ্ধি।

৩. বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড এর নিজস্ব আয় ও জিওবির হিসাব (বিগত ৫ বছরের) ২০১৪-২০১৯ পর্যন্ত

অর্থবছর	নিজস্ব মোট আয়	জিওবি খাতে	মোট বাজেট
২০১৪-২০১৫	৩০,০০,০০০/-	১,০৮,৯০,০০০/-	১,৩৮,৯০,০০০/-
২০১৫-২০১৬	৫০,০০,০০০/-	১,২৯,০০,০০০/-	১,৭৯,০০,০০০/-
২০১৬-২০১৭	৬০,০০,০০০/-	২,১১,৯০,০০০/-	২,৭১,৯০,০০০/-
২০১৭-২০১৮	৬০,০০,০০০/-	২,১৮,৭০,০০০/-	২,৭৮,৭০,০০০/-
২০১৮-২০১৯	৬৫,০০,০০০/-	২,৫৪,৮০,০০০/-	৩,১৯,৮০,০০০/-
	মোট- ২,৬২,০০০০০/-	৯,২৩,৩০,০০০/-	১১,৮৮,৩০,০০০/-

৪. আর্থিক বিবরণী (২০১৮-২০১৯) অর্থবছর

(অংকসমূহ টাকায়)

প্রতিষ্ঠানের সর্বমোট আয়		প্রতিষ্ঠানের সর্বমোট ব্যয়		প্রতিষ্ঠানের সর্বমোট লাভ	প্রতিষ্ঠানের সর্বমোট ক্ষতি	প্রতিষ্ঠানের সর্বমোট স্থিতি
জিওবি বাবদ প্রাপ্তি	২,৫৪,৮০,০০০	প্রকৃত ব্যয় সরকারি কোষাগারে ফেরত	২,৪৭,৬৭,৩৭৮ ৭,১২,৬২২			২,৪০,৫৪,৭৫৬
নিজস্ব আয়	১,৫৪,৫০,৮৫৮					১,৫৪,৫০,৮৫৮
	৪,০৯,৩০,৮৫৮		**২,৫৪,৮০,০০০**			**১,৫৪,৫০,৮৫৮**

৫. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য (২০১৮-২০১৯ অর্থবছর)

কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%	প্রতিবেদনাধীন অর্থবছরে প্রকৃত অর্জন
১) জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক মান অনুসারে ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন সেবা প্রদান	১.১ আইএসও/ আইইসি ১৭০২৫ অনুসারে টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন	১.১.১ এ্যাক্রেডিটেশনকৃত ল্যাবরেটরি	সংখ্যা	৫৬	৫৬ প্রকৃত অর্জন ১০০%
	১.২ আইএসও ১৫১৮৯ অনুসারে মেডিকেল ল্যাবরেটরি এ্যাক্রেডিটেশন	১.২.১ এ্যাক্রেডিটেশনকৃত মেডিকেল ল্যাবরেটরি	সংখ্যা	৩	২ প্রকৃত অর্জন ৯০%
(২)জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক মান অনুসারে সনদ প্রদানকারী সংস্থা ও পরিদর্শন সংস্থার এ্যাক্রেডিটেশন সেবা প্রদান	২.১ আইএসও/ আইইসি ১৭০২১ অনুসারে সনদ প্রদানকারী সংস্থার এ্যাক্রেডিটেশন	২.১.১ এ্যাক্রেডিটেশনকৃত সনদ প্রদানকারী সংস্থার	সংখ্যা	৩	২ প্রকৃত অর্জন ৯০%
	২.২ আইএসও/ আইইসি ১৭০২০ অনুসারে পরিদর্শন সংস্থার এ্যাক্রেডিটেশন	২.২.১ এ্যাক্রেডিটেশনকৃত পরিদর্শন সংস্থা	সংখ্যা	৩	৪ প্রকৃত অর্জন ১০০%
(৩)অ্যাসেসর কারিগরী ও মান ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান	৩.১ আন্তর্জাতিক মান অনুযায়ী বিভিন্ন প্রকার অ্যাসেসর কোর্স পরিচালনা	৩.১.১ অ্যাসেসর কোর্সে অংশগ্রহণকারী	সংখ্যা	৪৪	৫১ প্রকৃত অর্জন ১০০%
	৩.২ অফিস ব্যবস্থাপনা এবং মান বিষয়ে কারিগরী প্রশিক্ষণ আয়োজন	৩.২.১ কারিগরি কোর্সে অংশগ্রহণকারী	সংখ্যা	১২৪	১২৫ প্রকৃত অর্জন ১০১%
	৩.৩ অ্যাসেসরদের জন্য রিফ্রেশার কোর্স আয়োজন	৩.৩.১ রিফ্রেশার কোর্সে অংশগ্রহণকারী	সংখ্যা	৯০	১১৭ প্রকৃত অর্জন ১০০%
(৪) ভোক্তা ও স্টেক হোল্ডারদের মাঝে এ্যাক্রেডিটেশনবিষয়ক সচেতনতা বৃদ্ধি	৪.১ স্টেক হোল্ডারদের সমন্বয়ে কনক্লেভ আয়োজন	৪.১.১ আয়োজিত কনক্লেভের সংখ্যা	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%
	৪.২ নিউজ লেটার, বার্ষিক প্রতিবেদন প্রকাশ।	৪.২.১ প্রকাশনা	সংখ্যা	২	২ প্রকৃত অর্জন ১০০%
(৫) আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সদস্যপদ অর্জন ও বজায় রাখা	৫.১ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠান সমূহের টেকনিক্যাল কমিটি, ওয়ার্কিং গ্রুপ- স্টেক হোল্ডার কমিটিতে অংশগ্রহণ	৫.১.১ অংশগ্রহণকারী	সংখ্যা	৯	৬ প্রকৃত অর্জন ৭০%

৬. এসডিজি বাস্তবায়ন পরিকল্পনা

এসোসিয়েট হিসেবে বিএবি কর্তৃক ১২টি খাদ্য ও পুষ্টি পরীক্ষণ পরীক্ষাগার, ২টি মেডিকেল ল্যাবরেটরি, ৩টি ঔষধ পরীক্ষণ ল্যাবরেটরি, ৪টি পরিবেশ ল্যাবরেটরি, ৫টি পানি পরীক্ষণ ল্যাবরেটরিকে এ্যাক্রেডিটেশন প্রদান করা হয়েছে। এছাড়া ৪টি পরিদর্শন সংস্থা ও ১টি সনদ প্রদানকারী সংস্থাকে এ্যাক্রেডিটেশন প্রদান করা হয়েছে।

৭. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তথ্য (২০১৮-২০১৯ অর্থবছর)

মূল কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা/ অর্জন	মোট অর্জন	মন্তব্য
১	২	৩	৪	৫
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.....................................১১				
১.১ নৈতিকতা কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়	অনুষ্ঠিত সভা	৪	৪	প্রকৃত অর্জন ১০০%
১.২ নৈতিকতা কমিটি সভার ১টি সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	৮০%	৮০%	প্রকৃত অর্জন ১০০%
১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	৩০/০৭/১৮	৩০/৭/১৮	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
১.৪ উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	উত্তম চর্চার তালিকা প্রেরিত	৩১/৮/১৮	৩১/৮/১৮	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন...............................৭				
২.১ অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	৪টি	৪টি	
২.২ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারী আচারণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন। অনুরুপ অন্যান্য বিধি/বিধান সম্পর্কে আলোচনা (প্রয়োজ্য ক্ষেত্রে)	অংশগ্রহণকারী/ প্রশিক্ষণার্থী	১২ জন	১৯ জন	প্রকৃত অর্জন ১০০%
২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণার্থী	১২ জন	১২ জন	
৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র –এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন............১০				
৩.১ শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র প্রয়োগ/বাস্তবায়ন	বাস্তবায়নের হার	৮০%	৯০%	প্রকৃত অর্জন ১০০%
৪. তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম ১৪				
৪.১ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার আইকন হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	২১/৭/১৮	২১/৪/১৮	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৪.২ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন	অনলাইন প্রশিক্ষণের সনদ প্রাপ্ত	৩০/৮/১৮	৩০/১/১৯	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৪.৩ দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ	তথ্য বাতায়নে সংযোজিত ও কর্মকর্তা-কর্মচারী অবহিত	৩০/৮/১৮	৩১/৩/১৯	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৪.৪ তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	২৪/৭/১৮	২৪/৪/১৯	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৪.৫ তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ	কর্মকর্তা-কর্মচারী অবহিত	১২ জন	১২ জন	প্রকৃত অর্জন ১০০%
৪.৬ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ	হালনাগাদকৃত নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত	২৭/৮/১৮	২৪/৬/১৯	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৫. ই-গভর্নেন্স বাস্তবায়ন..............................১৩				
৫.১ দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/ এসএমএস)-এর ব্যবহার	ই-মেইল/ এসএমএস ব্যবহৃত	৮০%	৮০%	প্রকৃত অর্জন ১০০%
৫.২ ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেঞ্জার, ভাইবার ব্যবহারসহ)	অনুষ্ঠিত কনফারেন্স	২টি	২টি	প্রকৃত অর্জন ১০০%

৫.৩ দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার	ইউনিকোড ব্যবহৃত	১০০%	১০০%	প্রকৃত অর্জন ১০০%
৫.৪ ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন	ই-টেন্ডার সম্পাদিত	-	-	প্রকৃত অর্জন ১০০%
৫.৫ দপ্তর/সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ	অনলাইন/ই-সেবার ব্যবহার পরিবীক্ষণকৃত	৫টি	৫টি	প্রকৃত অর্জন ১০০%
৫.৬ সোস্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান	সমস্যা সমাধানকৃত	৮০%	১০০%	প্রকৃত অর্জন ১০০%
৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ.....................৫				
৬.১ বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন	কর্ম-পরিকল্পনা প্রণীত	২৪/৭/১৮	২৪/৭/১৮	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৬.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়ন	বাস্তবায়িত উদ্ভাবনী কার্যক্রম	৮০%	৮০%	প্রকৃত অর্জন ১০০%
৬.৩ চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণ	চালুকৃত সেবা পরিবীক্ষণকৃত	৩টি	৩টি	প্রকৃত অর্জন ১০০%
৭. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ.......................১৬				
৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয়-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন	ক্রয়-পরিকল্পনা প্রণীত	২৭/৭/১৮	২৭/৭/১৮	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৭.২ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ	ওয়েবসাইটে হালনাগাদকৃত	২৫/৭/১৮	২৫/৪/১৯	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
৭.৩ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণকৃত	৮০%	৮০%	প্রকৃত অর্জন ১০০%
৭.৪ দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন	পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন সম্পন্ন	২টি	২টি	প্রকৃত অর্জন ১০০%
৭.৫ সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ	নথি শ্রেণী বিন্যাসকৃত	৮০%	৮০%	প্রকৃত অর্জন ১০০%
৭.৬ গণশুনানী আয়োজন	আয়োজিত গণশুনানী	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রকৃত অর্জন ১০০%
৮. দপ্তর/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম.................৬ (নির্দেশিকায় সংযোজিত তালিকা থেকে কমপক্ষে ৩টি কার্যক্রম নির্বাচন করতে হবে)				
৮.১ আঞ্চলিক কার্যালয়সমূহে নৈতিকতা কমিটি গঠনের নির্দেশনা প্রদান	নির্দেশনা প্রদান	-	২	প্রকৃত অর্জন ১০০%
৮.২ প্রধান কার্যালয়ে নৈতিকতা কমিটি পুনর্গঠন	কমিটি গঠন	২৬/৭/১৮	২৬/৭/১৮	বাস্তবায়িত
৮.৩ শুদ্ধাচার স্লোগান বিষয়ক ফেস্টুন প্রদর্শন	প্রদর্শিত ফেস্টুন	৪টি	৪টি	প্রকৃত অর্জন ১০০%
৯. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান.............................৩				
৯.১ 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ নম্বর স্পস্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান	প্রদত্ত পুরস্কার	১৫/৬/১৯	বাস্তবায়ন হয়নি	প্রকৃত অর্জন ০%
১০. অর্থ বরাদ্দ...৫				
১০.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	বরাদ্দকৃত অর্থ	০.৮ লক্ষ টাকা	০.৮ লক্ষ টাকা	প্রকৃত অর্জন ১০০%
১১. পরিবীক্ষণ ও মূল্যায়ন....................................১০				
১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বিভাগে দাখিল	প্রণীত কর্ম-পরিকল্পনা দাখিলকৃত	২৫/৬/১৮	২৫/৬/১৮	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
১১.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে বিভাগে দাখিল	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	১০/৭/১৯	২৫/৬/১৯	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
১১.৩ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নির্দেশনা প্রদান	প্রদত্ত নির্দেশনা	২০/৬/১৮	২০/৬/১৮	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%
১১.৪ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন	আয়োজিত কর্মশালা	-	২টি	বাস্তবায়িত প্রকৃত অর্জন ১০০%

১১.৫ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	অনুষ্ঠিত ফিডব্যাক সভা	১টি	১টি	প্রকৃত অর্জন ১০০%

৮. ইনোভেশন সংক্রান্ত তথ্য (বিগত ৫ বছরের)

উদ্ভাবন ধারণা	উদ্ভাবনী ধারণার প্রয়োগ কৌশল	উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন
১। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ায় ধাপ কমিয়ে আনা	এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ার ধাপ নং- ৬ টেকনিক্যাল রিভিউ প্যানেল (টিআরপি) এবং ধাপ নং- ৭ টেকনিক্যাল কমিটি (টিসি) একত্রীকরণ করে এ্যাক্রেডিটেশন কমিটি গঠন	১। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়া সহজতর করা ২। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ায় রিসোর্স ব্যয় কমিয়ে আনা ৩। সভায় সম্মানী ও আপ্যায়ন ব্যয় কমিয়ে আনা।
২। অনলাইনে নাগরিক আবেদন গ্রহণ;	অনলাইনে আবেদপত্র গ্রহণ ও সংযুক্ত তথ্য প্রমাণকসমূহ যাচাই পূর্বক নিবন্ধীকরণ	১। এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ায় ধাপ নং-১- আবেদনপত্র জমাদান (ম্যানুয়ালি) এবং ধাপ নং ২- আবেদনপত্র নিবন্ধীকরণ কে একসাথে করায় এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ায় সময় এবং রিসোর্স ব্যয় কমিয়ে আনা সম্ভব হয়েছে।

৯. উল্লেখযোগ্য কার্যাবলী

- ২০১৮ সালের নভেম্বর মাসে Asia Pacific Laboratory Accreditation Cooperation (APLAC) (যা বর্তমানে Asia Pacific Accreditation Cooperation-APAC নামে পরিচিত) কর্তৃক টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরির ক্ষেত্রে Mutual Recognition Arrangement (MRA) নবায়নের লক্ষ্যে পূণ:মূল্যায়ন সম্পন্ন হয়েছে। উল্লেখ্য এ দুটি ক্ষেত্রে বিএবি ২০১৫ সালে MRA অর্জন করেছে। এছাড়াও ২০১৮ সালের নভেম্বর মাসে APAC কর্তৃক মেডিকেল ও পরিদর্শনের ক্ষেত্রে MRA অর্জনের লক্ষ্যে Peer Evaluation সম্পন্ন হয়েছে।
- বিএবি এ পর্যন্ত ৫৬ টি টেস্টিং ও ক্যালিব্রেশন ল্যাবরেটরি, ০২ টি মেডিকেল ল্যাবরেটরি, ০২ টি সনদপ্রদানকারী সংস্থা ও ০৪ টি পরিদর্শন সংস্থাকে আন্তর্জাতিক মান অনুসারে এ্যাক্রেডিটেশন প্রদান করেছে।
- প্রতিবেদনাধীন অর্থবছরে এ্যাক্রেডিটেশন সংশ্লিষ্ট কারিগরি বিশেষজ্ঞ এবং অ্যাসেসরদেরকে গুণগত মান ব্যবস্থাপনা, গাইড লাইনস এবং বিভিন্ন আন্তর্জাতিক মানের উপর ২৮৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১০. চ্যালেঞ্জসমূহ

- বিএবি'তে কাজের পরিধি বৃদ্ধির প্রেক্ষিতে এর নতুন অর্গানোগ্রাম অনুমোদন;
- বাজার ভিত্তিক চাহিদার প্রেক্ষিতে নতুন এ্যাক্রেডিটেশন স্কীম উন্নয়ন এবং চালু করা;
- নতুন এবং পরিবর্তিত আন্তর্জাতিক মানের উপর দেশে পর্যাপ্ত প্রশিক্ষক সৃষ্টি করা;
- বিএবি'র নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র না থাকার পরিপ্রেক্ষিতে বিএবি'র এ্যাক্রেডিটেশন কর্মকর্তা এবং অ্যাসেসরদের সক্ষমতা উন্নয়ন করা;
- APAC/ILAC এবং সমজাতীয় আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে এর MRA ক্ষেত্র অব্যহত রাখা ও সম্প্রসারণ করা;

১১. ভবিষ্যত কর্মপরিকল্পনা

রপ্তানি বাণিজ্য সম্প্রসারণ এবং বাজার ভিত্তিক চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন নতুন এ্যাক্রেডিটেশন স্কীম যেমন-HALAL Accreditation Scheme এবং Good Agricultural Practice (GAP) Accreditation Scheme চালু করা। International Accreditation Forum (IAF) এর পূর্ণ সদস্যপদ লাভ এবং মেডিক্যাল ল্যাবরেটরি এবং পরিদর্শন সংস্থা এ্যাক্রেডিটেশন ক্ষেত্রের জন্য APAC এবং ILAC এবং সমজাতীয় আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে Mutual Recognition Arrangement (MRA) স্বাক্ষর করা।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই)

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন

শিল্পায়ন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) গুরুত্ব বিবেচনা করে সরকার শিল্প মন্ত্রণালয়ের অধীন ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) প্রতিষ্ঠা করেছে। এসএমই ফাউন্ডেশন দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে সরকার প্রণীত জাতীয় শিল্পনীতি, পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০২১, এসডিজি এবং অন্যান্য নীতিমালা ও কৌশলপত্র অনুসারে নতুন উদ্যোক্তা তৈরি, সকল শ্রেণীর এসএমই উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ এবং জাতীয় পর্যায়ে সুসংগঠিতকরণসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশকে ত্বরান্বিত করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই অংশ হিসেবে সারাদেশে এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য সহায়ক পরিবেশ তৈরি ও উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান, ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়ন কার্যক্রম, ব্যবসায় উন্নয়ন, গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি, প্রযুক্তি উন্নয়ন, আইসিটি, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন, নারী উদ্যোক্তা তৈরি ইত্যাদি কার্যক্রম পরিচালনা করছে।

২. আর্থিক বিবরণী (২০১৮-২০১৯ অর্থবছর)

ক)

প্রতিষ্ঠানের সর্বমোট আয়	প্রতিষ্ঠানের সর্বমোট ব্যয়	প্রতিষ্ঠানের সর্বমোট লাভ	প্রতিষ্ঠানের সর্বমোট ক্ষতি	প্রতিষ্ঠানের সর্বমোট স্থিতি
২৭,৮৪,৪৬,১২৩.০০	১৯,৪৯,৬৯,৭৭০.০০	৮,৩৪,৭৬,৩৫৩.০০	-	৩৯৬,৩৬,০৪,৯৩৫.০০

৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য

কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা / ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%	প্রতিবেদনাধীন অর্থবছরে প্রকৃত অর্জন
[১] এসএমই ব্যবসা বিকাশে সহায়ক পরিবেশ তৈরি।	[১.১] জাতীয় বাজেট এর ওপর প্রস্তাবনা এনবিআরে প্রেরণ	[১.১.১] প্রেরিত বাজেট প্রস্তাবনা	সংখ্যা	৪৬	৪৬ প্রকৃত অর্জন ১০০%
	[১.২] ফাইন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম ফর ব্যাংকার্স	[১.২.১] প্রোগ্রামে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ	সংখ্যা	৪৪	৫৫ প্রকৃত অর্জন ১২৫%
	[১.৩] জেন্ডার সেনসিটাইজেশন প্রোগ্রাম ফর ব্যাংকার্স	[১.৩.১] প্রোগ্রামে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ	সংখ্যা	৫৭	৬২ প্রকৃত অর্জন ১০৯%
[২] মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ব্যবসায়িক পরিসেবাসমূহ সহজলভ্যকরণ।	[২.১] জাতীয় এসএমই মেলার আয়োজন	[২.১.১] জাতীয় পর্যায়ে আয়োজিত মেলা	সংখ্যা	১	০১ প্রকৃত অর্জন ১০০%
	[২.২] আঞ্চলিক এসএমই মেলার আয়োজন	[২.২.১] জেলা/ বিভাগীয় পর্যায়ে আয়োজিত মেলা	সংখ্যা	১৮	২৩ প্রকৃত অর্জন ১২৮%
	[২.৩] ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ	[২.৩.১] অংশগ্রহণকারী এসএমই উদ্যোক্তা	সংখ্যা	২৩	২২ প্রকৃত অর্জন ৯৫%
	[২.৪] বিদেশে আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ ও উদ্যোগ	[২.৪.১] অংশগ্রহণকৃত বিদেশি মেলা	সংখ্যা	৫	৪ প্রকৃত অর্জন ৮০%
	[২.৫] অ্যাডভাইজরি সার্ভিস সেন্টার	[২.৫.১] পরামর্শ সেবা গ্রহণকারী উদ্যোক্তা	সংখ্যা	৫০০	৮৯৬ প্রকৃত অর্জন ১৭৯%
[৩] এসএমই খাতে প্রাতিষ্ঠানিক অর্থায়ন সহজীকরণ।	[৩.১] ঋণ প্রাপ্তি সহজীকরণ	[৩.১.১] ঋণ প্রাপ্ত উদ্যোক্তা	সংখ্যা	২১০	২৪০ প্রকৃত অর্জন ১১৪%
	[৩.২] ব্যাংকার-উদ্যোক্তা ম্যাচমেকিং প্রোগ্রাম/ফাইন্যান্সিং মেলা আয়োজন	[৩.২.১] অংশগ্রহণকারী উদ্যোক্তা	সংখ্যা	৩২৫	৩২৫ প্রকৃত অর্জন ১০০%
[৪] ক্লাস্টার ভিত্তিক এসএমই উন্নয়ন।	[৪.১] উন্নয়নমূলক কার্যক্রমে অন্তর্ভুক্ত ক্লাস্টার	[৪.১.১] ক্লাস্টার	সংখ্যা	১৪	১৪ প্রকৃত অর্জন ১০০%
[৫] নারী উদ্যোক্তাদের উন্নয়নের মূল ধারায় সম্পৃক্তকরণ।	[৫.১] নারী উদ্যোক্তাদের জন্য বিশেষায়িত ব্যবসায়িক প্রশিক্ষণ	[৫.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা	সংখ্যা	৮০	৮০ প্রকৃত অর্জন ১০০%
[৬] তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অভিযোজনে সহায়তাকরণ।	[৬.১] তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান	[৬.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা	সংখ্যা	৮৭৫	৮৪২ প্রকৃত অর্জন ৯৬%
[৭] প্রযুক্তি উন্নয়ন ও যথাযথ প্রযুক্তি অভিযোজনে সহায়তাকরণ।	[৭.১] বিভিন্ন ধরনের লাগসই প্রযুক্তির ওপর প্রশিক্ষণ প্রদান	[৭.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা	সংখ্যা	১২৫	৩৪৮ প্রকৃত অর্জন ২৭৮%
[৮] এসএমই খাতে মানব সম্পদ বিকাশ।	[৮.১] উদ্যোক্তাদেরকে বিভিন্ন ট্রেডে(ফ্যাশন ডিজাইন, লেদার ক্রাফট, হস্তশিল্প ইত্যাদি) দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান	[৮.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা	সংখ্যা	২৭০০	৩,৩৫১ প্রকৃত অর্জন ১২৪%
[৯] এসএমই উন্নয়নের লক্ষ্যে এসএমই খাতের সমস্যা ও	[৯.১] আন্তর্জাতিক এসএমই জার্নাল প্রকাশ	[৯.১.১] ভলিউম সংখ্যা	সংখ্যা	১	১ প্রকৃত অর্জন ১০০%

কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্রা / ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%	প্রতিবেদনাধীন অর্থবছরে প্রকৃত অর্জন
সম্ভাবনা চিহ্নিতকরণ।	[৯.২] গবেষণা কার্যক্রম পরিচালনা	[৯.২.১] গবেষণার সংখ্যা	সংখ্যা	৩	৩ প্রকৃত অর্জন ১০০%
[১০] এসএমই উন্নয়নে কাজ করার জন্য জাতীয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে সংযোগ সাধনে উৎসাহিতকরণ।	[১০.১] সমঝোতা স্মারক স্বাক্ষর, স্টাডি ভিজিট এবং ব্যবসায়িক সংযোগ স্থাপন	[১০.১.১] সমঝোতা স্মারক স্বাক্ষর এর সংখ্যা	সংখ্যা	২	২ প্রকৃত অর্জন ১০০%

৪. ইনোভেশন সংক্রান্ত তথ্য (২০১৪-২০১৫ অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত)

উদ্ভাবন ধারণা	উদ্ভাবনী ধারণার প্রয়োগ কৌশল	উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন
ফাউন্ডেশনের সেবা গ্রহীতার তথ্য সংরক্ষণে ডিজিটাল সিস্টেম তৈরি	ওয়েব বেজড্ সফটওয়্যার	ফাউন্ডেশনের সেবা গ্রহীতার তথ্য কার্যকরভাবে পর্যালোচনা করা।
ক্রেডিট হোলসেলিং ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি	ওয়েব বেজড্ সফটওয়্যার	ফাউন্ডেশন থেকে আর্থিক সুবিধাপ্রাপ্ত উদ্যোক্তার তথ্য কার্যকরভাবে পর্যালোচনা করা।
এসএমই ফাউন্ডেশনের KIOSK হালনাগাদকরণ	KIOSK সিস্টেম	উদ্যোক্তার তথ্য প্রাপ্তি সহজীকরণ করা।
উদ্যোক্তা উন্নয়নে প্যাকেজড সার্ভিস প্রচলন	সেবা ও উদ্যোক্তা সংখ্যা	উদ্যোক্তাদের একাধিক সেবাপ্রাপ্তির সুবিধা

৫. উল্লেখযোগ্য কার্যাবলী

- জাতীয় বাজেট এর ওপর ৪৬টি প্রস্তাবনা এনবিআরে প্রেরণ
- ১টি জাতীয় এসএমই মেলা ও ২৩টি আঞ্চলিক পণ্যমেলা আয়োজন
- ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলাসহ ৪টি বিদেশি মেলায় অংশগ্রহণ
- ক্রেডিট হোলসেলিং প্রোগ্রামের মাধ্যমে মোট ২৪০জন উদ্যোক্তাকে ঋণ প্রদান
- প্রায় ৪,৬২১ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান

৬. চ্যালেঞ্জসমূহ

- ক্রমহ্রাসমান আয় থেকে উত্তরণ ঘটিয়ে অধিক Endowment Fund এর সংকুলান করা, জেলা পর্যায়ে কার্যক্রম সম্প্রসারণসহ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অন্যতম চ্যালেঞ্জ।

৭. ভবিষ্যত কর্মপরিকল্পনা

- ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদেরকে এসএমই সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, সহজ শর্তে সিঙ্গেল ডিজিট সুদে ঋণ প্রদানের ব্যবস্থাকরণ, উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারে বাজার সংযোগ স্থাপন, উদ্যোক্তাদের জন্য বিভিন্ন সেমিনার আয়োজনের মাধ্যমে সচেতনতা সৃষ্টি, এসএমই বিষয়ে গবেষণা প্রণয়নসহ বহুমুখী কার্যক্রম পরিচালনার মাধ্যমে প্রায় ৮,২৮২ জন উদ্যোক্তাকে সুবিধা প্রদান করা। জাতীয় বাজেট এর অর্থ বরাদ্দ নিয়মিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরিত ডিপিপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

....

ষোড়শ অধ্যায়

২০১৮-২০১৯ অর্থবছরে আলোকচিত্রে শিল্প মন্ত্রণালয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেরেবাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১ম জাতীয় শিল্পমেলা-২০১৯ এর উদ্বোধন করেন (রোববার, ৩১ মার্চ ২০১৯)।-পিআইডি

১ম জাতীয় শিল্প মেলা ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা প্রদান করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেরেবাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১ম জাতীয় শিল্পমেলা-২০১৯ এর বিভিন্ন স্টল পরিদর্শন করেন (রোববার, ৩১ মার্চ ২০১৯)।-পিআইডি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেরেবাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১ম জাতীয় শিল্পমেলা-২০১৯ এর বিভিন্ন স্টল পরিদর্শন করেন (রোববার, ৩১ মার্চ ২০১৯)।-পিআইডি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেরেবাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১ম জাতীয় শিল্পমেলা-২০১৯ এর বিভিন্ন স্টল পরিদর্শন করেন (রোববার, ৩১ মার্চ ২০১৯)।-পিআইডি

জাতীয় শিল্প মেলার সমাপনী অনুষ্ঠানে পুরস্কার প্রাপ্তদের সাথে শিল্পমন্ত্রী ও প্রতিমন্ত্রী

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রথম জাতীয় শিল্প মেলা ২০১৯-এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন। শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এসময় উপস্থিত ছিলেন (শনিবার, ৬ এপ্রিল ২০১৯) ।-পিআইডি

শিল্প সচিব মোঃ আবদুল হালিম এর উপস্থিতিতে ব্রাক ব্যাংকের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর

শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মধ্যে ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

শিল্পসচিব মোঃ আবদুল হালিম ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘চতুর্থ শিল্প বিপ্লব ঃ বাংলাদেশের অর্থনীতির সম্ভাবনা’ বিষয় সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন (সোমবার, ১ এপ্রিল ২০১৯)।-পিআইডি

জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০১৯

গত ২৪/১০/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিসিআইসি এবং EPC কন্ট্রাক্টর M/S MHI, Japan and CC7, China Consortium এর মধ্যকার প্রকল্পের বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

গত ১০/০২/২০১৯ খ্রি. তারিখে প্রকল্প সাইট পরিদর্শনকালে উপস্থিত মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এবং মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার।

গত ১০/০২/২০১৯ খ্রি. তারিখে প্রকল্প সাইট পরিদর্শনকালে উপস্থিত মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ুনকে ক্রেষ্ট প্রদান করছেন প্রকল্প পরিচালক জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক।

মাননীয় শিল্প মন্ত্রী জনাব নুরূল মজিদ মাহমুদ হুমায়ুন, ঘোড়াশাল-পলাশ ইউরিয়া সার কারখানা এলাকা পরিদর্শনকালে এক আলোচনা সভা

শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থা সমূহের মধ্যে ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর অনুষ্ঠানে

দেশের বিভিন্ন এলাকায় কৃষক পর্যায়ে সার নিরবিচ্ছিন্নভাবে সরবরাহ করার লক্ষ্যে ১৩টি বাফার গোডাউন নির্মাণের জন্য বিসিআইসি’র সাথে সেনা কল্যাণ সংস্থার চুক্তি স্বাক্ষরিত হয়।

বিএসইসি

মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে রিয়াদ ক্যাবল গ্রুপের সাথে এমওইউ স্বাক্ষর করছেন শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম

মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সৌদি কোম্পানি ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন লিঃ সাথে চুক্তি স্বাক্ষর করছেন জিইএমকোর ব্যবস্থাপনা পরিচালক

মাননীয় শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম বিএসইসি'র শিল্প প্রতিষ্ঠান ন্যাশনাল টিউবস লি.-এর ওয়ানস্টপ সার্ভিস সেন্টার ভবন উদ্বোধন করছেন।

এটলাস বাংলাদেশ লি. এর 3S সার্ভিস সেন্টার

বিসিক

শিল্প মন্ত্রণালয় ও বিসিকের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর

জামদানি পণ্য প্রদর্শনী ও মেলা ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠান

বিটাক

নারী প্রশিক্ষণার্থীদের হাতেকলমে প্রশিক্ষণ

সেপা প্রকল্পের প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র ও নিয়োগ পত্র প্রদান

হরিজন্টাল মেশিনে যন্ত্রাংশ তৈরির কাজ

ফাউন্ড্রি সপে ঢালাই এর কাজ

মাননীয় শিল্প মন্ত্রী ও শিল্প প্রতিমন্ত্রীর বিটাক পরিদর্শন

সেপা প্রকল্পের প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ

পুরুষ প্রশিক্ষণার্থীদের হাতেকলমে প্রশিক্ষণ

নারী প্রশিক্ষণার্থীদের হাতেকলমে প্রশিক্ষণ

বিআইএম

দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের জন্য আয়োজিত প্রশিক্ষণ

দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের জন্য আয়োজিত প্রশিক্ষণ

ডিপিডিটি

জিআই নিবন্ধন সনদ প্রদান অনুষ্ঠানে শিল্পমন্ত্রী ও শিল্প প্রতিমন্ত্রী



চাঁপাইনবাবগঞ্জ আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার হাতে খিরসাপাত আমের অনুকূলে জিআই সনদ হস্তান্তর

এনপিও

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭ প্রদান অনুষ্ঠান

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭ প্রাপ্তদের সাথে গ্রুপ ছবি।

এনপিও এর পরিচালক জনাব এস.এম.আশরাফুজ্জামান এবং বাংলাদেশ এমপ্লয়ারস ফেডারেশন (বিইএফ) এর সভাপতি জনাব কামরান টি রহমান নিজ নিজ পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

জাতীয় উৎপাদনশীলতা দিবসের শোভাযাত্রার শুভ উদ্বোধন ঘোষণা করেন শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল হালিম

জাতীয় উৎপাদনশীলতা দিবসের শোভাযাত্রার সমাপনী বক্তব্য প্রদান করছেন শিল্প সচিব মহোদয়

জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষে প্রকাশিত স্যুভেনির মোড়ক উন্মোচন করছেন তৎকালীন কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

রেজিস্ট্রেশনের উদ্দেশ্যে বয়লার পরিদর্শনের ফটোগ্রাফ

সনদ নবায়নের উদ্দেশ্যে বয়লার পরিদর্শনের ফটোগ্রাফ

স্থানীয়ভাবে তৈরিকৃত বয়লার এর নির্মাণকালীন সময়ে পরিদর্শনের ফটোগ্রাফ

বিএবি

এ্যাক্রেডিটেশন সনদ প্রদান এবং মতবিনিময় অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, বিশেষ অতিথি মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি এবং সভাপতি শিল্পসচিব জনাব মোঃ আবদুল হালিম সহ উপস্থিত অতিথিবৃন্দ (৩১ জানুয়ারি ২০১৯ খ্রি.)

মাননীয় শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এর কাছ থেকে বিএবি'র এ্যাক্রেডিটেশন সনদ গ্রহণ করছেন বিএসটিআই এর মহাপরিচালক (৩১ জানুয়ারি ২০১৯ খ্রি.)

বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস ২০১৯ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভার প্রধান অতিথি মাননীয় শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এর কাছ থেকে বিএবি'র এ্যাক্রেডিটেশন সনদ গ্রহণ করছেন বহুজাতিক প্রতিষ্ঠান হোনস্টেইন ল্যাবরেটরিজ বাংলাদেশ লিঃ এর প্রতিনিধি মিস জনি ইয়াসমিন কান্তা (৯ জুন ২০১৯ খ্রি.)

বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস ২০১৯ উপলক্ষ্যে আয়োজিত র্যা লিতে অংশগ্রহণ করেন শিল্পসচিব জনাব মোঃ আবদুল হালিম ও বিএবির মহাপরিচালক জনাব মোঃ মনোয়ারুল ইসলাম (৯ জুন ২০১৯ খ্রি.)

এসএমই ফাউন্ডেশন

নরসিংদী আঞ্চলিক এসএমই পণ্যমেলা উদ্বোধন

আঞ্চলিক এসএমই পণ্যমেলা আয়োজনের রূপরেখা বিষয়ক কর্মশালা

টাঙ্গাইল আঞ্চলিক এসএমই পণ্য মেলার সমাপনী অনুষ্ঠান

জাতীয় এসএমই মেলায় সেমিনার

সার্বিক তত্ত্বাবধান

লুৎফুন নাহার বেগম, অতিরিক্ত সচিব

সম্পাদনা পরিষদ

১। ফৌজিয়া নাহার ইসলাম, অতিরিক্ত সচিব — আহবায়ক

২। মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব — সদস্য

৩। মোঃ আবুল খায়ের, উপসচিব — সদস্য

৪। ড. মোঃ জাহেদুল হাসান, উপসচিব — সদস্য

৫। মোঃ মোখলেছুর রহমান আকন্দ, উপসচিব — সদস্য

৬। দেলোয়ার হোসেন মাতুব্বর, উপসচিব — সদস্য

৭। ফেরদৌসী বেগম, উপসচিব — সদস্য সচিব